# ভারতীয় বাঙলা ভাষার অভিধান

## আদ্যক্ষর – উ-ঊ

| | | |
|---|---|---|
| উ | | বাংলা ভাষার পঞ্চম স্বরবর্ণ এবং উর্ধ্ব পশ্চাৎ সংবৃত কণ্ঠ্য 'উ' ধ্বনির দ্যোতক বর্ণ। উ ওষ্ঠ নির্গত ধ্বনি কণ্ঠ নির্গত নয়। |
| উই | বি. | পিঁপড়ের মতো কীটবিশেষ, বল্মীক। [দেশি]। |
| উইঢিপি, উইঢিবি | বি. | উইপোকা মাটি খুঁড়ে ঢিপির মতো যে বাসা তৈরি করে। |
| উইধরা, উইলাগা | বিণ. | উইয়ের দ্বারা আক্রান্ত। |
| উইল | বি. | ইচ্ছাপত্র, শেষ ইচ্ছাপত্র। [ইং. will]। |
| উঃ | অব্য. | বেদনা বিস্ময় বিরক্তি ইত্যাদিতে উচ্চারিত ধ্বনি। |
| উঁকি | বি. | আড়াল থেকে দেখা, অল্পক্ষণের জন্য বা লুকিয়ে দেখা। [দেশি-তু. সং. উদীক্ষণ]। |
| উঁকিঝুঁকি | বি. | আড়াল থেকে বারবার বা ক্রমাগত দেখা। |
| উঁচ-কপালে | বিণ. | উঁচু কপালবিশিষ্ট; সৌভাগ্যশালী। [বাং. উঁচু + কপাল + ইয়া > এ]। ⊙ স্ত্রী. উঁচ-কপালি (স্ত্রীলোকের পক্ষে উঁচু কপাল দুর্ভাগ্যসূচক বলে বিবেচিত হওয়ায়) অলক্ষণা। |
| উঁচা | বিণ. | উঁচু-র পুরানো ও বর্ত. আঞ্চ. রূপ। □ ক্রি. উঁচু করা। |
| উঁচানো | ক্রি. | বি. উঁচু করা; উন্নত বা উত্তোলিত করা (লাঠি উঁচানো)। |
| উঁচু | বিণ. | 1 উচ্চ; 2 উন্নত, উদার (উঁচু মন); 3 অভিজাত, খানদানি (উঁচু বংশ); 4 চড়া (উঁচু গলা)। [সং. উচ্চ]। |
| উঁচুনিচু | বিণ. | অসমান; কোথাও উঁচু কোথাও নিচু এমন (উঁচুনিচু রাস্তা)। |
| উঁহু | অব্য | অসম্মতিসূচক ধ্বনি। |
| উ-কার | বি. | ব্যঞ্জনবর্ণের সঙ্গে উ অক্ষর যোগ। |
| উকি | বি. | হিক্কা, হেঁচকি। [< সং. হিক্কা]। |
| উকিল | বি. | আদালতে বিচারের জন্য মক্কেলের হয়ে যে পেশাধারী ব্যক্তি মামলা লড়ে, ব্যবহারজীবী, আইনজীবী। [আ. ওঅকীল]। |
| উকিলি | বিণ. | উকিলসুলভ (উকিলি বুদ্ধি)। |
| উকুন | বি. | চুলের পোকা, উৎকুণ। [সং. উৎকুণ]। |
| উকো | | উখা[২] এর কথ্য রূপ। |
| উক্ত | বিণ. | বলা বা উল্লেখ করা হয়েছে এমন, কথিত, উল্লিখিত (উক্ত বিষয়, উক্ত স্থান)। [সং. √ বচ্ + ত]। |
| উক্তি | বি. | কথা; বচন; কথন; উল্লেখ। |

| | | |
|---|---|---|
| উখড়া | ক্রি. | উৎপাতিত করা, উপড়ানো। [< সং. উৎ + √ খন্, কিংবা উৎ + √ ঘট্]। |
| উখড়ানো | বি. | উৎপাটন, উন্মূলন। □ ক্রি. উপড়ে ফেলা। □ বিণ. উপড়ে ফেলা হয়েছে এমন। |
| উখা[১] | বি. | 1 পাকপাত্র, হাঁড়ি; 2 উনুন। [সং. √ উখ্ + অ + আ]। |
| উখা[২] | বি. | ধাতুদ্রব্যাদি ঘষে সমান করার জন্য ব্যবহৃত দাঁতওয়ালা যন্ত্রবিশেষ, রেতি, file, rasp. [দেশি]। |
| উগরা | ক্রি. | 1 বমি করা, উদিগরণ করা; 2 (আল.) মুখস্থ-করা কথা বা বিষয় না বুঝে আউড়ে যাওয়া (পড়া উগরে দিয়েছি); 3 নেওয়া বা পাওয়া জিনিষ বাধ্য হয়ে ফেরত দেওয়া (চোরাই মাল উগরে দিয়েছে)। [< সং. উৎ + √ গৃ]। |
| উগরানো | ক্রি. | উগরে দেওয়া; বমি করা। □ বি. উক্ত অর্থে। □ বিণ. উগরে দেওয়া হয়েছে এমন। |
| উগলা, উগলানো | | যথাক্রমে উগরা ও উগরানো -র রূপভেদ। |
| উগ্র | বিণ. | 1 প্রচণ্ড, ঘোর, তীব্র, চড়া (উগ্র তেজ, উগ্র গন্ধ); 2 কর্কশ, কোপন (উগ্র স্বভাব); 3 রূঢ়, নিষ্ঠুর। [সং. √ উচ্ + র]। ⊙ বি. উগ্রতা। |
| উগ্রকণ্ঠ, উগ্রস্বর | বিণ. | কর্কশ ও ক্রুদ্ধ কণ্ঠস্বরবিশিষ্ট। |
| উগ্রকর্মা (-র্মন্) | বিণ. | ভয়ানক বা হিংসাজনক কাজ করে এমন। |
| উগ্রক্ষত্রিয় | বি. | (মূলত বর্ধমান জেলার ও তৎসন্নিহিত রাঢ় অঞ্চলের) হিন্দু সম্প্রদায়বিশেষ, আগুরি। |
| উগ্রচণ্ড | বিণ. | অত্যন্ত কোপনস্বভাব; অত্যন্ত ক্রোধী; প্রচণ্ড চড়া মেজাজবিশিষ্ট। **উগ্র জাতীয়তাবাদ** – বি. নিজের দেশ ও জাতিই শ্রেষ্ঠ এবং অন্যের উপর তার কর্তৃত্ব স্থাপন করা উচিত এই অসহিষ্ণু ও যুক্তিহীন মতবাদ। |
| উগ্রপন্থী | বিণ. | দলীয় বা গোষ্ঠী স্বার্থে হিংসাত্মক বা নাশকতামূলক ক্রিয়াকলাপের সমর্থক। ⊙ বি. উগ্রপন্থা। |
| উগ্রপ্রকৃতি, উগ্রস্বভাব | বিণ. | ক্রোধী, ক্রোধপরায়ণ; চড়া মেজাজযুক্ত। |
| উগ্রবীর্য | বিণ. | তীব্র তেজঃপূর্ণ। |
| উগ্রমূর্তি | বিণ. | অতি ক্রুদ্ধ বা ভয়ংকর মূর্তিবিশিষ্ট। |
| উগ্রা | বিণ.স্ত্রী. | অতি কোপনস্বভাবা ও কলহপরায়ণা। □ বি. 1 প্রখরা নারী; 2 যোগিনীবিশেষ। |
| উঘারা | ক্রি. | উদঘাটন বা প্রকাশ করা ('আবেশে আপন ভাব কহয়ে উঘারি: চৈ. চ)। [< সং. উদঘাটন]। |
| উচক্কা | বিণ. | উঠতি, নব্য (উচক্কা বয়েস)। □ ক্রি-বিণ. উচক্কা হোঁচট খেল)। [হি. উচকা, |

| | | |
|---|---|---|
| | | উচকানা]। |
| উচল | বিণ. | উঁচু ('উচল বলিয়া অচলে চড়িনু': জ্ঞান.)। [বাং. উচ (উচ্চ) + ল]। |
| উচাটন | বি. | উৎকণ্ঠা; ব্যাকুলতা। □ বিণ. উৎকণ্ঠিত; ব্যাকুল; অধীর ('তোমা বিনে মন করে উচাটন': বৈ. প.)। [সং. উচ্চাটন]। |
| উচিত | বিণ. | 1 ন্যায্য, যুক্তিযুক্ত (উচিতকর্ম); 2 যোগ্য, উপযুক্ত। [সং. √ বচ্ + ইত]। ⊙ বি. ঔচিত্য। **উচিত কথা** – বি. ঠিক কথা; অস্বস্তিকর হলেও যেকথা ঠিক। **উচিত বক্তা** – বিণ. উচিত কথা বলে এমন। **উচিত শাস্তি** – বি. যথোচিত শাস্তি। |
| উচ্চ | বিণ. | 1 উন্নত ('রহিবে উচ্চ শির'); 2 উঁচু (উচ্চবৃক্ষ); 3 সম্ভ্রান্ত, অভিজাত (উচ্চবংশীয়); 4 জোরালো (উচ্চকণ্ঠ); 5 চড়া (উচ্চমূল্য, উচ্চহার); 6 ঊর্ধ্বতন (উচ্চ আদালত)। [সং. উৎ + √ চি + অ]। ⊙ বি.উচ্চতা। |
| উচ্চগ্রাম | বি. | উঁচু পর্দায় বাঁধা স্বর বা কণ্ঠ। |
| উচ্চনীচ | বিণ. | 1 উঁচুনিচু, উন্নত-অনুন্নত; 2 উত্তম ও অধম। |
| উচ্চবাচ্য | বি. | সাড়াশব্দ; বাদ-প্রতিবাদ; ভালমন্দ মন্তব্য। |
| উচ্চবিত্ত | বিণ. | অর্থশালী; আর্থিক সচ্ছলতাযুক্ত। |
| উচ্চবিদ্যালয় | বি. | যে বিদ্যালয়ে প্রবেশিকা বা মাধ্যমিক পরীক্ষা পর্যন্ত পড়ানো হয়। |
| উচ্চভাষী | বিণ. | কড়া কথা বলে এমন; চড়া গলায় কথা বলে এমন। |
| উচ্চকিত | বিণ. | 1 উদ্বিগ্ন, উৎকণ্ঠিত; 2 চঞ্চল; 3 চমকিত। [সং. উৎ + চকিত]। |
| উচ্চণ্ড | বিণ. | 1 প্রচণ্ড; 2 অতি কোপন; 3 ভয়ানক; 4 ক্ষিপ্রকারী, ক্ষিপ্রতাযুক্ত। [সং. উৎ + √ চণ্ড + অ]। |
| উচ্চতা | | দ্র উচ্চ। |
| উচ্চনীয়, উচ্চবাচ্য | | দ্র উচ্চ। |
| উচ্চয়, উচ্চায় | বি. | 1 চয়ন (পুষ্পোচ্চয়); 2 সংগ্রহ, রাশি, পুঞ্জ (সলিলোচ্চয়)। [সং. উৎ + √ চি + অ]। |
| উচ্চরোল | বি. | 1 জোর কণ্ঠ; 2 চড়া আওয়াজ। [সং. উচ্চ + রোল]। |
| উচ্চশিক্ষা | বি. | সাধারণ ভাবে মহাবিদ্যালয় ও তার উপরের স্তরের প্রতিষ্ঠানিক শিক্ষা; বিদ্যালয় ও কলেজীয় শিক্ষার শেষে পরবর্তী পর্যায়ে আরও উঁচু স্তরের শিক্ষা, higher education. [সং. উচ্চ + শিক্ষা]। |
| উচ্চাকাঙ্ক্ষা | বি. | উঁচু আশা, অনেক ভাল কিছু করার বা হবার আশা; জীবনে প্রচুর উন্নতি করার আশা বা ইচ্ছা। [সং. উচ্চ + আকাঙ্ক্ষা]। |

| | | |
|---|---|---|
| উচ্চাঙ্গ | বি. | 1 শরীরের ঊর্ধ্ব বা উপরের অংশ; 2 উন্নত দেহ; 3 উঁচু, ভাল বা গম্ভীর বিষয়। □ বিণ, উঁচু বা উন্নত (উচ্চাঙ্গসংগীত)। [সং. উচ্চ + অঙ্গ]। |
| উচ্চাটন | বি. | 1 উৎপাটন, উৎপাটিত করা বা তুলে ফেলা, উচ্ছেদ করা; 2 অপসারণ; 3 উৎপীড়ন; 4 ব্যাকুলতা, উদ্বেগ; 5 শত্রুর ক্ষতিসাধনের জন্য অনুষ্ঠিত অভিচারকর্মবিশেষ (মারণ উচ্চাটন)। [সং. উৎ + √ চট্ + ণিচ্ + অন]। |
| উচ্চাবচ | বিণ. | উঁচুনিচু, বন্ধুর; অসমান। [সং. উদচ্ + অবাচ্]। |
| উচ্চাভিলাষ | বি. | উচ্চাকাঙ্ক্ষা, বড় বা ভাল কিছুর আশা। [সং. উচ্চ + অভিলাষ]। |
| উচ্চায় | | দ্র উচ্চয়। |
| উচ্চার | বি. | 1 বিষ্ঠা, মল; 2 উচ্চারণ। [সং. উৎ + √ চর্ + অ]। |
| উচ্চারণ | বি. | 1 কথন, বলা; 2 মুখ দিয়ে শব্দ করা; 3 বাচনভঙ্গি। [সং. উৎ + √ চারি + অন]। |
| উচ্চারণবিভ্রাট | বি. | বিকৃত বা ভুল উচ্চারণ, উচ্চারণের ভুল। |
| উচ্চারণস্থান | বি. | মুখমণ্ডলের যে অংশ দ্বারা ধ্বনি উচ্চারণ করা হয়, place of articulation. |
| উচ্চারণীয়, উচ্চার্য | বিণ. | বলার বা উচ্চারণ করার যোগ্য (সেকথা উচ্চার্য নয়); উচ্চারণ করতে হবে এমন। |
| উচ্চারা | ক্রি. | উচ্চারণ করা ('উচ্চারিবে সবে')। |
| উচ্চারিত | বিণ. | বলা বা উচ্চারণ করা হয়েছে এমন। |
| উচ্চার্যমাণ | বিণ. | উচ্চারণ করা হচ্ছে এমন। |
| উচ্চাশয় | বিণ. | উদার; মহান, মহানুভব। [সং. উচ্চ + আশয়]। |
| উচ্চৈঃ (-চ্চৈস্) | অব্য. | 1 উঁচু, উন্নত (উচ্চৈঃস্বর); 2 প্রচুর; 3 অধিক। [সং. উৎ + √ চি + ঐস্]। |
| উচ্চৈঃস্বর | বি. | উচ্চরব, চিৎকার। |
| উচ্চৈঃশ্রবা | বি. | (পুরাণে) সমুদ্রমন্থনে উত্থিত যে অশ্ব ইন্দ্রের বাহনরূপে পরিচিত। [সং. উচ্চৈঃ + শ্রবস্]। |
| উচ্ছন্ন | বি. | উৎসন্ন -র কথ্যরূপ (ছেলেটা উচ্ছন্নে গেছে)। |
| উচ্ছব | | উৎসব এর বিকৃত কথ্যরূপ। |
| উচ্ছল | বিণ. | 1 দোলায়িত; 2 প্রাণবন্ত, হাসিখুশি (উচ্ছল স্বভাবের মেয়ে, প্রাণোচ্ছল); 3 চারদিকে ছড়িয়ে পড়েছে এমন, উথলে উঠেছে এমন ('উচ্ছল নদীজল'); 4 ফুলে উঠেছে এমন, স্ফীত (ফেনোচ্ছল)। [সং. উৎ + √ শল্ + অ]। |
| উচ্ছলতা | বি. | দোলায়িত ভাব; প্রাণবন্ত ভাব; উচ্ছ্বাস; উথলে ওঠার অবস্থা বা ভাব। |

| | | |
|---|---|---|
| উচ্ছলিত | বিণ. | দোলিত; উচ্ছ্বসিত; ফুলে বা উথলে উঠেছে এমন; স্ফীত। |
| উচ্ছিত্তি | বি. | উচ্ছেদ; বিনাশ; উৎসাদন; নির্মূল হওয়া। [সং. উৎ + √ ছিদ্ + তি]। |
| উচ্ছিদ্যমান | বিণ. | যার বিনাশ ঘটছে; যার উচ্ছেদ হচ্ছে (উচ্ছিদ্যমান অরণ্য)। [সং. উৎ + √ ছিদ্ + মান (শানচ্)]। |
| উচ্ছিন্ন | বিণ. | উচ্ছেদ হয়েছে এমন, উৎপাটিত; উন্মূলিত; বিনাশপ্রাপ্ত, বিনষ্ট। [সং. উৎ + √ ছিদ্ + ত]। |
| উচ্ছিষ্ট | বি.বিণ. | 1 ভুক্তাবশেষ, এঁটো, খাওয়ার পর পাতে যা অবশিষ্ট থাকে; 2 (মূলত ভাত) খাওয়ার পর মুখ ধোয়া হয়নি এমন (উচ্ছিষ্ট মুখ)। [সং. উৎ + √ শিষ্ + ত]। |
| উচ্ছিষ্টভোজী (-জিন্) | বিণ. | অন্যের ভুক্তাবশেষ খায় এমন; পরমুখাপেক্ষী। |
| উচ্ছিষ্টান্ন | বি. | ভাত বা রাঁধা অন্য খাদ্যের ভুক্তাবশেষ; কেউ খেয়ে চলে যাবার পর পাতে যে খাবার পড়ে থাকে। |
| উচ্ছৃঙ্খল | বিণ. | শৃঙ্খলা বা নিয়মের শাসন নেই এমন; যথেচ্ছাচারী; অনিয়ন্ত্রিত; নিয়ম বা বিধি মানে না এমন। [সং. উৎ + শৃঙ্খলা]। ⊙ বি. উচ্ছৃঙ্খলতা। |
| উচ্ছে | বি. | রেঁধে খাওয়ার উপযুক্ত তেতো তরকারী বা সবজিফলবিশেষ। [দেশি]। |
| উচ্ছেত্তা (-তৃ) | বি.বিণ. | উচ্ছেদক, যে উচ্ছেদ করে। [সং. উৎ +√ ছিদ্ + তৃ]। |
| উচ্ছেদ | বি. | বিনাশ; উৎপাটন (অরণ্যের উচ্ছেদ); আশ্রয়চ্যুত বা স্থানচ্যুত করা (ভাড়াটে উচ্ছেদ)। [সং. উৎ + √ ছিদ্ + অ]। |
| উচ্ছেদক | বি.বিণ. | যে উচ্ছেদ করে। |
| উচ্ছেদনীয়, উচ্ছেদউচ্ছেদ্য | বিণ. | উচ্ছেদ করবার যোগ্য। |
| উচ্ছোষণ | বিণ. | 1 যা বা যে শুষে নেয়, শোষক; 2 যে সন্তাপ সৃষ্টি করে। □ বি. 1 শুষ্ক করা; 2 সন্তাপ সৃষ্টি, সন্তাপন। [সং. উৎ + √ শুষ্ + অন]। |
| উচ্ছোষিত | বিণ. | শোষিত, শুষে নিয়েছে এমন; সন্তাপিত। |
| উচ্ছ্বসন | বি. | 1 উস; 2 স্ফীতি; 3 ভাবের স্ফুরণ; 4 শ্বাসপ্রশ্বাস ক্রিয়া। [সং. উৎ + শ্বসন]। |
| উচ্ছ্বসা | ক্রি. | উচ্ছ্বসিত হওয়া। উচ্ছ্বসিত বিণ. 1 স্ফীত; 2 ভাবাবেগে আকুল (উচ্ছ্বসিত প্রশংসা); 3 উৎফুল্ল। |
| উচ্ছ্বাস | বি. | 1 স্ফীতি (জলোচ্ছ্বাস); 2 উল্লাস; 3 প্রবল ভাবাবেগ (প্রাণের উচ্ছ্বাস); 4 স্ফুরণ, বিকাশ; 5 নিশ্বাস। [সং. উৎ + √ শ্বস্ + অ]। |
| উচ্ছ্বাসিত | বিণ. | 1 উচ্ছ্বসিত হয়ে উঠেছে এমন; 2 উন্মেষিত; 3 বিকশিত। [সং. উৎ + √ শ্বস্ |

| | | |
|---|---|---|
| | | + ণিচ্ + অ]। |
| উচ্ছ্রয়, উচ্ছ্রায় | বি. | 1 উচ্চতা; 2 উন্নতি। [সং. উৎ + √ শ্রি + অ]। |
| উচ্ছ্রায়ী (-য়িন্) | বিণ. | ঊর্ধ্বগামী, উন্নতিশীল। |
| উচ্ছ্রিত | বিণ. | উন্নত; স্ফীত; বৃদ্ধিপ্রাপ্ত। |
| উচ্ছ্রিয়া | অস-ক্রি. | স্ফীত বা বৃদ্ধিপ্রাপ্ত হইয়া ('উচ্ছ্রিয়া উঠিবে বিশ্ব পুঞ্জ পুঞ্জ বস্তুর পর্বতে: রবীন্দ্র)। |
| উছল | বিণ. | উচ্ছল এর কাব্যিক রূপ; উথলে উঠেছে এমন, উচ্ছ্বসিত, উদ্বেল ('উছল হৃদয়, উছল নদী)। [< সং. উচ্ছল]। |
| উছলন, উছলানো | বি. | উথলানো, উথলে ওঠা। □ ক্রি. উথলে উঠা। □ বিণ. উথলিত; উচ্ছ্বসিত। |
| উছলা | ক্রি. | উথলে ওঠা; উদ্বেল হওয়া ('উছলি উঠেছে রস')। |
| উজবুক, (অপ্র.)উজবক | বিণ. | মূর্খ; আহাম্মক (উজবুকের মতো আবরণ)। [তুর. উজবেগ]। |
| উজল | | উজ্জ্বল এর কোমল রূপ ('নয়ন উজল')। |
| উজলা | ক্রি. | (কাব্যে) উজ্জ্বল হওয়া। |
| উজাগর | বিণ. | বিনিদ্র, নির্ঘুম। [< সং. উজ্জাগর]। জাগ্রত |
| উজাড় | বিণ. | 1 শূন্য, খালি, নিঃশেষ (পাত্র উজাড় করেছে); 2 জনহীন (কলেরায় গ্রাম উজাড় হয়ে গেছে)। [< সং. উৎ + জড় হি. উজাড়]। |
| উজান | বি. | স্রোতের বিপরীত দিক (উজান স্রোতে গুণ টানা); জোয়ার। [< সং. উদযান?] |
| উজানভাটি, উজান-ভাটা | বি. | জোয়ারভাটা। |
| উজানি | বি. | 1 উজানস্রোত, জোয়ার; 2 উঁচুভূমি; 3 দুপুরবেলা। **উজানি-ভাটানি** – বি. অনুকূল ও প্রতিকূল স্রোত। |
| উজানো | ক্রি. | স্রোতের উলটো দিকে যাওয়া; বিপরীত দিকে যাওয়া (এখন আবার উজিয়ে অতটা পথ যেতে হবে?)। □ বি. বিপরীত দিকে গমন। □ বিণ. বিপরীত দিকে যাচ্ছে বা গেছে এমন। |
| উজির | বি. | (মূলত পূর্বতন মুস. শাসকের) মন্ত্রী, অমাত্য (রাজাউজির)। |
| উজিরি, উজিরালি | বি. | মন্ত্রিত্ব। |
| উজু | বি. | মুসলমানদের শাস্ত্রীয় আচমন বা জল দিয়ে হাত-পা-মুখ ইত্যাদি ধোয়া। [আ. ওঅজু]। |
| উজ্জীবন | বি. | 1 নবজীবনসঞ্চার; 2 মৃতের বা মৃতপ্রায়ের চেতনাসঞ্চার; 3 যা লুপ্তপ্রায় ছিল তার পুনরায় জেগে ওঠা বা প্রবল হওয়া (প্রাচীন সভ্যতার উজ্জীবন)। |

| | | |
|---|---|---|
| | | [সং. উৎ + √ জীব্ + অন]। |
| উজ্জীবিত | বিণ. | নবজীবনপ্রাপ্ত; নতুনভাবে চেতনাপ্রাপ্ত; উদ্দীপিত, সঞ্জীবিত। |
| উজ্জ্বল | বিণ. | আলোকিত; দীপ্তিমান (আনন্দে উজ্জ্বল মুখ); উদ্ভাসিত; ঝলমলে (আলোকোজ্জ্বল); শোভমান। [সং. উৎ + √ জ্বল্ + অ]। ⊙ বি. উজ্জ্বলতা, ঔজ্জ্বল্য। **উজ্জ্বল রস** – (বৈ. সা.) মধুর রস বা শৃঙ্গার রস। |
| উজ্জ্বলিত | বিণ. | আলোকিত; উদ্ভাসিত; দীপ্ত। |
| উঞ্ছ | বি. | 1 কোনো জায়গায় পড়ে-থাকা বা পরিত্যক্ত শস্যকণা খুঁটে খুঁটে সংগ্রহ; 2 হীন জীবিকা। [সং. √ উন্ছ্ + অ]। |
| উঞ্ছজীবী (-বিন্) | বিণ. | অতি নগণ্য বা হীন কাজ করে জীবিকানির্বাহকারী। |
| উঞ্ছবৃত্তি | বি. | হীন কর্মের দ্বারা জীবিকানির্বাহ। |
| উট | বি. | লম্বা উঁচু গলা এবং পিঠে একটি বা দুটি কুঁজবিশিষ্ট (মূলত মরু অঞ্চলের) ভারবাহী, পশুবিশেষ। [< সং. উষ্ট্র]। |
| উটপাখি | বি. | উটের মতো লম্বা গলাওয়ালা এবং উড়তে অক্ষম কিন্তু অতি দ্রুতগামী পাখিবিশেষ, ostrich. |
| উটকনো, উটকানো | বি. | জিনিসপত্র উলটেপালটে খোঁজা। □ বিণ. খুঁজতে গিয়ে জিনিসপত্র এলোমেলো হয়ে গেছে এমন। [বাং. √ উটকা]। |
| উটকো | বিণ. | 1 অপরিচিত (একটা উটকো লোকের সঙ্গে চলে গেল?); 2 বিশ্বাসের অযোগ্য (উটকো খবর); 3 অল্পকালস্থায়ী (উটকো ভাড়াটে); 4 বাজে; 5 অতি চঞ্চলচিত্ত; 6 যে স্ত্রী স্বামীর ঘর ছেড়ে কেবলই পালাতে চায় এমন। [দেশি]। |
| উটজ | বি. | 1 পর্ণকুটির; 2 কুঁড়েঘর (উটজপ্রাঙ্গণ)। [সং. উট (তৃণ) + √ জন্ + অ]। |
| উটপাখি | | দ্র উট। |
| উঠ-কিস্তি, উঠ-কিশ্তি | বি. | দাবাখেলায় বোড়ে সরাতে গেলেই যে কিস্তি পড়ে। [বাং. উঠা + ফা. কিশতি]। |
| উঠতি | বিণ. | 1 বাড়ছে এমন, বয়ঃপ্রাপ্ত হচ্ছে এমন (উঠতি বয়েসের ছেলে); 2 বৃদ্ধিশীল, চড়তি (উঠতি বাজার); 3 উন্নতিশীল (উঠতি অবস্থা)। □ বি. উন্নতি; উত্থান; চড়তি (উঠতির সময়)। [বাং. √ উঠ্ (< সং. উৎ + √ স্থা)]। **উঠতি-পড়তি** – বি. ওঠা-নামা; উন্নতি ও অবনতি; হ্রাস-বৃদ্ধি। **উঠতির মুখ** – বি. উন্নতির আরম্ভ। |
| উঠন | | উঠান এর কথ্য রূপ। |
| উঠন্ত | বিণ. | উঠছে এমন; উদীয়মান। [বাং. √ উঠ্ + অন্ত]। |

| | | |
|---|---|---|
| উঠ-বন্দি | বি. | চাষ-আবাদের জন্য চাষিদের সঙ্গে মেয়াদি বন্দোবস্তবিশেষ। [বাং. উঠ + ফা. বন্দি]। (এটি মালিকের খামারে ভাগচাষী ফসল তুলে ঝাড়া হলে ভাগ করার ব্যবস্থা) |
| উঠা, ওঠা | ক্রি. | 1 উত্থিত হওয়া (জলের ভিতর থেকে ডাঙ্গা উঠছে); 2 আসন ছেড়ে উঠে দাঁড়ানো (অনেক রাত হল, এখন সবাই ওঠো); 3 শয্যা ত্যাগ করা (সকালে কটায় ওঠো?); 4 গজানো (দাঁত উঠছে না); 5 উদিত হওয়া, প্রকাশ পাওয়া (চাঁদ উঠেছে); 6 চড়া, আরোহণ করা (গাছে ওঠা, কাঁধে ওঠা); 7 স্খলিত হওয়া (চুল ওঠা); 8 উঁচু ধাপে বা ক্লাসে উন্নীত হওয়া (ক্লাস ফাইভে উঠেছে); 9 সংগৃহীত হওয়া (অনেক চাঁদা উঠেছে); 1 গোচরে আসা (কথাটা কর্তার কানে উঠেছে); 11 আমদানি হওয়া, দোকানে-বাজারে আসা (বাজারে আম উঠেছে); 12 উন্নীত হওয়া (জাতে ওঠা); 13 মুছে যাওয়া (কালির দাগটা উঠছে না); 14 প্রচারিত হওয়া (চারদিকে একটা রব উঠছে); 15 উল্লিখিত বা তালিকাভুক্ত হওয়া (তার নামটা লিস্টে উঠেছে); 16 পরিবর্তন, বিকৃতি ইত্যাদি দেখা দেওয়া (পেকে ওঠা, পচে উঠছে, কেঁপে উঠছে)। [বাং. উঠ্ (< সং. উৎ + √ স্থা)]। **উঠা-উঠি, (কথ্য) ওঠা-উঠি** – বি. পরস্পর ওঠা; ক্রমাগত বা বারবার ওঠা। **উঠিয়ে দেওয়া** – ক্রি. বি. উঠানো; তুলে দেওয়া বা উচ্ছেদ করা (ভাড়াটেকে উঠিয়ে দেওয়া)। **উঠেপড়ে লাগা** – ক্রি. বি. দৃঢ়সংকল্পে কাজে লাগা। **উঠে যাওয়া** – 1 স্থানত্যাগ করা; 2 লুপ্ত হওয়া (রং উঠে গেছে, দোকান উঠে গেছে); 3 রহিত হওয়া (পণপ্রথা উঠে যাচ্ছে)। |
| উঠানো, ওঠানো | ক্রি. বি. | উত্থিত বা উত্তেলিত করা; খাড়া করা; উপরে তুলে দেওয়া; অপসারিত করা বা উচ্ছেদ করা। |
| উঠান, (কথ্য) উঠোন | বি. | বাড়ির বা ঘরের সামনের খোলা জায়গা, প্রাঙ্গণ, আঙিনা। [তু. হি. উঠ আঁগন -তু. প্রা. বাং. উঠাঅণ। < প্রাকৃ. উট্ঠাণ]। |
| উঠিত | বিণ. | জঙ্গল সাফ করে চাষের উপযুক্ত করা হয়েছে এমন, আবাদি (উঠিত জমি)। [বাং. √ উঠ্ + ইত]। |
| উড্ডয়ন | বি. | ওড়া; শূন্যে বিচরণ। [সং. উৎ + √ ডী + অন]। |
| উড্ডয়নশীল | বিণ. | উড়ছে এমন, উড়ন্ত। |
| উড্ডীয়, উড্ডীয়মান | বিণ. | উড়ন্ত, উড়ছে এমন, উড্ডয়নশীল (পতাকা উড্ডীন)। [সং. উৎ + √ ডী + ত, মান (শানচ্)]। |
| উড়কি | বি. | উড়িধান ('উড়কি ধানের মুড়কি)। [দেশি]। |
| উড়তি | বিণ. | 1 উড়ন্ত, উড়ছে এমন (উড়তি পাখি); 2 অস্থির; 3 লোকের মুখে মুখে প্রচারিত (উড়তি খবর)। [বাং. √ উড় + তি]। |

| | | |
|---|---|---|
| উড়ন-চণ্ডী | বিণ. | (স্ত্রী.) অপব্যয়ী; অমিতব্যয়ী। [দেশি]। পুং. উড়ন-চণ্ডে। |
| উড়ন-পেকে | বিণ. | উড়নচণ্ডে -র অনুরূপ। |
| উড়ন্ত | বিণ. | উড়ছে এমন, উড্ডয়নশীল (উড়ন্ত পাখি)। [বাং. উড্ + অন্ত]। **উড়ন্ত চাকি** – আকাশে উড়ন্ত অবস্থায় পরিদৃশ্যমান গোলাকার চাকি যার অস্তিত্বের নিশ্চিত প্রমাণ পাওয়া যায়নি, flying saucer, UFO. |
| উড়শ | বি. | (অপ্র.) ছারপোকা। [< সং. উদ্দংশ]। |
| উড়া, ওড়া | ক্রি. | 1 শূন্যে বিচরণ করা; 2 (আল.) অতি দ্রুত ছুটে যাওয়া; 3 লোকের মুখে মুখে প্রচারিত হওয়া (খবর উড়ছে)। □ বি. ওড়া, আকাশে বিচরণ। ⊙ বিণ. উড়ন্ত, উড়ো (ওড়া খই)। [বাং. √ উড় (< সং. উৎ + √ ডী) + আ]। |
| উড়া, ওড়ানো | ক্রি. | বি. 1 উড্ডীন করা, শূন্যে ভাসানো; অপব্যয় করা (টাকা ওড়ানো)। **উড়িয়ে দেওয়া** – ক্রি. বি. 1 বন্ধনমুক্ত করা (পাখিটাকে উড়িয়ে দিল); 2 একেবারে নস্যাৎ করা বা পর্যুদস্ত করা (কালকের খেলায় আমরা ওদের উড়িয়ে দেব); 3 অগ্রাহ্য বা উপেক্ষা করা (কথাটা উড়িয়ে দেওয়া যাবে না)। **উড়ে যাওয়া** – ক্রি. বি. 1 বন্ধনমুক্ত হওয়া; 2 অদৃশ্য হওয়া (ঘাড়িটা উড়ে গেল নাকি?); 3 মারা যাবার উপক্রম হওয়া (ভয়ে প্রাণ উড়ে গেল); 4 হাওয়ায় ভেসে দূরে চলে যাওয়া (বাতাসে মেঘ উড়ে গেল)। **উড়ে এসে জুড়ে বসা** – অপ্রত্যাশিতভাবে বাইরে থেকে এসে কায়েম হয়ে বসা। |
| উড়ান | বি. | উড়ে যাওয়া, উড্ডয়ন, flight (খারাপ আবহাওয়ার জন্যে বিমানের উড়ান বাতিল করা হয়েছে)। [বাং. √ উড্ + আন]। |
| উড়ানি, (কথ্য) | উড়ুনি | বি. 1 উত্তরীয়, চাদর; 2 (সচ.) মেয়েদের সালোয়ার-কামিজের সঙ্গে পরিধেয় হালকা চাদরবিশেষ। [হি. ওঢ়নি]। |
| উড়াল | বিণ. | মাথার উপরে শূন্যে নির্মিত (উড়ালপুল)। [বাং. √ উড় + আল]। |
| উড়ালপুল, উড়ালসেতু | বি. | পথের এক প্রান্তের সঙ্গে অপর প্রান্তের সংযোগকারী শূন্যে নির্মিত সেতু, fly-over. |
| উড়ি-ধান | বি. | বিলে বা জলায় উড়ে-পড়া বীজ থেকে আপনিই জন্মায় আবার অল্প বাতাসে আপনিই ঝরে যায় এমন ধানবিশেষ, নীবার। [বাং. আঞ্চ. উড়েধান-তু. সং. ওড়িকা]। |
| উড়ু-উড়ু | বিণ. | 1 উড়তে উদ্যত (পাখিটা উড়ুউড়ু করছে); 2 পালাই-পালাই ভাবযুক্ত; 3 চঞ্চল (মন উড়ুউড়ু)। [বাং. উড়া]। |
| উড়ুক্কু | বিণ. | উড়তে পারে বা ওড়ে এমন (উড়ুক্কু মাছ)। [হি. উড়াংকু]। |
| উড়ুপ | বি. | (অপ্র.) 1 ভেলা, ডোঙা; 2 চাঁদ। [সং. উড়ু + √ পা + অ]। |
| উড়ো | বিণ. | 1 উড়তে পারে এমন (উড়োজাহাজ); 2 ভিত্তিহীন (উড়ো খবর); 3 ওড়ে |

| | | |
|---|---|---|
| | | এমন (উড়ো খই); 4 অনিশ্চিত, সহসা আগত ও বেনামি (উড়ো চিঠি)। [বাং. √ উড় + ও]। **উড়ো খই গোবিন্দায় নমঃ** – যা নিজের কোন কাজে লাগবে না, বাধ্য হয়ে তা কোন সৎ কাজে নিয়োগ করা। |
| উড়োজাহাজ | বি. | বিমান, এরোপ্লেন। |
| উৎক | বিণ. | ব্যাকুল, উদ্বিগ্ন। [সং. উৎ + ক]। |
| উৎকট | বিণ. | 1 তীব্র, উদগ্র, প্রবল (উৎকট সাধনা); 2 ভয়ানক, উগ্র, অস্বাভাবিক (উৎকট রোগ)। [সং. উৎ + কট]। |
| উৎকণ্ঠ | বিণ. | ব্যাকুল, উদ্গ্রীব। [সং. উৎ + কণ্ঠ]। |
| উৎকণ্ঠা | বি. | উদ্বেগ, ব্যাকুলতা, চিন্তা-ভাবনা। [সং. উৎ + √ কণ্ঠ্ + অ + আ]। |
| উৎকণ্ঠিত | বিণ. | উদ্বিগ্ন, ব্যাকুল। ⊙ স্ত্রী. উৎকণ্ঠিতা। |
| উৎকর্ণ | বিণ. | শোনার জন্য ব্যাকুল; শোনার জন্য কান খাড়া করে আছে এমন। [সং. উৎ + কর্ণ]। |
| উৎকর্ষ | বি. | 1 উৎকৃষ্টতা, ভালত্ব (রুচির উৎকর্ষ); 2 শ্রেষ্ঠতা; 3 উন্নতি, বৃদ্ধি। [সং. উৎ + √ কৃষ্ + অ]। বিণ. উৎকৃষ্ট। |
| উৎকল | বি. | ওড়িশার প্রাচীন নাম; উত্তর কলিঙ্গ। [উৎক + √ লা + অ]। |
| উৎকলিকা | বি. | 1 তরঙ্গ; 2 ফুলের কুঁড়ি; 3 উৎকণ্ঠা, উদ্বেগ। [সং. উৎ + √ কল্ + অক + আ]। |
| উৎকলিত | বিণ. | 1 উদ্বিগ্ন; 2 তরঙ্গিত; 3 গৃহীত, উদ্ধৃত (পঙ্ক্তিটি কোন কবিতা থেকে উৎকলিত?)। [সং. উৎ + √ কল্ + ত]। |
| উৎকিরণ | বি. | খোদাই, খোদাই করা। [সং. উৎ + √ কৃ + অন]। |
| উৎকীর্ণ | বিণ. | 1 খোদাই করা হয়েছে এমন; 2 চিত্রিত; 3 বিদ্ধ। [সং. উৎ + √ কৃ + ত]। |
| উৎকীর্তন | বি. | 1 ঘোষণা; 2 প্রচার; 3 অতি প্রশংসা। [সং. উৎ + কীর্তন]। উৎকীর্তিত বিণ. ঘোষণা বা প্রচার বা উচ্চ প্রশংসা করা হয়েছে এমন। |
| উৎকুণ | বি. | চুলের পোকা, উকুণ। [সং. উৎ + √ কুণ্ + অ]। |
| উৎকূলিত | বিণ. | তীরে বা কূলে নিক্ষিপ্ত; তীরে বা কূলে উত্তেলিত। [সং. উৎ + √ কূল্ + ণিচ্ + ত]। |
| উৎকৃত্ত | বিণ. | টুকরো টুকরো করে কাটা হয়েছে এমন; কর্তিত। [সং. উৎ + √ কৃৎ + ত]। |
| উৎকৃষ্ট | বিণ. | 1 উত্তম, প্রকৃষ্ট; 2 শ্রেষ্ঠ। [সং. উৎ + √ কৃষ্ + ত]। ⊙ বি. উৎকৃষ্টতা, উৎকর্ষ। |
| উৎকেন্দ্রতা | বি. | (গণি.) পরাবৃত্ত বা অধিবৃত্তের নাভি থেকে তার পরিসীমার দূরত্ব, eccentricity (বি. প.)। [সং. উৎ + কেন্দ্র + তা]। |

| | | |
|---|---|---|
| উৎকোচ | বি. | ঘুষ। [সং. উৎ + √ কুচ্ + অ]। |
| উৎকোচক | বি.,বিণ. | ঘুষ যে দেয়। |
| উৎকোচগ্রাহী (-হিন্) | বিণ.,বি. | উৎকোচ যে নেয়। |
| উৎক্রম | বি. | 1 স্বাভাবিক ক্রমের বিপরীত গতি; 2 বিপরীত ক্রম; 3 ক্রমভঙ্গ, ব্যতিক্রম; 4 লঙ্ঘন; 5 মৃত্যু। [সং. উৎ + √ ক্রম্ + অ]। |
| উৎক্রমণ | বি. | 1 ক্রমের বিপরীত দিকে যাওয়া; 2 ক্রমবিপর্যয়, ক্রমভঙ্গ; 3 মৃত্যু; 4 (ব্যাক.) বাক্যে শব্দবিন্যাসে বিপর্যয়; 5 বাইরে বেরিয়ে যাওয়া, নির্গমন। |
| উৎক্রান্ত | বিণ. | 1 উল্লঙ্ঘিত; 2 বাইরে বেরিয়ে গেছে এমন; 3 মৃত। [সং. উৎ + √ ক্রম্ + ত]। |
| উৎক্রান্তি | বি. | উল্লঙ্ঘন; নির্গমন; মৃত্যু; ক্রমোন্নতি। |
| উৎক্রোশ | বি. | 1 ইগলজাতীয় বড় শিকারিপাখি; 2 কুরর বা কুরল পাখি; 3 চিৎকার। [সং. উৎ + √ ক্রুশ্ + অ]। |
| উৎক্ষিপ্ত | বিণ. | 1 উপরের দিকে ছুড়ে ফেলা হয়েছে এমন (ঊর্ধ্বে উৎক্ষিপ্ত জলরাশি); 2 উৎপাটিত। [সং. উৎ + √ ক্ষিপ্ + ত]। ⊙ বি. উৎক্ষেপ, উৎক্ষেপণ। |
| উৎক্ষেপ, উৎক্ষেপণ | বি. | ঊর্ধ্বে নিক্ষেপ (কৃত্রিম উপগ্রহ উৎক্ষেপণ)। [সং. উৎ + √ ক্ষিপ্ + অ, অন]। |
| উৎক্ষেপক | বি.,বিণ. | উপরের দিকে নিক্ষেপকারী। |
| উৎখনন | বি. | খনন, খোঁড়া। [সং. উৎ + খনন]। |
| উৎখনিত | বিণ. | খোঁড়া হয়েছে এমন। |
| উৎখাত | বিণ. | 1 খুঁড়ে তুলে ফেলা হয়েছে এমন; 2 সমূলে উৎপাটিত; 3 বিনষ্ট; 4 দূরীভূত (ভাড়াটে উৎখাত হয়েছে)। □ বি. উৎপাটন; বিনাশ; দূরীভূত করা। [সং. উৎ + √ খন্ + ত]। |
| উৎত্রাস | বি. | ভয়, সন্ত্রাস। [সং. উৎ + ত্রাস]। |
| উৎত্রাসন | বি. | অতিশয় ভীত করা। |
| উৎপতন | বি. | 1 উদয়; 2 উত্থান; 3 ঊর্ধ্বগমন; 4 উড্ডয়ন, ওড়া। [সং. উৎ + পতন]। |
| উৎপতিত | বিণ. | উদিত, উত্থিত, ঊর্ধ্বগত; উড্ডীন। |
| উৎপত্তি | বি. | উদ্ভব, জন্ম, সৃষ্টি (ভয়েক উৎপত্তি); অভ্যুদয় (রাষ্ট্রব্যবস্থার উৎপত্তি)। [সং. উৎ + √ পদ্ + তি]। |
| উৎপত্তিস্থল | বি. | উৎপত্তির জায়গা; কোনোকিছুর যেখানে সূচনা হয়। |
| উৎপথ | বি. | 1 বিরুদ্ধ বা উলটো বা বিপরীত পথ; 2 অসৎ পথ, কুপথ। [সং. উৎ + |

| | | |
|---|---|---|
| | | পথিন্ + অ]। |
| উৎপথগামী (-মিন্) | বিণ. | বিপথে গেছে বা যাচ্ছে এমন। |
| উৎপদ্যমান | বিণ. | জন্মাচ্ছে বা উৎপন্ন হচ্ছে এমন (মনে উৎপাদ্যমান সংশয়)। [সং. উৎ + √ পদ্ + শানচ্]। |
| উৎপন্ন | বিণ. | জন্ম হয়েছে এমন, জাত, সৃষ্ট; উদ্ভূত। [সং. উৎ + √ পদ্ + ত]। |
| উৎপন্নদ্রব্য | বি. | মানুষ যেসব খাদ্যদ্রব্য বা ভোগ্যপণ্য উৎপাদন করে। |
| উৎপন্নমতি | বিণ. | উপস্থিত বুদ্ধিসম্পন্ন। ⊙ বি. উৎপন্নমতিত্ব। |
| উৎপল | বি. | পদ্ম; কুমুদ (নীলোৎপল)। [সং. উৎ + √পল্ + অ]। |
| উৎপলাক্ষ | বিণ. | পদ্মের মতো চোখবিশিষ্ট। ⊙ স্ত্রী. উৎপলাক্ষী। |
| উৎপাটন | বি. | সমূলে উপড়ে ফেলা (মূলোৎপাটন)। [সং. উৎ + √ পট্ + ণিচ্ + অন]। |
| উৎপাটক | বিণ. বি. | উৎপাটনকারী। |
| উৎপাটনীয় | বিণ. | উৎপাটনের যোগ্য; উৎপাটন করতে হবে এমন। |
| উৎপাটিত | বিণ | উপড়ে ফেলা হয়েছে এমন। |
| উৎপাত | বি. | 1 উপদ্রব, দৌরাত্ম্য; 2 আপদ, ঝামেলা, বিপদ (দুপুরবেলা এ কী উৎপাত ?)। [সং. উৎ + √ পত + অ]। |
| উৎপাদ[১] | বিণ. | যার পা উপরের দিকে রয়েছে বা থাকে, ঊর্ধ্বপদ। [সং. উৎ + পাদ]। |
| উৎপাদ[২] | বি. | উৎপাদিত বস্তু বা উৎপাদনের মোট পরিমাণ, output. [সং. উৎ + √ পদ্ + অ]। |
| উৎপাদন | বি. | 1 সৃষ্টি, নির্মাণ, জনন (অন্তরে ভয়োৎপাদন); 2 নির্মিত বস্তু, শিল্পজাত দ্রব্য, production. [সং. উৎ + √ পদ্ + ণিচ্ + অন]। |
| উৎপাদনশুল্ক, অন্তঃশুল্ক | বি. | দেশের মধ্যে উৎপন্ন বা নির্মিত পণ্যদ্রব্যের উপর ধার্য শুল্ক বা মাশুল, excise duty. |
| উৎপাদক | বিণ. বি. | উৎপাদনকারী; জনক; সৃজক, নির্মাতা; (গণি.) গুণনীয়ক, factor. ⊙ স্ত্রী. উৎপাদিকা। |
| উৎপাদনীয়, উৎপাদ্য | বিণ. | উৎপাদন করতে হবে এমন, উৎপাদনের যোগ্য। |
| উৎপাদয়িতা | বিণ. বি. | উৎপাদক। ⊙ স্ত্রী. উৎপাদয়িত্রী। |
| উৎপাদিত | বিণ. | উৎপন্ন; নির্মাণ বা সৃষ্টি বা তৈরি করা হয়েছে এমন। |
| উৎপাদী | বিণ. | উৎপন্ন হয় বা করে এমন। |
| উৎপাদ্যমান | বিণ. | উৎপাদিত হচ্ছে এমন। |

| | | |
|---|---|---|
| উৎপিঞ্জর | বিণ. | 1 পিঞ্জরমুক্ত, খাঁচা থেকে মুক্তি পেয়েছে এমন; 2 বন্ধনমুক্ত (উৎপিঞ্জর পাখি)। [সং. উৎ + পিঞ্জর]। |
| উৎপিপাসু | বিণ. | 1 অত্যন্ত তৃষ্ণার্ত; 2 উৎকণ্ঠিত। [সং. উৎ + √ পা + সন্ + উ]। |
| উৎপীড়ন | বি. | 1 পীড়ন, নিগ্রহ, অত্যাচার (হকারদের উপর পুলিশদের উৎপীড়ন); 2 কষ্ট দেওয়া; 3 উত্যক্ত করা। [সং. উৎ + পীড়ন]। |
| উৎপীড়ক | বিণ. বি. | যে উৎপীড়ন করে। |
| উৎপীড়িত | বিণ. | উৎপীড়ন করা হয়েছে এমন; নিগৃহীত; অত্যাচারিত। |
| উৎপ্রাস | বি. | 1 পরিহাস, বিদ্রূপ; 2 কৌতুক। [সং. উৎ + প্র + √ অস্ + অ]। |
| উৎপ্রেক্ষা | বি. | 1 অর্থালংকারবিশেষ - এতে উপমেয়কেই উপমান বলে কল্পনা করা হয়, যথা - 'সুন্দর মুখে নিলীন হাসিটি তব, বিকচ পদ্মে লাবণ্য অভিনব': রবীন্দ্র); 2 বিচার; 3 অনুমান, আন্দাজ। [সং. উৎ + প্র + √ ঈক্ষ্ + অ + আ]। |
| উৎফুল্ল | বিণ. | 1 আনন্দে বিহ্বল; 2 অত্যন্ত আনন্দিত বা প্রফুল্ল, উল্লসিত (' উৎফুল্ল নয়নে' ' উল্লাসে উৎফুল্ল আঁখি')। [সং. উৎ + √ ফুল্ল্ + অ]। |
| উতরা | ক্রি. | 1 নামা, নেমে আসা; অবতরণ করা; 2 গন্তব্যস্থানে বা লক্ষ্যে পৌঁছানো; 3 সফল বা সন্তোষজনক হওয়া (রান্নাটা উতরেছে); 4 অতিবাহিত করা, কাটানো (দিন উতরানো); 5 পার হওয়া (নদী উতরানো)। [< সং. উৎ + √ তৃ]। |
| উতরাই | বি. | 1 পাহাড় বা পাহাড়ি পথ থেকে নীচের দিকে নামার পথ; 2 ঢল। [হি.]। |
| উতরানো | বি. | উত্তরণ; সফল বা আশানুরূপ হওয়া (পরীক্ষায় উতরে গেছে); অতিক্রম করা। □ ক্রি. উক্ত উভয় অর্থে। [বাং. উতরা + আনো]। |
| উতরোল | বিণ. | অশান্ত, বিক্ষুব্ধ ('চিত উতরোল')। □ বি. কোলাহল, গণ্ডগোল। [দেশি]। |
| উতল | বিণ. | 1 উদ্বিগ্ন (মন উতল হওয়া); 2 ভাবাবেগে আকুল; 3 চঞ্চল (উতল হাওয়া)। [< সং. উত্তাল]। |
| উতলা$^{২}$ | ক্রি. | উতল হওয়া (উতলিবে, উতলিল)। |
| উৎস | বি. | 1 যেখান থেকে জল নিঃসৃত হয়; 2 প্রস্রবণ, ঝরনা, ফোয়ারা (উৎসমুখ); 3 (গৌণ অর্থে) আদি বা মূল কারণ (বিবাদের উৎস)। [সং. √ উন্দ্ + স]। |
| উৎসমুখ | বি. | প্রস্রবণ বা ঝরনার মুখ; উৎপত্তিস্থল। |
| উৎসঙ্গ | বি. | 1 কোল, ক্রোড়; 2 পর্বতের সানুদেশ, অধিত্যকা। [সং. উৎ + √ সনজ্ + অ]। |
| উৎসন্ন | বিণ. | বিনষ্ট, বিধ্বস্ত; অধঃপতিত। [সং. উৎ + √ সদ্ + ত]। **উৎসন্নে যাওয়া** – |

| | | |
|---|---|---|
| | | ক্রি. বি. উচ্ছন্নে বা অধঃপাতে যাওয়া। |
| উৎসব | বি. | আনন্দপূর্ণ বা জাঁকজমকপূর্ণ সামাজিক বা ধর্মীয় অনুষ্ঠান। [সং. উৎ + √ সু + অ]। |
| উৎসবপ্রাঙ্গণ | বি. | যে খোলা জায়গায় উৎসব অনুষ্ঠিত হয়। |
| উৎসবমুখর | বিণ. | উৎসবের আনন্দে ব্যস্ত। |
| উৎসর্গ | বি. | 1 সৎ বা শুভ উদ্দেশ্যে দেবতাকে অর্পণ; 2 স্বত্বত্যাগ; দান; 3 পরিত্যাগ (জীবন উৎসর্গ করা); 4 নিবেদন (বইটি তিনি তাঁর পিতাকে উৎসর্গ করেছেন); 5 প্রতিষ্ঠা করা (পুকুর উৎসর্গ করা)। [সং. উৎ + √ সৃর্জ্ + অ]। |
| উৎসর্গপত্র | বি. | গ্রন্থাদির যে পৃষ্ঠায় তা লিখিতভাবে কাউকে নিবেদন করা হয়। |
| উৎসর্গীকৃত | বিণ. | (বাং. প্রয়োগে) উৎসর্গিত। উৎসর্গ করা হয়েছে এমন; নিবেদিত। |
| উৎসর্জন | বি. | দান; ত্যাগ। [সং. উৎ + √ সৃজ্ + অন]। |
| উৎসর্জক | বিণ. বি. | যে উৎসর্গ করে। |
| উৎসৃষ্ট | বিণ. | উৎসর্গ করা হয়েছে এমন, উৎসর্গীকৃত। |
| উৎসাদন | বি. | উচ্ছেদ, উন্মূলন, উপড়ে ফেলা, উৎপাটন; কোনো স্থান থেকে কাউকে বিতাড়িত করা (ভিটা থেকে উৎসাদন)। [সং. উৎ + সদ্ + ণিচ্ + অন]। |
| উৎসাদনীয় | বিণ. | উপড়ে ফেলতে হবে এমন, উচ্ছেদযোগ্য। |
| উৎসাদিত | বিণ. | উন্মূলিত, উৎপাটিত, বিতাড়িত। |
| উৎসার | বি. | 1 দূরীকরণ, অপনয়ন; 2 ঊর্ধ্বে ক্ষেপণ। [সং. উৎ + √ সৃ + অ]। |
| উৎসারক | বিণ. বি. | উৎসারণকারী। |
| উৎসারণ | বি. | উৎসার। |
| উৎসারণীয় | বিণ. | উৎসার বা উৎসারণ করার যোগ্য; উৎসারণ করতে হবে এমন। |
| উৎসারিত | বিণ. | 1 দূরীকৃত; 2 উৎক্ষিপ্ত; 3 চালিত ('উৎসারিত নব জীবন নির্ভর': রবীন্দ্র)। ⊙ স্ত্রী. উৎসারিতা। |
| উৎসাহ | বি. | 1 কাজে আগ্রহ, উদ্যম, উদ্দীপনা (নতুন উৎসাহে কাজে লাগা); 2 অধ্যবসায়। [সং. উৎ + √ সহ্ + অ]। |
| উৎসাহক | বিণ., বি. | যে উৎসাহ দেয়। |
| উৎসাহদাতা | বিণ.,বি. | যে উৎসাহ দেয়, উৎসাহক। |
| উৎসাহন | বি. | উৎসাহ দেওয়া। |
| উৎসাহভঙ্গ | বি. | উৎসাহ নষ্ট হওয়া, উদ্যমনাশ। |

| | | |
|---|---|---|
| উৎসাহশীল | বিণ. | উৎসাহযুক্ত, সোৎসাহ। |
| উৎসাহহীন | বিণ. | উৎসাহ নেই এমন। |
| উৎসাহিত | বিণ. | উৎসাহ পেয়েছে বা লাভ করেছে এমন (তাঁর কথায় উৎসাহিত হয়েছি)। |
| উৎসাহী (-হিন্) | বিণ. | উৎসাহশীল; উদ্যমশীল। |
| উৎসিক্ত | বিণ. | 1 উপরে জলসেচন করা হয়েছে এমন, উপরিসিক্ত; 2 গর্বিত, উদ্ধত। [সং. উৎ + সিক্ত]। |
| উৎসিচ্য-মান | বিণ. | উৎসিক্ত হচ্ছে এমন। [সং. উৎ + √ সিচ্ + শানচ্]। |
| উৎসুক | বিণ. | আগ্রহান্বিত, ব্যগ্র, উদ্গ্রীব, কৌতূহলী (জানতে উৎসুক)। [সং. উৎ + √ সু + ক]। |
| উৎসৃজন | বি. | উৎসর্গ, নিবেদন। [সং. উৎ + √ সৃজ্ + অন]। |
| উৎসৃষ্ট | বিণ. | উৎসর্গ করা হয়েছে এমন (দেবতার চরণে উৎসৃষ্ট)। [সং. উৎ + √ সৃজ্ + ত]। |
| উৎসেক, উৎসেচন | বি. | 1 সেচন, উপরে সেচন; 2 উদ্রেক; 3 গর্ব, অহংকার; 4 উৎসাহদান। [সং. উৎ + √ সিচ্ + অ, অন]। **উৎসেচন ক্রিয়া** – গাঁজিয়ে তোলা, fermentation. |
| উতোর-চাপান | বি. | প্রশ্ন ও উত্তর; প্রশ্ন ও পালটা প্রশ্ন। [সং. উত্তর + বাং. চাপান]। |
| উত্তপ্ত | বিণ. | 1 অত্যন্ত গরম; অতিশয় তপ্ত; 2 ক্রুদ্ধ (উত্তপ্ত বাদ-প্রতিবাদ)। [সং. উৎ + তপ্ত]। ⊙ বি. উত্তাপ। |
| উত্তম | বিণ. | 1 খুব ভাল, উৎকৃষ্ট; 2 শ্রেষ্ঠ; 3 উপাদেয়। [সং. উৎ + তম]। ⊙ স্ত্রী. উত্তমা। |
| উত্তমপুরুষ (ব্যাক.) | বি. | ক্রিয়ার বক্তা অর্থাৎ যে নিজের সম্বন্ধে বলে, first person. |
| উত্তমমধ্যম | বি. | (ব্যঙ্গে) বিলক্ষণ প্রহার, প্রচুর মারধর। |
| উত্তমর্ণ | বিণ. বি. | ঋণদাতা, যে ঋণ দেয়; মহাজন। |
| উত্তমাঙ্গ | বি. | 1 শরীরের প্রধান অঙ্গ; 2 মাথা; 3 মাথা থেকে কোমর পর্যন্ত দেহাংশ। [সং. উত্তম + অঙ্গ]। |
| উত্তর | বি. | 1 জবাব, প্রতিবাক্য (কথার উত্তর দাও); 2 সাড়া ('উত্তর মেলে না'); 3 আপত্তি; খণ্ডন; 4 মীমাংসা, সিদ্ধান্ত; 5 উত্তর দিক; 6 অর্থালংকারবিশেষ। □ বিণ. 1 ভবিষ্যৎ বা পরবর্তী (উত্তরসূরি, রবীন্দ্রোত্তর); 2 অসাধারণ (লোকোত্তর); 3 অধিক (অষ্টোত্তরশত); 4 শেষ; 5 উপরিস্থ (উত্তরীয়)। □ ক্রি-বিণ. অনন্তর, তারপর (শ্রবণোত্তর তিনি বললেন)। [সং. উৎ + √ তৃ + অ]। |

| | | |
|---|---|---|
| উত্তরকাণ্ড | বি. | রামায়ণের শেষ বা সপ্তম কাণ্ড। |
| উত্তরকাল | বি. | পরবর্তী বা ভবিষ্যৎ কাল। |
| উত্তরকারী | বিণ., বি. | যে উত্তর বা জবাব দেয়। |
| উত্তরকুরু | বি. | পুরাণে বর্ণিত জম্বুদ্বীপের নয়টি অংশের অন্যতম; মেরুর দক্ষিণে অবস্থিত দেবভূমি। |
| উত্তরক্রিয়া | বি. | 1 মৃত্যুর পরবর্তী কাজকর্ম অর্থাৎ শবদাহাদি বা সমাধিস্থ করা; 2 উত্তরদান। |
| উত্তরচ্ছদ | বি. | উপরের আচ্ছাদন; বিছানার চাদর; উত্তরীয়। |
| উত্তরদান | বি. | জবাব বা সাড়া দেওয়া। |
| উত্তরদায়ক | বিণ. | বি. যে জবাব বা সাড়া দেয়। |
| উত্তরপক্ষ | বি. | 1 তর্কের মীমাংসা; 2 প্রশ্নের জবাব (তু. পূর্বপক্ষ)। |
| উত্তরপদ | বি. | (ব্যাক.) সমাসের শেষ পদ। |
| উত্তরপুরুষ | বি. | ভবিষ্যৎ বংশধর; উত্তরাধিকারী। |
| উত্তরপূর্ব | বি. | ঈশানকোণ। **উত্তর-প্রত্যুত্তর** – বি. প্রশ্ন ও জবাব; বাদ-প্রতিবাদ, তর্ক। |
| উত্তরফল্গুনী, উত্তরফাল্গুনী | বি. | নক্ষত্রবিশেষ। |
| উত্তরবিচার | বি. | নতুন করে বিচার, পুনর্বিচার। |
| উত্তরভাদ্রপদ | বি. | নক্ষত্রবিশেষ, Andromeda. |
| উত্তরমালা | বি. | সমাধানসমূহ। |
| উত্তরমীমাংসা | বি. | বেদান্তদর্শন। |
| উত্তরমেরু | বি. | পৃথিবীর উত্তর প্রান্ত, সুমেরু। |
| উত্তরসাধক | বি. | 1 তান্ত্রিক সাধকের প্রধান সহকারী; 2 ক্রিয়া-সমাপ্তির সহায়ক; 3 উত্তরসূরি। ⊙ স্ত্রী. উত্তরসাধিকা। |
| উত্তরসূরি | বি. | পরবর্তী যুগের কবি বা মনীষী। (তু. বিপ. পূর্বসূরি)। |
| উত্তরঙ্গ | বিণ. | তরঙ্গময়, তরঙ্গবিক্ষুব্ধ (উত্তরঙ্গ সমুদ্র)। [সং. উৎ + তরঙ্গ]। |
| উত্তরণ | বি. | 1 (প্রধানত নদী সাগর প্রভৃতি) পার হওয়া; 2 পৌঁছানো; 3 উপরে ওঠা, নীচের দিক থেকে উপরে ওঠা; 4 পরীক্ষায় সাফল্য। [সং. উৎ + √ তৃ + অন]। |
| উত্তরা[১] | ক্রি. | যান থেকে নামা; পার হওয়া; পৌঁছানো, উপনীত হওয়া ('অন্নপূর্ণা উত্তরিলা গাঙ্গিনীর তীরে': ভা. চ.)। [দ্র উত্তরণ]। |
| উত্তরা[২] | ক্রি. | জবাব দেওয়া ('উত্তরিল শেষে')। [দ্র উত্তর। |

| | | |
|---|---|---|
| উত্তরাকাণ্ড | বি. | রামায়ণের শেষ বা সপ্তম কাণ্ড, উত্তরকাণ্ড। [সং. উত্তর + আ (স্বার্থে) + কাণ্ড]। |
| উত্তরাধিকার | বি. | আত্মীয়তার দাবিতে মৃতের সম্পত্তির অধিকার, ওয়ারিশি স্বত্ব। [সং. উত্তর + অধিকার]। |
| উত্তরাধিকারসূত্রে | ক্রি-বিণ. | উত্তরাধিকারীর দাবিতে; উত্তরাধিকারী হিসাবে (উত্তরাধিকারসূত্রে পাওয়া সম্পত্তি)। |
| উত্তরাধিকারী (-রিন্) | বিণ. বি. | আত্মীয়তার দাবিতে মৃতের সম্পত্তিতে অধিকারী। ⊙ স্ত্রী. উত্তরাধিকারিণী। |
| উত্তরাপথ | বি. | ভারতবর্ষের উত্তরাংশ, আর্যাবর্ত; (মূলত) বিন্ধ্যপর্বতের উত্তরে অবস্থিত ভারতের উত্তরাংশ। [সং. উত্তরা + পথিন্ + অ]। তু. দক্ষিণাপথ। |
| উত্তরায়ণ | বি. | দক্ষিণ দিকের অয়নান্ত রেখা বা মকরক্রান্তি রেখা থেকে সূর্যের ক্রমশ উত্তরে যাওয়া। [সং. উত্তর + অয়ন]। **উত্তরায়ণান্ত-বৃত্ত** – বি. সূর্যের উত্তরায়ণের সীমানিরূপক কল্পিত রেখা, কর্কটক্রান্তি, Tropic of Cancer. |
| উত্তরাশা[১] | বি. | উত্তর দিক। [সং. উত্তর + আশা (দিক)]। |
| উত্তরাশা[২] | বি. | জবাবের আশা। [সং. উত্তর + আশা]। |
| উত্তরাষাঢ়া | বি. | নক্ষত্রবিশেষ। [সং. উত্তরা + আষাঢ়া]। |
| উত্তরাসঙ্গ | বি. | উত্তরীয়, চাদর; উড়ানি। [সং. উত্তর + আসঙ্গ]। |
| উত্তরাস্য | বিণ. | উত্তর দিকে মুখ করে আছে এমন। [সং. উত্তর + আস্য]। |
| উত্তরীয় | বি. | উড়ানি; চাদর। [সং. উত্তর + ঈয়]। |
| উত্তরোত্তর | ক্রি-বিণ. | পরপর; ক্রমশ; ক্রমাগত (জিনিসপত্রের দাম উত্তরোত্তর বাড়ছে)। [সং. উত্তর + উত্তর]। |
| উত্তরোষ্ঠ | বি. | উপরের ঠোঁট। [সং. উত্তর + ওষ্ঠ]। |
| উত্তল | বিণ. | যার উপরের ভাগ উঁচু ও অর্ধবৃত্তাকার, convex. [সং. উৎ + তল]। |
| উত্তান | বিণ. | ঊর্ধ্বমুখে অবস্থিত, চিত। [সং. উৎ + √ তন্ + অ]। |
| উত্তানপাণি | বি. | চিত-করা হাত। |
| উত্তানশয়ন | বি. | চিত হয়ে শোয়া। |
| উত্তাপ | বি. | 1 তাপ, গরমের ভাব বা অবস্থা; উষ্ণতা; 2 সন্তাপ। [সং. উৎ + তাপ]। |
| উত্তাপন | বি. | তাপ দেওয়া। |
| উত্তাপিত | বিণ. | গরম বা তপ্ত করা হয়েছে এমন, উষ্ণীকৃত, heated. |
| উত্তাল | বিণ. | 1 অতি উঁচু (উত্তাল তরঙ্গ); 2 অতি তরঙ্গময়; 3 বিক্ষুব্ধ, আলোড়িত |

| | | |
|---|---|---|
| | | (উত্তাল সমুদ্র)। [সং. উৎ + √ তল্ + অ]। |
| উত্তিষ্ঠ | অনু-ক্রি. | ওঠ, গাত্রোত্থান করো। [সং. উৎ + √ স্থা + লোট্ হি]। |
| উত্তিষ্ঠমান | বিণ. | 1 উঠতে সচেষ্ট; 2 উদ্যমশীল, উদ্যোগী, সচেষ্ট। |
| উত্তীর্ণ | বিণ. | 1 অতিক্রম করেছে এমন; 2 কৃতকার্য, সফল (পরীক্ষায় উত্তীর্ণ); 3 নিষ্কৃতি পেয়েছে এমন (বিপদুত্তীর্ণ)। [সং. উৎ + √ তৃ + ত]। |
| উত্তুঙ্গ | বিণ. | অতি উঁচু (উত্তুঙ্গ পর্বতচূড়া)। [সং. উৎ + তুঙ্গ]। |
| উত্তুরে | বিণ. | উত্তর দিকের; উত্তর দিক থেকে আগত (উত্তুরে বাতাস)। [সং. উত্তর + বাং, ইয়া > এ]। |
| উত্তেজক | বিণ. বি. | প্রেরণাদায়ক; উদ্দীপক; বিক্ষোভ সঞ্চারকারী। |
| উত্তেজনা, উত্তেজন | বি. | 1 উদ্দীপনা, উৎসাহ; 2 কাজে উৎসাহ সঞ্চার; 3 তীব্র বা প্রবল মানসিক আবেগ, প্রবল চিত্তচাঞ্চল্য। [সং. উৎ + √ তিজ্ + অন + আ]। |
| উত্তেজিত | বিণ. | উত্তেজনাপ্রাপ্ত; উদ্দীপিত; বিক্ষুব্ধ; (যার) প্রবল চিত্তচাঞ্চল্য ঘটেছে এমন; অশান্ত। |
| উত্তোলন | বি. | তুলে ধরা; উঁচু করা; ঊর্ধ্বে ধারণ বা বহন বা স্থাপন (ভারোত্তোলন); উত্থাপন। [সং. উৎ + তোলন]। |
| উত্তোলিত | বিণ. | তুলে ধরা হয়েছে এমন; ঊর্ধ্বে ধারণ বা বহন বা স্থাপন করা হয়েছে এমন; উত্থাপিত। |
| উত্যক্ত | বিণ. | অত্যন্ত বিরক্ত, ব্যতিব্যস্ত (মশার জ্বালায় উত্যক্ত); অস্থির। [সং. উৎ + ত্যক্ত]। |
| উত্থান | বি. | 1 ওঠা, খাড়া হওয়া (গাত্রোত্থান); 2 উন্নতি; 3 অভ্যুদয়, আবির্ভাব; 4 বিদ্রোহ। [সং. উৎ + √ স্থা + অন]। |
| উত্থানপতন | বি. | ওঠা ও নামা; অভ্যুদয় ও অবনতি; হ্রাসবৃদ্ধি। |
| উত্থানশক্তি-রহিত | বিণ. | ওঠবার ক্ষমতা নেই এমন (রোগে তাকে একেবারে উত্থানশক্তি রহিত করে ফেলেছে)। |
| উত্থাপন | বি. | 1 কথা তোলা, প্রস্তাব করা, প্রসঙ্গ তোলা (প্রস্তাব উত্থাপন করা); 2 উল্লেখ। [সং. উৎ + √ স্থা + ণিচ্ + অন]। |
| উত্থাপক | বিণ. বি. | উত্থাপনকারী, প্রস্তাবক; উত্তোলক। |
| উত্থাপিত | বিণ. | উত্থাপন করা হয়েছে এমন (প্রসঙ্গ উত্থাপিত হয়নি)। |
| উত্থিত | বিণ. | 1 উঠেছে বা উত্থান করেছে এমন; 2 উপরে গেছে এমন; 3 উদ্যত; 4 বর্ধিত, উন্নত; 5 বিরুদ্ধে বা বিপক্ষে দাঁড়িয়েছে এমন। [সং. উৎ + √ স্থা + ত]। |

| | | |
|---|---|---|
| উত্থিতি | বি. | উত্থান। |
| উথল | বিণ. | 1 উত্তাল, উত্তুঙ্গ; 2 স্ফীত, উচ্ছলিত। [< সং. উত্তাল]। |
| উথলা | ক্রি. | উথলে ওঠা; উপচে পড়া; ফেঁপে ওঠা। |
| উথলানো | ক্রি. বি. | উথলে ওঠা। □ বিণ. উথলে উঠেছে বা উপচে পড়েছে এমন (উথলানো দুধ)। |
| উথলিত | বিণ. | স্ফীত, উদ্বেলিত; প্লাবিত। |
| উদ[১] | বি. | উদ্বিড়াল, ভোঁদড়। [< সং. উদ্র]। |
| উদ[২], উদক | বি. | জল। [সং. √ উন্দ্ + অ, অক]। |
| উদগ্র | বিণ. | 1 তীব্র (উদগ্র কামনা); 2 সুউচ্চ, ঊর্ধ্বাভিমুখ। [সং. উৎ + অগ্র]। |
| উদ্গত, উদ্গত | বিণ. | 1 উদ্ভূত; উৎপন্ন; 2 বাইরে বেরিয়ে এসেছে এমন, বহির্গত (ফোড়া উদ্গত); 3 নির্গত (উদ্গত অশ্রু)। [সং. উৎ + √ গম্ + ত]। বি. উদ্গম, উদ্গম। |
| উদ্গম, উদ্গম | বি. | উদ্ভব, উদয়; উত্থান। [সং. উৎ + √ গম্ + অ]। |
| উদ্গাতা, উদ্গাতা | বি. | সামবেদগায়ক। ✗ বিণ. 1 উচ্চকণ্ঠে যে গান গায়; 2 (গৌণ অর্থে) কোনো উচ্চ আদর্শের প্রচারক (মুক্তিমন্ত্রের উদ্গাতা)। [সং. উৎ + √ গৈ + তৃ]। ⊙ স্ত্রী. উৎগাত্রী, উদ্গাত্রী। |
| উদ্গার, উদ্গার | বি. | ঢেকুর; বমি; নিঃসারণ (ধুমোদগার)। [সং. উৎ + √ গৃ + অ]। |
| উদ্গিরণ, উদ্গিরণ | বি. | ঢেকুর তোলা; বমি করা; নিঃসারণ, নির্গমন (অগ্নি-উদ্গিরণ)। [সং. উৎ + গৃ + অন]। |
| উদ্‌গীরিত, উদ্গীরিত | বিণ. | বমিত; নিঃসারিত। |
| উদ্‌গীত, উদ্গীত | বিণ. | উচ্চকণ্ঠ বা উদাত্তস্বরে গীত। [সং. উৎ + গীত]। |
| উদ্‌গীতি, উদ্গীতি | বি. | উচ্চকণ্ঠে বা উদাত্তস্বরে গাওয়া গান। |
| উদ্‌গীথ, উদ্গীথ | বি. | সামগান; সামবেদের দ্বিতীয় অধ্যায়। [সং. উৎ + √ গৈ + থ]। |
| উদ্‌গীর্ণ, উদ্গীর্ণ | বিণ. | উদ্গিরণ করা বা বমি করা হয়েছে এমন; নিঃসৃত। [সং. উৎ + √ গৃ + ত]। |
| উদ্‌গ্রীব | বিণ. | অত্যন্ত আগ্রহান্বিত, ব্যগ্র, উৎকণ্ঠিত (প্রকৃত ঘটনা জানার জন্য উদ্গ্রীব)। [সং. উৎ + গ্রীবা]। |
| উদ্‌ঘাটন, উদ্ঘাটন | বি. | 1 উন্মোচন, অনাবৃত করা; 2 উন্মুক্ত করা, প্রকাশ করা (দ্বারোদ্ঘাটন)। [সং. উৎ + √ ঘট্ + ণিচ্ + অন]। |
| উদজ | বিণ. | জলজাত, জলে যার জন্ম (উদজ উদ্ভিদ) [সং. উদ + √ জন্ + অ]। |

| | | |
|---|---|---|
| উদ-জান | বি. | জলীয় গ্যাসবিশেষ, হাইড্রোজেন। [সং. উদ + √ জন্ + অ]। |
| উদধি | বি. | সমুদ্র। [সং. উদ + √ ধা + ই]। |
| উদ্‌ভ্রম | বি. | 1 বুদ্ধিভ্রংশ; 2 উদ্বেগ, ব্যাকুলতা। [সং. উদ্ + √ ভ্রম্ + অ]। |
| উদ্‌ভ্রান্ত | বিণ. | 1 ব্যাকুল; 2 বিহ্বল (উদ্ভ্রান্তচিত্ত); 3 উন্মত্ত, ক্ষিপ্ত; 4 হতজ্ঞান ('উদ্ভ্রান্ত সেই আদিম যুগে': রবীন্দ্র); 5 উচ্ছৃঙ্খলভাবে বা উদ্দেশ্যহীনভাবে বিচরণকারী। [সং. উৎ + √ ভ্রম্ + ত]। |
| উদম | বিণ. | 1 উলঙ্গ; 2 দুরন্ত, উদ্দাম; 3 মুক্ত। [তু. সং. উদ্দাম, তু. অস. উদং (অনাবৃত)]। |
| উদ্‌যাপন | বি. | 1 সমাপন, ব্রত-সমাপন; 2 সম্পাদন; 3 নির্বাহ; 4 পালন (জন্মদিন উদ্যাপন করা)। [সং. উৎ + যাপন]। |
| উদ্‌যাপিত | বিণ. | সম্পন্ন বা পালন করা হয়েছে এমন। |
| উদয় | বি. | 1 আবির্ভাব, প্রথম প্রকাশ (সূর্যোদয়, সৌভাগ্যের উদয়); 2 উৎপত্তি, লাভ (ফলোদয়); 3 উৎকর্ষ, উন্নতি (উদয়ের পথে); 4 সঞ্চার, উদ্রেক (দয়ার উদয়, চেতনার উদয়)। [সং. উৎ + √ ই + অ]। |
| উদয়গিরি, উদয়াচল | বি. | পূর্ব দিকের যে কল্পিত পর্বত থেকে সূর্যের উদয় হয়। উদয়াস্ত ক্রি. বিণ. দিনভোর, সকাল থেকে বিকেল পর্যন্ত, সূর্যের উদয় থেকে অস্ত পর্যন্ত। ✗ বি. সূর্যের উদয় থেকে অস্ত পর্যন্ত সময়; উদয় ও অস্ত। |
| উদয়ন | বি. | 1 উদয়; 2 উত্থান; 3 আবির্ভাব; 4 বিশিষ্ট নৈয়ায়িক উদয়নাচার্য; 5 সংস্কৃত রূপকথার নায়কবিশেষ। [সং. উৎ + √ ই + অন]। |
| উদয়াচল, উদয়াস্ত | | দ্র উদয়। |
| উদর | বি. | 1 পেট, জঠর (উদরপূর্তি); 2 অভ্যন্তর (পর্বতোদরে)। [সং. উৎ + √ ঋ + অ]। |
| উদরপরায়ণ, উদরসর্বস্ব | বিণ. | পেটুক, খাওয়াই যার প্রধান কাজ, ঔদরিক। |
| উদরসাৎ | বিণ. | খেয়ে ফেলা হয়েছে এমন, ভক্ষিত। |
| উদরাধ্মান | বি. | পেটফাঁপা। |
| উদরান্ন | বি. | পেটের ভাত। |
| উদরাময় | বি. | পেটের অসুখ। |
| উদরী | বি. | পেটের স্ফীতিরোগ, যাতে পেটে জল জমে, dropsy. |
| উদলা | বিণ. | (মূলত আঞ্চ.) অনাবৃত (উদলা গা); নগ্ন। [দেশি]। |
| উদাত্ত | বিণ. | 1 মহান (উদাত্তচরিত্র); 2 গম্ভীর, মন্দ্র, গাঢ় (উদাত্তকণ্ঠ)। ✗ বি. 1 |

| | | |
|---|---|---|
| | | সংগীতের স্বরবিশেষ; 2 বেদগানের উচ্চস্বরবিশেষ; 3 অর্থালংকারবিশেষ। [সং. উৎ + আ + √দা + ত]। |
| উদান | বি. | দেহস্থ পঞ্চবায়ুর অন্যতম, কণ্ঠস্থিত বায়ু। [সং. উৎ + √ অন্ + অ]। |
| উদার | বিণ. | 1 মহৎ, উচ্চ, প্রশস্ত (উদারহৃদয়, উদার আকাশ); 2 দানশীল, বদান্য; 3 করুণাপূর্ণ; 4 সংকীর্ণতাশূন্য (উদার প্রকৃতি, উদার নীতি)। [সং. উৎ + আ + √ ঋ + অ]। বি. উদারতা। |
| উদারচরিত্র | বিণ. | চরিত্রে উদারতা আছে এমন। |
| উদারচিত্ত | বিণ. | অন্তর উদারতার পূর্ণ এমন; উন্নতমনা; বদান্য; সংকীর্ণতামুক্ত। |
| উদারচেতা | | উদারচিত্ত। |
| উদারনীতি | বি. | সংকীর্ণতামুক্ত নীতি, liberal policy. ⊙ বিণ. উদারনীতিক, উদারনৈতিক। |
| উদারপন্থী | বিণ.বি. | উদারনীতি অনুসরণ করে এমন; উদারনৈতিক। |
| উদারমতি, উদারমনা | | উদারচিত্ত ও উদারচেতা -র অনুরূপ। |
| উদারস্বভাব | বিণ. | উদারমনা; উদারচিত্ত। |
| উদারহৃদয় | বিণ. | যার হৃদয় উদারতার ভরা। |
| উদারা | বি. | সংগীতের নিম্নসপ্তকের সুর, খাদের সপ্তক বা তার সুর। [দেশি?]। |
| উদাস | বিণ. | 1 উদাসীন, আসক্তিহীন; 2 আকুল. এলোমেলো (উদাস বাতাস); 3 বিষণ্ণ, উন্মনা (উদাস মূর্তি)। ✗ বি. বৈরাগ্য; উদাসীনতা। [সং. উৎ + √ আস্ + অ]। |
| উদাসী (-সিন্) | বিণ. | 1 আসক্তিহীন; নির্লিপ্ত; 2 এলোমেলো ('এই উদাসী হাওয়ার পথে পথে': রবীন্দ্র); 3 বিষণ্ণ, উন্মনা। ✗ বি. সন্ন্যাসী; সন্ন্যাসী সম্প্রদায়বিশেষ। [সং. উদাস + ইন্]। ⊙ স্ত্রী. উদাসিনী ('উদাসিনীবেশে বিদেশিনী কে সে': রবীন্দ্র)। |
| উদাসীন | বিণ. | 1 অনাসক্ত, নিরাসক্ত (লাভ-লোকসান সম্পর্কে উদাসীন); 2 বিষয়বাসনা থেকে বিরত হয়ে ধর্মচিন্তায় রত; 3 নিরপেক্ষ, নিঃসম্পর্ক। [সং. উৎ + আসীন] ⊙ বি. উদাসীনতা। ⊙ স্ত্রী. উদাসীনা। |
| উদাহরণ | বি. | বক্তব্য বা যুক্তিকে বিশদ বা সপ্রমাণ করবার জন্য বা তার সমর্থনের জন্য অনুরূপ বিষয় বা ঘটনার উল্লেখ; দৃষ্টান্ত, নিদর্শন। [সং. উৎ + আহরণ]। |
| উদাহৃত | বিণ. | দৃষ্টান্তরূপে কথিত বা বর্ণিত; উল্লিখিত। |
| উদাহৃত | | দ্র উদাহরণ। |

| | | |
|---|---|---|
| উদিত[১] | বিণ. | 1 উত্থিত (উদিত সূর্য); 2 উৎপন্ন; 3 প্রকাশিত, আবির্ভূত। [সং. উৎ + √ ই + ত]। |
| উদিত[২] | বিণ. | উক্ত, বলা হয়েছে এমন, উল্লিখিত। [সং. √ বদ্ + ত]। |
| উদীক্ষণ | বি. | 1 উপরের দিকে নিবদ্ধ দৃষ্টি, ঊর্ধ্বদৃষ্টি; 2 প্রতীক্ষা; 3 উৎসুকভাবে দেখা। [সং. উৎ + √ ঈক্ষ্ + অন]। |
| উদীক্ষিত | বিণ. | উপরের দিকে দৃষ্টি রয়েছে এমন; প্রতীক্ষিত; উৎসুকভাবে দৃষ্ট। |
| উদীচী | বি. | উত্তর দিক। [সং. উদচ্ + ঈ]। **উদীচী ঊষা** – Aurora Borealis. |
| উদীচীন, উদীচ্য | বিণ. | উত্তরদিকস্থ, উত্তরদিকের। |
| উদীয়মান | বিণ. | 1 উদিত হচ্ছে এমন (উদীয়মান সূর্য); 2 প্রতিষ্ঠা লাভ করছে এমন (উদীয়মান কবি)। [সং. উৎ + √ ঈ + শানচ্]। ⊙ স্ত্রী. উদীয়মানা। |
| উদীরণ | বি. | 1 উচ্চারণ, কথন, বলা; 2 উদ্দীপন, উৎসাহদান। [সং. উৎ + √ ঈর্ + অন]। |
| উদীরিত | বিণ. | উচ্চারিত, কথিত, উক্ত; উদ্দীপিত, অনুপ্রেরিত, উৎসাহিত। |
| উদীর্ণ | বিণ. | 1 উদ্গত, নির্গত; 2 উৎপন্ন, জাত; 3 মহান, শ্রেষ্ঠ ('উদীর্ণ আবির্ভাব'); 4 দৃপ্ত, উদ্ধত (উদীর্ণ ঘোষণা)। [সং. উৎ + √ ঋ + ত]। |
| উদীর্যমাণ | বিণ. | উচ্চারিত হচ্ছে এমন (উদীর্যমাণ মন্ত্র, উদীর্যমাণ বাণী)। [সং. উৎ + √ ঈর্ + শানচ্]। |
| উদুম্বর | বি. | ডুমুর; যজ্ঞডুমুর বা তার গাছ। [সং. উৎ + অম্বর]। |
| উদূখল | বি. | উখলি, যে পাত্রের মধ্যে শস্যাদি রেখে মুষল দিয়ে পেষাই বা খোসামুক্ত করা হয়। [সং. উৎ + উ + খ + √ লা + অ]। |
| উদো, উধো | বিণ. | নির্বোধ, কাণ্ডজ্ঞানহীন; হাবাগবা। [দেশি]। **উদোর পিণ্ডি বুধোর ঘাড়ে** – একজনের কাজের দায় অন্যায়ভাবে বা অজ্ঞাতসারে আর একজনের উপর আরোপ করা। |
| উদো, উধোমাদা | বিণ. | বোকাসোকা, হাবাগবা। |
| উদ্দণ্ড | বিণ. | 1 দণ্ড উচিয়েছে এমন; 2 দণ্ড বা শাস্তি দিতে উদ্যত; 3 প্রতাপান্বিত, দোর্দণ্ড ✗ বি. উত্তোলিত দণ্ড। [সং উৎ + দণ্ড]। |
| উদ্দাম | বিণ | 1 দুর্দমনীয়, অদম্য, অত্যন্ত প্রবল (উদ্দাম বেগ); 2 অসংযত, লাগামছাড়া, উচ্ছৃঙ্খল (উদ্দাম আবেগ, উদ্দাম প্রেম)। [সং. উৎ + দাম (দামন্)]। ⊙ বি. উদ্দামতা। |
| উদ্দিষ্ট | বিণ. | 1 যাকে উদ্দেশ্য করা হয়েছে, লক্ষ্যীকৃত (উদ্দিষ্ট ব্যক্তি); 2 অভীষ্ট (উদ্দিষ্ট লক্ষ্য); 3 যাকে অন্বেষণ বা খোঁজ করা হয়েছে। [সং. উৎ + √ দিশ্ + ত]। |

| | | |
|---|---|---|
| | | বি. উদ্দেশ। |
| উদ্দীপক | বিণ. | উত্তেজনা সৃষ্টি করে এমন, উত্তেজক; বাড়ায় এমন, বর্ধক; দীপ্তি দেয় বা প্রকাশিত করে এমন। [সং. উৎ + √ দীপ্ + অক]। |
| উদ্দীপন | বি. | উত্তেজন; প্রজ্বলন; প্রকাশ করা (করুণা-উদ্দীপন)। |
| উদ্দীপনা | বি. | উত্তেজনা; উৎসাহ; প্রেরণা (ধর্মভাবের উদ্দীপনা)। |
| উদ্দীপনীয় | বিণ. | উদ্দীপনযোগ্য। |
| উদ্দীপিত | বিণ. | উত্তেজিত; প্রজ্বালিত; প্রকাশিত; প্রেরিত; বর্ধিত। |
| উদ্দীপ্ত | বিণ. | 1 জ্বলে উঠেছে এমন, প্রজ্বলিত, জ্বলন্ত; 2 আলোকিত; 3 উত্তেজিত, অনুপ্রাণিত (কল্পনাকে উদ্দীপ্ত করা)। [সং. উৎ + দীপ্ত]। |
| উদ্দেশ | বি. | 1 লক্ষ্য (তোমাকে উদ্দেশ করে বলেছে); 2 খোঁজ, সন্ধান (নিখোঁজ ছেলের উদ্দেশে, নিরুদ্দেশ); 3 মতলব, উদ্দেশ্য (কী উদ্দেশে এখানে এসেছ?); 4 বার্তা, সংবাদ (ওখানে গিয়ে একবার তার উদ্দেশ নিয়ো); 5 স্মরণ (দেবতার উদ্দেশে নিবেদন)। [সং. উৎ + √ দিশ্ + অ]। |
| উদ্দেশক | বিণ. | উদ্দেশকারী। |
| উদ্দেশ্য | বিণ. | 1 উদ্দেশ করা হয় বা হয়েছে এমন; 2 অভিপ্রেত (ওকথা বলা আমার উদ্দেশ্য ছিল না)। ✗ বি. 1 অভিপ্রায়, মতলব, অভিসন্ধি; 2 লক্ষ্য (আগে উদ্দেশ্যটা ঠিক করো); 3 (ব্যাক.) বাক্যে যার সম্বন্ধে কিছু বলা হয় (উদ্দেশ্য ও বিধেয়)। [সং. উৎ + √ দিশ্ + য]। |
| উদ্দেশ্যবিহীন, উদ্দেশ্যহীন | বিণ. | কোনো লক্ষ্য বা স্থির অভিপ্রায় নেই এমন (উদ্দেশ্যবিহীন ঘোরাঘুরি)। |
| উদ্ধত | বিণ. | 1 যার স্বভাবে বা আচরণে বিনয়ের অভাব রয়েছে, অবিনীত, ধৃষ্ট (গর্বোদ্ধত); 2 উগ্র, দুর্দান্ত; 3 গোঁয়ার। [সং. উৎ + √ হন্ + ত]। বি. ঔদ্ধত্য। |
| উদ্ধতস্বভাব | বিণ. | স্বভাবে দুর্বিনীত বা ধৃষ্টতাযুক্ত। |
| উদ্ধরণ | বি. | 1 উদ্ধার বা উদ্ধার করা; 2 উপরে তোলা, উত্তোলিত করা; 3 কোনো রচনার অংশ উদ্ধৃত করা। [সং. উৎ + √ ধৃ + অন]। |
| উদ্ধার | বি. | 1 পরিত্রাণ, নিষ্কৃতি (বিপদ থেকে উদ্ধার পাওয়া); 2 হাসিল করা, সফলতা (কার্যোদ্ধার); 3 উত্তোলন, উন্নয়ন (পঙ্কোদ্ধার); 4 হারিয়ে-যাওয়া বা নষ্ট হয়ে-যাওয়া জিনিস আবার ফিরে পাওয়া (লুপ্তোদ্ধার); 5 উদ্ধৃতি (উদ্ধার চিহ্ন)। [সং. উৎ + √ হৃ, √ ধৃ + অ]। **উদ্ধার চিহ্ন** – বি. উদ্ধৃতি চিহ্ন(“”)। |
| উদ্ধারক | বিণ. বি. | উদ্ধারকারী। |
| উদ্ধারকার্য | বি. | বিপন্ন লোকজনকে বাঁচাবার কাজ। |

| | | |
|---|---|---|
| উদ্ধারাশ্রম | বি. | বিপন্ন বা অসহায় মানুষকে উদ্ধারের জন্য যেখানে আশ্রয় দেওয়া হয়। |
| উদ্ধৃত | বিণ. | 1 উত্তোলিত ('উদ্ধত প্রেম উদ্ধৃত হাতে আনে': বিষ্ণু); 2 কোনো উক্তি বা রচনা থেকে গৃহীত; 3 পুনরধিকৃত; 4 মোচিত, মুক্তি দেওয়া হয়েছে এমন। [সং. উৎ + √ ধৃ, √ হৃ + ত]। |
| উদ্ধৃতি | বি. | উত্তোলন; কোনো রচনা বা উক্তি থেকে আহরণ; মোচন। |
| উদ্বন্ধন | বি. | (আত্মহত্যার জন্য) গলায় দড়ি বাঁধা; ফাঁসি (উদ্বন্ধনে মৃত্যু)। [সং. উৎ + বন্ধন]। |
| উদ্বন্ধনরজ্জু | বি. | ফাঁসির দড়ি। |
| উদ্বমন | বি. | উদ্গিরণ; বমন। [সং. উৎ + বমন]। |
| উদ্বর্ত | বি. | 1 প্রয়োজন মিটে যাবার পরে যে অংশ পড়ে থাকে; 2 উদ্বৃত্ত অংশ। ✗ বিণ. প্রয়োজন মিটে যাবার পরে বাকি বা উদ্বৃত্ত আছে এমন, উদ্বৃত্ত; অতিরিক্ত। [সং. উৎ + √ বৃৎ + অ]। |
| উদ্বর্তন১ | বি. | 1 উন্নতি; 2 জীবনসংগ্রামে বা প্রাকৃতিক নির্বাচনে টিকে থাকা, survival (যোগ্যতমের উদ্বর্তন); 3 সর্বাঙ্গীণ উন্নতি বা প্রসার, development. [সং. উৎ + √ বৃৎ + অন]। |
| উদ্বর্তন২ | বি. | 1 গন্ধদ্রব্যাদি দিয়ে লেপন; গন্ধলেপন; 2 অঙ্গমার্জনা; 3 বিলেপনদ্রব্য ('রাধাপ্রতি কৃষ্ণস্নেহ সুগন্ধি-উদ্বর্তন: চৈ. চ)। [সং. উৎ + √ বৃৎ + ণিচ্ + অন]। |
| উদ্বায়িতা | | দ্র উদ্বায়ী। |
| উদ্বায়ী (-য়িন্) | বিণ. | বাতাসে উবে যায় এমন, volatile (বি. প.)। [সং. উৎ + √ বা + ইন্]। ⊙ বি. উদ্বায়িতা। |
| উদ্বাসন | বি. | 1 ত্যাগ, বিসর্জন; 2 স্বদেশ ত্যাগ করা বা সেখান থেকে বিতাড়িত হওয়া, evacuation (স. প.)। [সং. উৎ + √ বস্ + ণিচ্ + অন]। |
| উদ্বাস্তু | বিণ. | নিজের বাস্তুভিটা বা বসতবাড়ি ত্যাগ করতে বাধ্য । ✗ বি. বাসভূমি থেকে বিচ্যুত বা বিতাড়িত ব্যক্তি(পূর্ববঙ্গের উদ্বাস্তু)। [সং. উৎ + বাস্তু]। |
| উদ্বাহ | বি. | বিবাহ, পরিণয়। [সং. উৎ + √ বহ্ + অ]। |
| উদ্বাহন | বি. | 1 বিবাহদান, বিয়ে দেওয়া; 2 উদ্ধারকার্য; উদ্ধারসাধন। [সং. উৎ + √ বহ্ + ণিচ্ + অন]। |
| উদ্বাহিত | বিণ. | বিবাহিত। |
| উদ্বাহী (-হিন্) | বিণ. | বিবাহ করে বা করছে এমন। |
| উদ্বাহু | বিণ. | ঊর্ধ্ববাহু, বাহু উঁচু করে রয়েছে এমন। [সং. উৎ + বাহু]। |

| | | |
|---|---|---|
| উদ্বিগ্ন | বিণ. | দুশ্চিন্তাগ্রস্ত, উৎকণ্ঠিত; শঙ্কিত। [সং. উৎ + √ বিজ্ + ত]। |
| উদ্বিড়াল | বি. | ভোঁদড়। [< সং. উদ্ + বিড়াল]। |
| উদ্বুদ্ধ | বিণ. | 1 উৎসাহিত, প্রাণিত (মহান আদর্শে উদ্বুদ্ধ); 2 জাগরিত, চেতনাপ্রাপ্ত। [সং. উৎ + √ বুধ্ + ত]। |
| উদ্বৃত্ত | বিণ. | অতিরিক্ত, বাকি; বাড়তি (উদ্বৃত্ত অর্থ, উদ্বৃত্ত সময়)। [সং. উৎ + √ বৃৎ + ত]। |
| উদ্বেগ, উদ্‌বেগ | বি. | উৎকণ্ঠা, দুশ্চিন্তা; সংশয়জনিত ব্যাকুলতা ('উদ্বেগে তাকায়ো না বাইরে': রবীন্দ্র)। [সং. উৎ + √ বিজ্ + অ]। |
| উদ্বেগশূন্য, উদ্বেগহীন | বিণ. | উৎকণ্ঠা নেই এমন। ⊙ বি. উদ্বেগশূন্যতা, উদ্বেগহীনতা। |
| উদ্বেজক | বিণ. | 1 উদ্বেগজনক; 2 কষ্টকর বা বিরক্তিকর। [সং. উৎ + √ বিজ্ + অক]। |
| উদ্বেজন | বি. | উদ্বেগ; উদ্বিগ্ন বা উত্যক্ত করা। |
| উদ্বেজিত | বিণ. | উদ্বিগ্ন বা উত্যক্ত করা হয়েছে এমন। |
| উদ্বেজয়িতা (-তৃ) | বিণ. | উদ্বেগসৃষ্টিকারী। [সং. উৎ + √ বিজ্ + ণিচ্ + তৃ]। ⊙ স্ত্রী. উদ্বেজয়িত্রী। |
| উদ্বেল | বিণ. | 1 উচ্ছলিত (উদ্বেল অশ্রু, উদ্বেল আবেগ); 2 উথলিত; 3 বেলাভূমি বা তীর অতিক্রম করেছে এমন (উদ্বেল ঢেউ)। [সং. উৎ + বেলা]। |
| উদ্বেলিত | বিণ. | উদ্বেল হয়েছে এমন, ব্যাকুলিত; ব্যাকুলীকৃত (উদ্বেলিত হৃদয়)। |
| উদ্বোধ | বি. | 1 বোধের উদয়, বোধোদয়, জ্ঞানের উন্মেষ; 2 বিস্মৃত বিষয় মনে পড়া। [সং. উৎ + বোধ]। |
| উদ্বোধক | বিণ. বি. | 1 বোধ উদ্রেককারী; 2 চেতনা সঞ্চারকারী; 3 উদ্দীপক; 4 স্মারক। |
| উদ্বোধন | বি. | 1 জ্ঞান বা বোধের উদ্রেক; 2 চেতনা সঞ্চার; 3 জাগরণ; 4 যা জানিয়ে দেয়; 5 (বাং. অর্থ) আনুষ্ঠানিক আরম্ভ বা উন্মোচন (অনুষ্ঠানের শুভ উদ্বোধন)। [সং. উৎ + বোধন]। |
| উদ্ব্যক্ত | বিণ. | জোর বা ঝোঁক দিয়ে প্রকাশিত, emphatic. [সং. উৎ + ব্যক্ত]। |
| উদ্ব্যক্তি | বি. | জোর বা ঝোঁক সহকারে প্রকাশ, emphasis. |
| উদ্ভট | বিণ. | 1 (বাং.) উৎকট, অদ্ভুত, আজগুবি (উদ্ভট কল্পনা, উদ্ভট কাণ্ড); 2 (সং.) অজ্ঞাত লেখকের রচিত কিন্তু লোকপ্রসিদ্ধ (উদ্ভট কবিতা); 3 (সং.) গ্রন্থবহির্ভূত (উদ্ভট শ্লোক)। [সং. উৎ + √ ভট্ + অ]। |
| উদ্ভটি, উদ্ভুট্টি | বিণ.বি. | অদ্ভুত, আজগুবি। [উদ্ভট দ্র]। |
| উদ্ভব | বি. | উৎপত্তি, জন্ম (সমস্যার উদ্ভব, নতুন চিন্তার উদ্ভব)। [সং. উৎ + √ ভূ + অ]। |

| | | |
|---|---|---|
| উদ্ভাবন, উদ্‌ভাবন | বি. | 1 আবিষ্কার (উপায় উদ্ভাবন); 2 উৎপাদন; 3 সৃজন (শিল্পসামগ্রীর উদ্ভাবন)। [সং. উৎ + √ ভূ + ণিচ্ + অন]। **উদ্ভাবনী-শক্তি** – বি. সৃজন করার ক্ষমতা, সৃজনশক্তি। |
| উদ্ভাবক | বিণ. বি. | আবিষ্কারক; সৃজক; রচয়িতা। |
| উদ্ভাবনীয়, উদ্ভাব্য | বিণ. | উদ্ভাবনযোগ্য। |
| উদ্ভাবিত | বিণ. | উদ্ভাবন করা হয়েছে এমন। |
| উদ্ভাস | বি. | 1 প্রকাশ, বিকাশ; 2 দীপ্তি, শোভা (আলোর উদ্ভাস)। [সং. উৎ + √ ভাস্ + অ]। |
| উদ্ভাসক | বিণ. | প্রকাশক; দীপ্তিসাধক। |
| উদ্ভাসন | বি. | আলোকিত করা; প্রকাশ করা; উদ্দীপন। |
| উদ্ভাসিত | বিণ. | আলোকিত, দীপ্ত; উজ্জ্বলভাবে প্রকাশিত ('মহিমা তব উদ্ভাসিত': রবীন্দ্র)। |
| উদ্ভাসক, উদ্ভাসন | | দ্র উদ্ভাস। |
| উদ্ভিজ্জ | বিণ. | উদ্ভিদজাত, উদ্ভিদ থেকে তৈরি (উদ্ভিজ্জ তেল)। ✗ বি. তরুলতাগুল্মাদি যাকিছু ভূমি ভেদ করে জন্মে। [সং. উদ্ভিদ্ + √ জন্ + অ]। |
| উদ্ভিজ্জাণু | বি. | যে ক্ষুদ্র উদ্ভিদকে খালি চোখে দেখা যায় না। |
| উদ্ভিজ্জাশী (-শিন্) | বিণ. | উদ্ভিদভোজী; নিরামিষাশী। |
| উদ্ভিদ (-দ্) | বিণ. বি. | তৃণলতাগুল্মাদি যা মাটি ভেদ করে জন্মে, এবং তাদের অঙ্কুর। [সং. উৎ + √ ভিদ্ + ক্বিপ্]। |
| উদ্ভিদণু | বি. | উদ্ভিজ্জাণু। |
| উদ্ভিদবিদ্যা | বি. | উদ্ভিদসংক্রান্ত বিজ্ঞান, botany. |
| উদ্ভিন্ন | বিণ. | 1 অঙ্কুরিত; 2 প্রকাশিত, বিকশিত ('প্রীতির উদ্ভিন্ন কলি': সু. দ.; উদ্ভিন্নযৌবনা); 3 (সচ. মাটি) ভেদ করে উত্থিত। [সং. উৎ + √ ভিদ্ + ত]। |
| উদ্ভূত | বিণ. | 1 উৎপন্ন; 2 জাত (লোভ থেকে উদ্ভূত); 3 প্রকাশিত; 4 উদিত। [সং. উৎ + √ ভূ + ত]। স্ত্রী. উদ্ভূতা। |
| উদ্ভেদ | বি. | 1 প্রকাশ, বিকাশ, প্রকটন; 2 প্রস্ফুটন (পুষ্পোদ্ভেদ); 3 উদগম (অঙ্কুরোদ্ভেদ); 4 আবিষ্কার (অর্থোদ্ভেদ); 5 ফোড়া অর্বুদ ইত্যাদি যা দেহের ভিতর থেকে চামড়ার উপর বেরোয়। [সং. উৎ + √ ভিদ্ + অ]। |
| উদ্ভেদী (-দিন্) | বিণ. | মাটি ভেদ করে ওঠে এমন। |
| উদ্যত | বিণ. | 1 উপক্রম করেছে এমন; উন্মুখ (রণোদ্যত); 2 উন্মত্ত, ক্ষিপ্ত; 3 উদ্যমশীল |

| | | |
|---|---|---|
| | | ('উদ্যত কর জাগ্রত কর': রবীন্দ্র); 4 উত্তোলিত (উদ্যত তরবারি)। [সং. উৎ + √ যম্ + ত]। |
| উদ্যতি | বি. | উদ্যম, উদ্যোগ। |
| উদ্যম | বি. | 1 উৎসাহ; 2 উদ্যোগ, চেষ্টা; 3 অধ্যবসায়; 4 উপক্রম (কর্মের উদ্যম)। [সং. উৎ + √ যম্ + অ]। |
| উদ্যমশীল | বিণ. | চেষ্টা বা প্রযত্ন আছে এমন; উদ্যমী। |
| উদ্যমহীন | বিণ. | চেষ্টা নেই এমন। বি. উদ্যমহীনতা। |
| উদ্যমী | বিণ. | উদ্যমশীল। |
| উদ্যান | বি. | বাগান, বাগিচা; উপবন। [সং. উৎ + √ যা + অন]। |
| উদ্যানপাল, উদ্যানপালক, উদ্যানরক্ষক | বিণ.বি. | উদ্যানের রক্ষণাবেক্ষণ যে করে; মালী। |
| উদ্যানবাটিকা | বি. | বাগানবাড়ি। |
| উদ্যুক্ত | বিণ. | উদ্যোগবিশিষ্ট; বেষ্টিত; যত্নবান। [সং. উৎ + √ যুজ্ + ত]। |
| উদ্যোগ | বি. | 1 উদ্যম, চেষ্টা, সযত্ন চেষ্টা; 2 উপক্রম, আয়োজন (একটা বিরাট অনুষ্ঠানের উদ্যোগ চলছে); 3 (হিন্দির প্রভাবে)। শিল্পদ্রব্যাদি উৎপাদন বা উৎপাদনের চেষ্টা (গ্রামোদ্যোগ)। [সং. উৎ + √ যুজ্ + অ]। |
| উদ্যোগী(-গিন্) | বিণ. | যত্নশীল, চেষ্টাযুক্ত; উদ্যমী, উৎসাহী (উদ্যোগী পুরুষ)। |
| উদ্যোক্তা | বিণ. | আয়োজনকারী; উদ্যোগকারী। |
| উদ্র | বি. | উদ্বিড়াল। [সং. √ উন্দ্ + র]। |
| উদ্রিক্ত | বিণ. | 1 উদ্রেক বা সঞ্চার করা হয়েছে এমন, সঞ্চারিত (মনে দয়া উদ্রিক্ত হয়েছে); 2 উত্তেজিত। [সং. উৎ + √ রিচ্ + ত]। |
| উদ্রেক | বি. | সঞ্চার, উদয় (ক্ষুধার উদ্রেক, চেতনার উদ্রেক)। [সং. উত্+ √ রিচ্ + অ]। |
| উধাও | বিণ. | অদৃশ্য, নিরুদ্দেশ; চোখের আড়ালে চলে গেছে এমন (লোকটা টাকাটা নিয়ে উধাও হয়ে গেছে)। ✗ বি. ঊর্ধ্বে ধাবন, ('উধাও করিয়া আইল পাটীনগর': গো. গী.)। [< সং. উদ্ধাবন]। |
| উধো, উন, উনন | | যথাক্রমে উদো, ঊন ও উনুন -এর রূপভেদ। |
| উন-পাঁজুরে | বিণ. | 1 যার পাঁজর দুর্বল অর্থাৎ যে দুর্বলচেতা, দুর্বল; 2 হতভাগ্য। [বাং. উন (< সং. ঊন) + পাঁজর + ইয়া > এ]। |
| উনা | | দ্র ঊন। |

| | | |
|---|---|---|
| উনান | | দ্র উনুন। |
| উনি | সর্ব | (সম্ভ্রমার্থে) সামনের ওই ব্যক্তি, তিনি (উনি কি এসব জানেন?)। [< সং. অদস্]। |
| উনিশ | বি.বিণ. | ১৯ সংখ্যা বা সংখ্যক। [সং. ঊনবিংশতি]। **উনিশ-বিশ** – বি. অতি সামান্য তফাত; অল্প পার্থক্য। |
| উনিশে | বি.বিণ. | মাসের উনিশ তারিখ বা তারিখের। |
| উনুন, উনান | বি. | চুল্লি, চুলো, যাতে আগুনের তাপ বা অন্যভাবে তাপ উৎপন্ন করে খাদ্যাদি রান্না করা হয়। [< সং. উদস্থান]। |
| উন্নত | বিণ. | 1 উত্থিত; 2 উঁচু (উন্নতমস্তক, উন্নত বৃক্ষশাখা); 3 শ্রীবৃদ্ধিসম্পন্ন; 4 ভাগ্যবান; 5 মহৎ, উদার (উন্নতহৃদয়); 6 শক্তি ও সমৃদ্ধির প্রাচুর্যবিশিষ্ট (উন্নত দেশ)। [সং. উৎ + নত]। |
| উন্নতি | বি | 1 শ্রীবৃদ্ধি; 2 উঁচু অবস্থা বা অবস্থান; 3 সমৃদ্ধ অবস্থা, সৌভাগ্য; 4 অভ্যুদয়। |
| উন্নতিবিধান | বি. | সমৃদ্ধিশালী বা শ্রীবৃদ্ধিযুক্ত করা। |
| উন্নতশীল | বিণ. | যার উন্নতি ঘটছে এমন। |
| উন্নদ্ধ | বিণ. | 1 ঊর্ধ্বে বদ্ধ বা সংযত (উন্নদ্ধ বেণী); 2 স্ফীত। [সং. উৎ + √ নহ্ + ত]। |
| উন্নমন | বি. | 1 উপরে তোলা, উত্তোলন; 2 উপরে রাখা বা স্থাপন; 3 উন্নতি। [সং. উৎ + √ নম্ + ণিচ্ + অন]। |
| উন্নমিত | বিণ. | উন্নমন করা হয়েছে এমন। |
| উন্নয়ন | বি. | 1 উত্তোলন; 2 উন্নতিসাধন; 3 উন্নতি (শিল্পের মানোন্নয়ন)। [সং. উৎ +√ নী + অন]। |
| উন্নয়নমুখী | বিণ. | যাতে উন্নয়ন বা উন্নতি হয় এমন; উন্নতির কাজে নিয়োজিত। |
| উন্নয়নশীল | বিণ. | শক্তিবৃদ্ধি ও উন্নতিসাধনে সচেষ্ট কিন্তু যথার্থ উন্নত নয় এমন। |
| উন্নাসিক | বিণ. | অবজ্ঞায় নাক উঁচু করে বা বাঁকায় এমন, সব-কিছুকেই তুচ্ছ করে এমন। [সং. উৎ + নাসা + ইক]। |
| উন্নাসিকতা | বি. | উন্নাসিকআচরণ বা মনোভাব। |
| উন্নিদ্র | বিণ. | নিদ্রাহীন, বিনিদ্র ('কেটেছে উন্নিদ্র রাত')। [সং. উৎ + নিদ্রা]। |
| উন্নিদ্রা | বি. | 1 নিদ্রাহীনতা; 2 সতর্কতা। |
| উন্নীত | বিণ. | উত্তোলিত, ঊর্ধ্বে নীতি; উন্নতিপ্রাপ্ত হয়েছে এমন (উচ্চতর শ্রেণীতে উন্নীত)। [সং. উৎ + নীত]। |
| উন্নেতা (-তৃ) | বিণ. | উন্নীত করে বা ঊর্ধ্বে নিয়ে যায় এমন; উন্নয়নকারী। [সং. উৎ + √ নী + |

| | | |
|---|---|---|
| | | তৃ]। |
| উন্মগ্ন | বিণ. | ডুবজল থেকে উত্থিত। [সং. উৎ + মগ্ন]। |
| উন্মজ্জন | বি. | ডুবজল থেকে ভেসে ওঠা; ভাসা। |
| উন্মত্ত | বিণ. | 1 ক্ষিপ্ত, ক্ষেপে গেছে এমন; 2 পাগল; 3 হিতাহিতজ্ঞান নেই এমন (রাগে উন্মত্ত হয়ে এসব করেছে); 4 অতিশয় আসক্ত; 5 আত্মহারা। [সং. উৎ + মত্ত]। ⊙ বি. উন্মত্ততা। ⊙ স্ত্রী. উন্মত্তা। |
| উন্মথন | বি. | 1 মন্থন; 2 ভালভাবে মথিত করা বা ঘোঁটা; 3 মর্দন; 4 হনন, হত্যা ('শত্রুর উন্মথন')। [সং. উৎ + √ মথ্ + অন]। |
| উন্মথিত | বিণ. | 1 মন্থন করা হয়েছে এমন; 2 আলোড়িত; 3 বাইরের আকর্ষণের ফলে উদ্বেলিত বা উত্তেজিত ('উন্মথিত যৌবন': রবীন্দ্র)। |
| উন্মদ | বিণ. | উন্মত্ত, প্রমত্ত; ক্ষিপ্ত। [সং. উৎ + √ মদ্ + অ]। ⊙ স্ত্রী. উন্মদা। |
| উন্মন | বিণ. | 1 অন্যমনস্ক; 2 উদ্বেগযুক্ত ('উন্মন হইয়া ভাবেন ব্যাস)'। [সং. উৎ + মনস্]। |
| উন্মনা (-নস্) | বিণ. | 1 অন্যমনস্ক; 2 উৎকণ্ঠিত, ব্যাকুল; 3 (বিরল) উদাস। [সং. উৎ + মনস্]। |
| উন্মন্থ, উন্মন্থন | বি. | আলোড়ন; মন্থন। [সং. উৎ + মন্থ, মন্থন]। |
| উন্মাদ | বি. | উন্মত্ততা, পাগলামি (উন্মাদরোগ)। ✗ বিণ. ক্ষিপ্ত, পাগল; হিতাহিত জ্ঞানহারা; প্রচণ্ড (উন্মাদ বেগ)। [সং. উৎ + √ মদ্ + অ]। |
| উন্মাদন | বি. | চিত্তচাঞ্চল্যের সৃষ্টি; উন্মত্ত করা, পাগল করা। ✗ বিণ. যার দ্বারা উন্মত্ত করা যায় এমন, উন্মত্ততা সম্পাদক (উন্মাদন-রূপরাশি)। [সং. উৎ + √ মদ্ + ণিচ্ + অন]। |
| উন্মাদক | বিণ. | উন্মত্ততা জন্মায় এমন। |
| উন্মাদনা | বি. | প্রবল উত্তেজনা; প্রবল উৎসাহ; চিত্তবিক্ষোভ। |
| উন্মাদিত | বিণ. | উন্মত্ত করা হয়েছে এমন; উন্মাদযুক্ত। |
| উন্মাদী(-দিন্) | বিণ. | উন্মত্ত, প্রমত্ত, পাগল; যে. বা যা পাগল করে, উন্মাদক (চিত্তোন্মাদী)।⊙ স্ত্রী. উন্মাদিনী। |
| উন্মান | বি. | 1 পরিমাণবিশেষ; 2 ওজন; 3 তুলাদণ্ড। [সং. উদ্ + √ মা + অন]। ⊙ বিণ. উন্মিত। |
| উন্মার্গ | বি. | 1 অসৎপথ, কুপথ; 2 ভ্রষ্টাচার, অসদাচরণ। ✗ বিণ. কুপথগামী, কদাচারী। [সং. উদ্ + মার্গ]। |
| উন্মার্গগামী (-মিন্) | বিণ. | কুপথে গেছে এমন, কুপথগামী, অসদাচারী। |
| উন্মিষিত | | দ্র উন্মেষ। |

| | | |
|---|---|---|
| উন্মীলন | বি. | 1 চোখ মেলা; 2 উন্মেষ, প্রকাশ। [সং. উদ্ + √ মীল্ + অন]। |
| উন্মীলিত | বিণ. | চোখ মেলেছে এমন; উন্মীলন হয়েছে এমন; প্রকাশিত; উদ্ঘাটিত। |
| উন্মুক্ত | বিণ. | 1 খোলা; বাধা বা বন্ধন নেই এমন (উন্মুক্ত গতি); 2 অনাবৃত (উন্মুক্ত আকাশ); 3 উদার, অকপট (উন্মুক্ত প্রাণ)। [সং. উদ্ + মুক্ত]। ⊙ বি. উন্মুক্ততা। |
| উন্মুখ | বিণ. | 1 ব্যগ্র, উৎসুক (শোনবার আশায় উন্মুখ); 2 উদ্যত (পতনোন্মুখ); 3 প্রবৃত্ত, তৎপর। [সং. উদ্ + মুখ]। ⊙ বি. উন্মুখতা। |
| উন্মুদ্র | বিণ. | 1 মুদ্রা বা শিলমোহরের চিহ্ন নেই এমন, মুদ্রাচিহ্নহীন; 2 মুদ্রিত বা বোজা নয় এমন; বিকশিত, প্রস্ফুটিত ('উন্মুদ্র উষার লগ্নে': সু. দ.)। [সং. উদ্ + মুদ্রা]। |
| উন্মূল | বিণ. | মূল উৎপাটিত হয়েছে এমন। [সং. উদ্ + মূল]। |
| উন্মূলন | বি. | সমূলে উৎপাটন; উচ্ছেদ; বিনাশ। |
| উন্মূলিত | বি. | সমূলে উৎপাটিত করা হয়েছে এমন। |
| উন্মূলয়িতা (-তৃ) | বিণ. | উন্মূলনকারী। ⊙ স্ত্রী. উন্মূলয়িত্রী। |
| উন্মেষ, উন্মেষণ | বি. | 1 চোখ মেলা, উন্মীলন; 2 উদ্রেক; সঞ্চার; 3 উদ্ভব; প্রকাশ (জ্ঞানের উন্মেষ, সভ্যতার উন্মেষ, চেতনার উন্মেষ)। [সং. উদ্ + √ মিষ্ + অ, অন]। |
| উন্মেষিত, উন্মিষিত | বিণ. | উন্মেষ করা হয়েছে এমন; বিকশিত, উন্মীলিত। |
| উন্মোচন | বি. | খুলে ফেলা, উদ্ঘাটন; বন্ধন বা আবরণ মুক্ত করা (মূর্তির আবরণ উন্মোচন করা)। [সং. উদ্ + মোচন]। |
| উন্মোচিত | বিণ. | খুলে ফেলা হয়েছে এমন, উদ্ঘাটিত। |
| উপ | অব্য. | নৈকট্য, উৎকর্ষ, সাদৃশ্য, ন্যূনতা ইত্যাদি সূচক উপসর্গ (উপকূল, উপভোগ, উপবন, উপগ্রহ)। |
| উপকণ্ঠ | বি. | গ্রাম শহর ইত্যাদির প্রান্ত, উপান্ত; সমীপ, নিকট (তাঁর বাস এই শহরের উপকণ্ঠে)। ✗ ক্রি-বিণ. আকণ্ঠ, কণ্ঠ পর্যন্ত। [সং. উপ + কণ্ঠ]। |
| উপকথা | বি. | রূপকথা, উপাখ্যান, গল্প। [সং. উপ + কথা]। |
| উপকরণ | বি. | 1 উপাদান, কোনো কার্য সাধনের জন্য প্রয়োজনীয় বস্তু (ইতিহাসের উপকরণ, জীবনযাত্রার উপকরণ); 2 পূজার নৈবেদ্য ইত্যাদি, উপচার। [সং. উপ + √ কৃ + অন]। |
| উপকর্তা (র্তৃ) | বি.বিণ. | উপকারক, উপকার করে যে (ব্যক্তি)। [সং. উপ + √ কৃ + তৃ]। ⊙ স্ত্রী. উপকর্ত্রী। |

| | | |
|---|---|---|
| উপকার | বি. | মঙ্গলসাধন, হিতসাধন; কল্যাণ; সাহায্য; অনুগ্রহ। [সং. উপ + √ কৃ + অ]। |
| উপকারক, উপকারী (-রিন্) | বিণ. | উপকার করে এমন, উপকর্তা। ⊙ স্ত্রী. উপকারিকা, উপকারিণী। |
| উপকারিতা | বি. | উপযোগিতা, উপকারসাধনের ক্ষমতা। |
| উপকার্য | বিণ. | উপকারলাভের যোগ্য। |
| উপকূল | বি. | নদী সমুদ্র প্রভৃতির তীরের নিকটবর্তী স্থান, বেলাভূমি। [সং. উপ + কূল]। |
| উপকৃত | বিণ. | উপকার করা হয়েছে এমন, উপকারপ্রাপ্ত (তাঁর এই সাহায্যে আমি খুবই উপকৃত হয়েছি)। [সং. উপ + √ কৃ + ত]। বি. উপ-কৃতি। |
| উপক্রন্তা (-ন্তৃ) | বিণ. | উপক্রম করছে এমন; আরম্ভ করছে এমন, উদ্যোক্তা। [সং. উপ + √ ক্রম্ + তৃ]। |
| উপক্রম | বি. | 1 উদ্যোগ; 2 চেষ্টা; 3 আরম্ভ, সূত্রপাত (কলহের উপক্রম হল, আলোচনা ভেঙে যাবার উপক্রম)। [সং উপ + √ ক্রম্ + অ]। |
| উপক্রমণিকা | বি. | 1 আরম্ভ, সূত্রপাত; 2 ভূমিকা, মুখবন্ধ, প্রস্তাবনা। |
| উপক্রমণীয় | বিণ. | আরম্ভ করার যোগ্য। |
| উপক্রান্ত | বিণ. | আরম্ভ হয়েছে এমন, আবদ্ধ। |
| উপক্রিয়া | বি. | উপকার। [সং. উপ + ক্রিয়া]। |
| উপক্রোশ | বি. | নিন্দা, কুৎসা। [সং. উপ + √ ক্রুশ্ + অ]। |
| উপক্রোষ্টা | বিণ. | নিন্দাকারী, নিন্দুক। |
| উপক্ষয় | বি. | ক্ষতি, অপচয়; হানি। [সং. উপ + ক্ষয়]। |
| উপক্ষার | বি. | নাইট্রোজেনযুক্ত মৌলিক পদার্থবিশেষ, alkaloid (বি. প.)। [সং. উপ + ক্ষার]। |
| উপগত | বিণ. | 1 উপস্থিত; সমাগত; 2 সন্নিহিত, নিকটবর্তী; 3 সংঘটিত, ঘটেছে এমন; 4 আসক্ত, অনুরক্ত; 5 মৈথুন বা রতিক্রিয়া করেছে এমন; 6 লব্ধ; জ্ঞাত। [সং. উপ + √ গম্ + ত]। |
| উপগম, উপগমন | বি. | 1 আবির্ভাব, উৎপত্তি (ক্রোধোপগম, গ্রীষ্মোপগম); 2 উপস্থিতি; 3 কাছে বা নিকটে যাওয়া; 4 লাভ, প্রাপ্তি; 5 স্ত্রীসংগম। [সং. উপ + √ গম্ + অ, অন]। |
| উপগিরি | বি. | 1 পর্বতের নিকট বা উপকণ্ঠ; 2 ছোট পাহাড়, খণ্ডশৈল; 3 নকল পাহাড়। [সং. উপ + গিরি]। |
| উপগুরু | বি. | গুরুস্থানীয় ব্যক্তি; গুরুর প্রতিনিধি। [সং. উপ + গুরু]। |

| | | |
|---|---|---|
| উপগ্রহ | বি. | 1 গ্রহকে প্রদক্ষিণ করে এমন ক্ষুদ্র গ্রহ (চন্দ্র পৃথিবীর উপগ্রহ); অনুষঙ্গী গ্রহ; 2 উপদ্রব, আপদ; 3 মনুষ্যসৃষ্ট কৃত্রিম পৃথিবী পরিক্রমারত যন্ত্র। [সং. উপ + গ্রহ]। |
| উপঘাত | বি. | 1 বিনাশ, ধ্বংস; 2 আঘাত; 3 ক্ষতি। [সং. উপ + √ হন্ + অ]। |
| উপঘাতক | বিণ. | বিনাশকারী; আঘাতকারী; ক্ষতিসাধন করে এমন। |
| উপচক্ষু | বি. | 1 দিব্য চোখ; 2 চশমা। [সং. উপ + চক্ষুঃ]। |
| উপচয় | বি. | 1 সমূহ; সংগ্রহ; 2 উন্নতি, শ্রীবৃদ্ধি; 3 পুষ্টি; 4 সম্পত্তির মূল্যবৃদ্ধি; appreciation (বি. প.); 5 (জ্যোতিষ) রাশিচক্রে লগ্ন থেকে তৃতীয়, ষষ্ঠ, দশম ও একাদশ স্থান। [সং. উপ + √ চি + অ]। ⊙ বি প. অপচয়। ⊙ বিণ. উপচিত। |
| উপচরিত | | দ্র উপচার। |
| উপচর্যা | বি. | 1 সেবা, পরিচর্যা; 2 চিকিৎসা। [সং. উপ + √ চর্ + য + আ]। |
| উপচা, উপচানো | ক্রি. | ছাপিয়ে পড়া (জল উপচে পড়ছে), নদীর দুই কূল উপচে পড়ে); প্রয়োজনের অতিরিক্ত হওয়া। [সং. উপচয় + বাং. আ, আনো]। |
| উপচার | বি. | 1 পূজার সামগ্রী (ষোড়শ উপচারে পূজা); 2 সেবা; 3 চিকিৎসা (অস্ত্রোপচার); 4 ধর্মানুষ্ঠান; 5 লক্ষণ দেখে বুঝতে পারা। [সং. উপ + √ চর্ + অ]। |
| উপচরিত | বিণ. | উপচারপ্রাপ্ত; সেবা বা পূজা করা হয়েছে এমন। |
| উপচারশালা | বি. | অস্ত্রচিকিৎসার কক্ষ, operation theatre (স. প.)। ⊙ বিণ. উপচারিক। |
| উপচিকীর্ষা | বি. | পরোপকারের ইচ্ছা, অন্যের হিতসাধনের ইচ্ছা। [সং. উপ + √ কৃ + সন্ + অ + আ]। |
| উপচিকীর্ষু | বিণ. | পরোপকার করতে ইচ্ছুক বা আগ্রহী। |
| উপচিত | বিণ. | 1 সংগৃহীত; সঞ্চিত; 2 পরিপুষ্ট; বর্ধিত; 3 সমৃদ্ধ। [সং উপ + √ চি + ত]। |
| উপচিতি | বি. | সংগ্রহ; সঞ্চয়; পুষ্টি; সমৃদ্ধি; মূল্যবৃদ্ধি; (প্রাণি.) দেহস্থ টিসু বা কলার পুষ্টি বা পোষণ, anabolism (বি. প.)। |
| উপচীয়মান | বিণ. | উপচিত হচ্ছে এমন; বর্ধিত সঞ্চিত বা পুষ্ট হচ্ছে এমন। [সং. উপ + √ চি + মান (শানচ্)]। |
| উপচ্ছদ | বি. | ঢাকনি; আবরণী। [সং. উপ + √ ছাদি + অ]। |
| উপচ্ছায়া | বি. | 1 অপচ্ছায়া; ভূতপ্রেতের অস্পষ্ট ছায়াময় শরীর; 2 অনিষ্টকর ছায়া; 3 (বিজ্ঞা.) প্রচ্ছায়া বা নিবিড় ছায়ার প্রান্তস্থিত লঘু ছায়া, penumbra. [উপ + ছায়া]। |

| | | |
|---|---|---|
| উপজনন | বি. | 1 উৎপত্তি, জন্ম, উদ্ভব। [সং. উপ + √ জন্ + অন]। 2 উৎপাদন। |
| উপজা | ক্রি. | উৎপন্ন হওয়া, জন্মানো ('হৃদয়ে উপজে মহা কৌতুক': রবীন্দ্র)। [সং. উৎপদ্য > প্রাকৃ. উপ্পজ্জ > বাং. উপজ + আ]। |
| উপজাত | বিণ. | উদ্রিক্ত, উৎপন্ন (ক্রোধ উপজাত হল)। ✗ বি. 1 প্রধান দ্রব্যের উৎপাদনকালে জাত অন্য দ্রব্য, by-product (বি. প.); 2 ছন্দোবিশেষ। [সং. উপ + জাত]। |
| উপজাতি | বি. | 1 সংস্কৃত ছন্দোবিশেষ; 2 প্রধান জাতির অন্তর্ভুক্ত ক্ষুদ্রতম, এবং বহু ক্ষেত্রে অপেক্ষাকৃত অনগ্রসর, জাতি বা সম্প্রদায়। [সং. উপ (অপ্রধান) + জাতি]। |
| উপজিহ্বা | বি. | আলজিভ। [সং. উপ + জিহ্বা]। |
| উপজীবিকা | বি. | বৃত্তি বা জীবিকা; পেশা (কৃষি এদেশের অধিকাংশ মানুষের উপজীবিকা)। [সং. উপ + জীবিকা]। |
| উপজীবী (-বিন্) | বিণ. | বৃত্তি বা জীবিকা অবলম্বনকারী। |
| উপজীব্য | বিণ. | জীবিকা হিসাবে বা প্রয়োজনে গ্রহণযোগ্য। ✗ বি. 1 জীবনধারণের উপায়; 2 অবলম্বন (নাটকের উপজীব্য)। |
| উপজ্ঞা | বি. | 1 প্রথম জ্ঞান; 2 উপদেশ ছাড়া অর্জিত প্রথম জ্ঞান; 3 সহজাত জ্ঞান, instinct. [সং. উপ + √ জ্ঞা + অ]। |
| উপড়া | ক্রি. | উন্মূলিত করা, উৎপাটিত করা (ঝাড়েবংশে উপড়ে ফেলা)। [বাং. √ উপড়া]। |
| উপড়ানো | বি. | উৎপাটন, মূলোচ্ছেদ। ✗ ক্রি. উৎপাটিত করা। ✗ বিণ. উৎপাটিত করা হয়েছে এমন (ঝড়ে উপড়ানো গাছ)। |
| উপঢৌকন | বি. | উপহার, ভেট, সওগাত; নজরানা। [সং. উপ + √ ঢৌকি + অন]। |
| উপতারা | বি. | চোখের তারার চার দিকের রঞ্জিত মণ্ডল, কনীনিকা, iris. [সং. উপ + তারা]। |
| উপত্যকা | বি. | 1 পর্বতের নীচের দিকের ভূভাগ; দুই পর্বতের মধ্যবর্তী নিচু সমতলভূমি; 2 নদীর অববাহিকা (গাঙ্গেয় উপত্যকা)। [সং. উপ + √ ত্যকন্ + আ]। |
| উপদংশ | বি. | যৌনরোগবিশেষ, গরমি, syphilis. [সং. উপ + √ দন্শ্ + অ]। |
| উপদর্শক | বি. | 1 পথপ্রদর্শক, যে (ব্যক্তি) পথ দেখায়; 2 দ্বারপাল, দ্বাররক্ষক। [সং. উপ + √ দৃশ্ + ণিচ্ + অক]; 3 প্রত্যক্ষ সাক্ষী, eye-witness. |
| উপদিশ্যমান | বিণ. | 1 উপদেশপ্রাপ্ত হচ্ছে এমন, যাকে উপদেশ দেওয়া হচ্ছে এমন; 2 উপদেশের বিষয়ীভূত। [সং. উপ + √ দিশ্ + মান (শানচ্)]। |
| উপদিষ্ট | বিণ. | 1 উপদেশপ্রাপ্ত, উপদেশ পেয়েছে এমন (এইভাবে উপদিষ্ট হয়ে তিনি কাজ আরম্ভ করলেন); 2 উপদেশের বিষয়ীভূত। [সং. উপ + √ দিশ্ + ত]। |

| | | |
|---|---|---|
| উপদেবতা, উপদেব | বি. | 1 অপ্রধান দেবতা; 2 ভূত প্রেত ইত্যাদি দেবযোনি। [সং. উপ + দেবতা, দেব]। |
| উপদেশ | বি. | 1 পরামর্শ, মন্ত্রণা; কনিষ্ঠের প্রতি জ্যেষ্ঠের পরামর্শ; 2 কর্তব্য সম্বন্ধে নির্দেশ; অনুশাসন; 3 শিক্ষা। [সং. উপ + √ দিশ্ + অ]। |
| উপদেশক | বিণ. | উপদেষ্টা, উপদেশদানকারী। |
| উপদেশাত্মক | বিণ. | উপদেশ বা নীতিশিক্ষা দেয় এমন; উপদেশমূলক। |
| উপদেশ্য, উপদেশণীয়, উপদেষ্টব্য | বিণ. | উপদেশ দেওয়ার যোগ্য। |
| উপদেষ্টা (-ষ্টৃ) | বিণ. বি. | উপদেশক, শিক্ষক, গুরু; মন্ত্রণাদাতা। |
| উপদ্বীপ | বি. | তিন দিকে জলবেষ্টিত ভূভাগ, peninsula. [সং. উপ + দ্বীপ]। |
| উপদ্বীপীয় | বিণ. | উপদ্বীপসংক্রান্ত, peninsular. |
| উপদ্রব | বি. | 1 উৎপাত, দৌরাত্ম্য; অত্যাচার (মশার উপদ্রব, চোরের উপদ্রব); 2 বিপদ, অশুভ ঘটনা (এমন সময় এক উপদ্রব ঘটল)। [সং. উপ + √ দ্রু + অ]। |
| উপদ্রুত | বিণ. | উপদ্রবপীড়িত; বিপন্ন; অত্যাচারিত (উপদ্রুত এলাকা)। [সং. উপ + √ দ্রু + ত]। |
| উপধর্ম | বি. | 1 অপ্রশস্ত বা অপকৃষ্ট ধর্ম; 2 ধর্মের অঙ্গীভূত কুসংস্কার, ধর্মের নামে চলে এমন কুসংস্কার; 3 লৌকিক ধর্ম। [সং. উপ + ধর্ম]। |
| উপধা | বি. | 1 (ব্যাক.) অন্ত্যবর্ণের অব্যবহিত পূর্ববর্তী বর্ণ; 2 ছল; 3 উপায়; 4 অমাত্য প্রভৃতির সাধুতার পরীক্ষা। [সং. উপ + √ ধা + অ (অচ্) + আ]। |
| উপধাতু | বি. | 1 (আয়ু.) অষ্ট প্রধান ধাতুর মতো সাতটি ধাতু, যেমন মাক্ষিক তুঁতে বা তুত্থক নীলাঞ্জন অভ্র হরিতাল মনঃশিলা ও রসাঞ্জন; 2 দেহস্থ বা দেহ থেকে উদ্ভূত সাতটি পদার্থ, যেমন স্তন্য রজঃ শ্বেদ দন্ত কেশ ওজঃ বসা। [সং. উপ + ধাতু]। |
| উপধান,উপধানীয় | বি. | 1 উপাধান, বালিশ; 2 ধারণ; স্থাপন; 3 প্রণয়; 4 ব্রতবিশেষ; 5 উৎকর্ষ। [সং. উপ + √ ধা + অন]। |
| উপধায়ক, উপধায়ী (-য়িন্) | বিণ. | জন্ম দেয় এমন, জনক; উৎপাদক। [সং. উপ + √ ধা + অক, ইন্]। |
| উপধি | বি. | 1 ছল, চাতুরী, কপটতা; 2 রথের চাকা। [সং. উপ + √ ধা + ই]। |
| উপনক্ষত্র | বি. | অশ্বিনী প্রভৃতি নক্ষত্রের অনুগামী নক্ষত্র। [সং. উপ + নক্ষত্র]। |
| উপনগর | বি. | 1 ক্ষুদ্র নগর; 2 শহরতলি, শহর বা নগরের উপকণ্ঠ। [সং. উপ + নগর]। |

| | | |
|---|---|---|
| উপনদ, উপনদী | বি. | যে নদ বা নদী অন্য নদীতে গিয়ে পড়ে, tributary, affluent. [সং. উপ + নদ, নদী]। |
| উপনয়ন | বি. | 1 যজ্ঞোপবীত ধারণের সংস্কার, পইতে ধারণের অনুষ্ঠান; 2 বেদ অধ্যয়নের জন্য গুরুর কাছে আনা। [সং. উপ + √ নী + অন]। |
| উপনাম | বি. | আসল নামের বদলে প্রাপ্ত বা প্রদত্ত নাম; উপাধি; আখ্যা। [সং. উপ + নাম]। |
| উপনিবিষ্ট, উপনিবেশিত | বিণ. | উপনিবেশে স্থিত, উপনিবেশে বসবাস করছে এমন। |
| উপনিবেশ | বি. | কোনো জনগোষ্ঠীর দ্বারা বিদেশে স্থাপিত স্থায়ী আবাস, colony. [সং. উপ + নি + √ বিশ্ + অ]। |
| উপনিবেশবাদ | বি. | কোনো উপনিবেশস্থাপয়িতা স্থায়ীভাবে উপনিবেশের কর্তৃত্ব বজায় রাখবে এই মতবাদ, colonialism. |
| উপনিষদ, উপনিষৎ (-ষদ্) | বি. | বেদান্ত; বেদের জ্ঞানকাণ্ড; ব্রহ্মবিদ্যা। [সং. উপ + নি + √ সদ্ + ক্বিপ্]। |
| উপনিহিত | বিণ. | (অন্যের কাছে) গচ্ছিত, ন্যস্ত। [সং. উপ + নি + √ ধা + ত]। |
| উপনীত | বিণ. | 1 আগত; উপস্থিত, উপস্থিত হয়েছে বা পৌঁছেছে এমন; 2 আনীত; 3 (যার) উপনয়ন বা পইতা হয়েছে এমন। [সং. উপ + √ নী + ত]। |
| উপনেতা (-তৃ) | বিণ. | 1 উপনয়নদাতা; 2 উপনায়ক, সহনায়ক; 3 যে সামনে বা কাছে আনে এমন, আনয়নকর্তা। [সং. উপ + নেতৃ]। |
| উপনেত্র | বি. | চশমা। [সং. উপ + নেত্র]। |
| উপন্যস্ত | বিণ. | 1 প্রস্তাবের আকারে উল্লিখিত; উপস্থাপিত; 2 ন্যস্ত, গচ্ছিত। [সং. উপ + নি + √ অস্ (নিক্ষেপ করা) + ত]। |
| উপন্যাস | বি. | 1 বড় গল্প, আখ্যান, নভেল; 2 মুখবন্ধ; 3 প্রস্তাব; 4 গচ্ছিত রাখা। [সং. উপ + নি + √ অস্ + অ]। |
| উপপতি | বি. | অবৈধ প্রণয়ী, জার। [সং. উপ + পতি]। |
| উপপত্তি | বি. | 1 যুক্তি, প্রমাণ; 2 সিদ্ধান্ত; মীমাংসা, সমাধান; 3 উৎপত্তি; 4 প্রাপ্তি; 5 সম্পাদন। [সং. উপ + √ পদ্ + তি]। |
| উপপত্নী | বি. | অবৈধ প্রণয়িনী; রক্ষিতা। [সং. উপ + পত্নী]। |
| উপপথ | বি. | 1 সংকীর্ণ বা সরু পথ; 2 যে পথে সচরাচর লোকে চলাফেরা করে না; 3 অপথ। [সং. উপ + পথ]। |
| উপপদ | বি. | (ব্যাক.) সমাসবদ্ধ কৃদন্ত পদের পূর্বপদ; পূর্বপদের সঙ্গে কৃদন্ত পদের সমাস, যেমন কুম্ভকার শব্দে কুম্ভ এবং ছেলেধরা শব্দে ছেলে উপপদ। [সং. |

| | | |
|---|---|---|
| | | উপ + পদ]। |
| উপপন্ন | বিণ. | 1 যুক্তিযুক্ত; 2 সংগত; 3 যোগ্য; 4 উৎপন্ন; 5 প্রতিপন্ন; 6 আগত; 7 প্রাপ্ত। [সং. উপ + √ পদ্ + ত]। |
| উপপাত | বি. | হঠাৎ ঘটে-যাওয়া ঘটনা, আকস্মিক ঘটনা ('সে কি মাত্র উপপাত, মূলে তার কোনো অর্থ নাই': সু. দ.)। [সং. উপ + √ পত + অ]। |
| উপপাতক | বি. | 1 লঘু পাপ; 2 মহাপাতক থেকে লঘুতর উনপঞ্চাশরকম পাপ। [সং. উপ + পাতক]। |
| উপপাদন | বি. | 1 মীমাংসা সাধন; 2 সম্পাদন; 3 প্রতিপাদন, যুক্তির সাহায্যে সমর্থন। [সং. উপ + √ পাদি (√ পদ্ + ণিচ্) + অন]। |
| উপপাদক | বিণ. | মীমাংসাকারী; সম্পাদনকারী। |
| উপপাদনীয় | বিণ. | উপপাদনের যোগ্য; প্রতিপাদ্য; সম্পাদন করতে হবে বা করার যোগ্য এমন। |
| উপপাদ্য | বিণ. | উপপাদনীয়। ✗ বি. (জ্যামি.) যথার্থ বলে প্রমাণ করতে হবে এমন প্রতিজ্ঞা, theorem. |
| উপপাপ | বি. | লঘু পাপ। [সং. উপ + পাপ]। |
| উপপুরাণ | বি. | আঠারো পুরাণের বহির্ভুত আঠারো ক্ষুদ্র পুরাণ, আঠারো পুরাণের বাইরে অপ্রধান পুরাণ, যেমন আদিপুরাণ, শিবধর্মপুরাণ। [সং. উপ + পুরাণ]। |
| উপপ্লব | বি. | 1 প্রাকৃতিক উৎপাত বা উপদ্রব; 2 বিপদ; 3 বিদ্রোহ; 4 অরাজকতা। [সং. উপ + √ প্লু + অ]। |
| উপপ্লুত | বিণ. | প্রাকৃতিক উপদ্রবে পীড়িত; উপদ্রুত; বিপন্ন। |
| উপবন | বি. | বাগান, উদ্যান, বাগিচা; মানুষের দ্বারা রোপিত তরুলতায় পূর্ণ কৃত্রিম বন। [সং. উপ + বন]। |
| উপবাস | বি. | অনশন, আহারে বিরতি, উপোস। [সং. উপ + √ বস্ + অ]। |
| উপবাসক, উপবাসী (-সিন্) | বিণ. | উপবাসকারী। |
| উপবিধি | বি. | 1 মূল আইনের অন্তর্গত অপ্রধান আইন, by-law; 2 স্থানীয় স্বায়ত্তশাসন সংস্থা কর্তৃক প্রবর্তিত আইন। [সং. উপ + বিধি]। |
| উপবিষ | বি. | 1 আকন্দর আঠা, করবীর আঠা প্রভৃতি পাঁচ রকম বিষাক্ত পদার্থ; 2 কৃত্রিম বিষ। [সং. উপ + বিষ]। |
| উপবিষ্ট | বিণ. | বসে রয়েছে এমন, আসীন। [সং. উপ + √ বিশ্ + ত]। |
| উপবীত | বি. | যজ্ঞসূত্র, পইতে। [সং. উপ + √ বী + ত]। |

| | | |
|---|---|---|
| উপবীতি (-তিন্) | বিণ. | উপবীত বা পইতে ধারণ করেছে এমন। |
| উপবৃক্ষ | বি. | পরগাছা; লতা। [সং. উপ + বৃক্ষ]। |
| উপবেদ | বি. | বেদ নয় কিন্তু প্রায় বেদের মতো মূল্যবান গ্রন্থ বা শাস্ত্র যথা আয়ুর্বেদ ধনুর্বেদ গন্ধর্ববেদ স্থাপত্যবেদ। [সং. উপ + বেদ]। |
| উপবেশন, উপবেশ | বি. | 1 আসনগ্রহণ, বসা। [সং. উপ + √ বিশ্ + অন, অ]; 2 বসানো। |
| উপভাষা | বি. | মূল ভাষার বিভিন্ন প্রাদেশিক বা আঞ্চলিক রূপ, dialect. [সং. উপ + ভাষা]। |
| উপভুক্ত | | দ্র উপভোগ। |
| উপভোগ | বি. | 1 সম্ভোগ, তৃপ্তি বা আনন্দের সঙ্গে ভোগ (সৌন্দর্য উপভোগ); 2 ভক্ষণ; আস্বাদন; 3 ব্যবহার। [সং. উপ + ভোগ]। |
| উপভুজ্যমান | বিণ. | যা উপভোগ করা হচ্ছে এমন। |
| উপভুক্ত | বিণ. | উপভোগ করা হয়েছে এমন; ভক্ষিত; ব্যবহৃত; আস্বাদিত। |
| উপভোক্তা (-ক্তৃ) | বিণ. বি. | উপভোগকারী। |
| উপভোগ্য | বিণ. | উপভোগের যোগ্য; উপভোগ করতে হবে এমন; মনোরম। |
| উপম | বিণ. | (সমাসে পরপদরূপে ব্যবহৃত) সদৃশ, তুল্য (দেবোপম, নিরুপম)। [সং. উপ + √ মা + অ]। |
| উপমন্ত্রী | বি. | সহযোগী বা সহকারী মন্ত্রী, deputy minister. [সং. উপ + মন্ত্রী]। |
| উপমা | বি. | 1 সাদৃশ্য, তুলনা (উপমা দেওয়া); 2 অর্থালংকারবিশেষ এই অলংকারে একই ধর্মবিশিষ্ট দুই ভিন্নজাতীয় বস্তুর মধ্যে সাদৃশ্য কল্পিত হয়, simile. [সং. উপ + √ মা + অ]। |
| উপমান | বি. | যার সঙ্গে বা যার দ্বারা তুলনা দেওয়া হয় (যেমন, 'রক্তের মত রাঙা দুটি জবাফুল' এখানে উপমান 'রক্ত')। |
| উপমিত | বিণ. | তুলিত। |
| উপমিতি | বি. | উপমা, সাদৃশ্যকল্পনা। |
| উপমেয় | বিণ. বি. | উপমার বিষয়ীভূত, অর্থাৎ যাকে তুলনা করা হয় (যেমন, 'রক্তের মত রাঙা দুটি জবাফুল' এখানে 'জবাফুল' উপমেয়)। |
| উপমাংস | বি. | আঁচিল। [সং. উপ + মাংস]। |
| উপমাতা[১] (-তৃ) | বি. | (স্ত্রী.) ধাত্রী পালয়িত্রী শিক্ষাদাত্রী পিসি মাসি শাশুড়ি প্রভৃতি মাতৃতুল্যা বা মাতৃস্থানীয়া নারী। [সং. উপ + মাতা]। |
| উপমাতা[২] | বিণ. | যে উপমা দেয় বা তুলনা করে। [সং. উপ + √ মা + তৃ]। |

| | | |
|---|---|---|
| উপমান, উপমিতি, উপমেয় | | দ্র উপমা। |
| উপযাচক | বিণ. বি. | স্বতঃপ্রবৃত্ত, বিনা আহ্বানে আপনা থেকে এসে (অন্যের কাজ বা দায়িত্ব নিতে) প্রার্থনাকারী; উপর-পড়া (কেন তুমি উপযাচক হয়ে তাকে সাহায্য করতে গেলে?)। [সং. উপ + √ যাচ্ + অক]। |
| উপযাচিকা | বিণ. (স্ত্রী.) | উপর-পড়া; স্বতঃপ্রবৃত্ত হয়ে সাহায্য করতে এগিয়ে যায় এমন। ✗ বি. যে নারী উপর-পড়া হয়ে অনুরাগ প্রকাশ করে বা সম্ভোগ প্রার্থনা করে। |
| উপযাচিত | বিণ. | উপর-পড়াভাবে প্রার্থিত; প্রার্থিত। |
| উপযুক্ত | বিণ. | 1 যথাযোগ্য, উপযোগী (সে এই কাজের উপযুক্ত); 2 ন্যায্য, উচিত (উপযুক্ত শাস্তি, উপযুক্ত মূল্য); 3 সমকক্ষ, অনুরূপ; 4 যোগ্য, সমর্থ (উপযুক্ত পুত্র)। [সং. উপ + √ যুজ্ + ত]। ⊙ বি. উপযুক্ততা, উপযুক্তি। |
| উপযোগ | বি | 1 উপযুক্ততা, উপযোগিতা, যথাযোগ্যতা; 2 উপকার; 3 আবশ্যকতা; 4 কাজে ব্যবহার বা প্রয়োগ; প্রয়োজনসাধন। [সং. উপ + √ যুজ্ + অ]। |
| উপযোগী (-গিন্) | বিণ. | 1 উপযুক্ত (সময়োপযোগী, কালোপযোগী); 2 কার্যকর; প্রয়োজন সাধন করে এমন; 3 অনুকূল। [সং. উপ + √ যুজ্ + ইন্]। |
| উপযোগিতা | বি. | কার্যকারিতা। |
| উপযোজন | বি. | অবস্থা বা পরিস্থিতির উপযোগী করা; সামঞ্জস্যসাধন, সমন্বয়সাধন। [সং. উপ + √ যুজ্ + অন]। |
| উপর | বি. | 1 ঊর্ধ্বভাগ, উপরিভাগ (জলের উপরটা দেখো); 2 চল, ছাদ। ✗ বিণ. 1 ঊর্ধ্বে স্থিত; উচ্চ (উপরমহল); 2 অতিরিক্ত, বাড়তি (উপর-পাওনা)। ✗ অব্য. প্রতি (প্রজাদের উপর জমিদারের অত্যাচার)। [সং. উপরি]। |
| উপরঅলা, উপরওয়ালা | বিণ. | ঊর্ধ্বতন। ✗ বি. ঊর্ধ্বতন কর্মচারী। |
| উপরত | বিণ. | 1 নিবৃত্ত, বিরত; 2 মৃত; 3 বিগত। [সং. উপ + √ রম্ + ত]। |
| উপরতি | বি. | 1 বৈরাগ্য; 2 কামনাবাসনার নিবৃত্তি; 3 মৃত্যু। |
| উপরত্ন | বি. | 1 রত্নের মতো উজ্জ্বল বস্তু; 2 অল্প মূল্যের রত্ন। [সং. উপ + রত্ন]। |
| উপবস্তু | অব্য. | তা ছাড়া, অধিকন্তু। ['অধিকন্তু'-র অনুকরণে সৃষ্ট নকল সংস্কৃত শব্দ]। |
| উপরম | বি. | 1 নিবৃত্তি, বৈরাগ্য; 2 সমাপ্তি; 3 মৃত্যু। [সং. উপ + √ রম্ + অ]। |
| উপরাগ | বি. | 1 সূর্য ও চাঁদের গ্রহণ; 2 প্রাকৃতিক উৎপাত; 3 রঞ্জন। [সং. উপ + √ রন্জ্ + অ]। |
| উপরাজ | বি. | প্রকৃত শাসকের প্রতিনিধিরূপে যিনি শাসন করেন; রাজপ্রতিনিধি, viceroy. [সং. উপ + রাজন্]। |

| | | |
|---|---|---|
| উপরি[১] | অব্য. | 1 ঊর্ধ্বে, উপরে; 2 অতঃপর, তারপর। [সং. উপ + রি (নি.)]। |
| উপর্যুপরি | অব্য.<br>বিণ. | পরপর (উপর্যুপরি তিন দিন)। ✗ ক্রি.-বিণ. 1 ভাসাভাসা, অগভীরভাবে (উপর্যুপরি বোঝা)। 2 একটির উপর আর একটি করে (উপর্যুপরি রাখা)। |
| উপরিচর | বিণ. | উপরে বিচরণ করে এমন। |
| উপরিতন | বিণ. | উপরওয়ালা; ঊর্ধ্বতন। |
| উপরিভাগ | বি. | উপরের অংশ। |
| উপরিস্থ, উপরিস্থিত | বিণ. | উপরে অবস্থিত। |
| উপরি[২] | বিণ. | নিয়মিত বা আশা অনুযায়ী যা প্রাপ্য তার অতিরিক্ত, বাড়তি (উপরি আয়, উপরি লাভ)। ✗ বি. বকশিশ; ঘুষ; দস্তুরি; নিয়মবহির্ভূত আয়। [বাং. উপর + ই]। |
| উপরুদ্ধ | বিণ. | উপরোধ বা অনুরোধ করা হয়েছে এমন। [সং. উপ + √ রুধ্ + ত]। |
| উপরোক্ত | | উপরিউক্ত বা উপর্যুক্ত র বাংলায় প্রচলিত রূপ। উপর + উক্ত = উপরোক্ত[ |
| উপরোধ | বি. | 1 সনির্বন্ধ অনুরোধ; 2 সুপারিশ; খাতির ( 'কোন্ উপরোধ গুরু করিল তোমারে': কাশী.); 3 নিমিত্ত (কার্যের উপরোধে)। [সং. উপ + √ রুধ্ + অ]। |
| উপরোধক | বিণ. | অনুরোধকারী। **উপরোধে ঢেঁকি গেলা** – অনুরোধ এড়াতে না পেরে অনিচ্ছাসত্ত্বেও কোনো কঠিন কাজ করতে রাজি হওয়া। |
| উপর্যুক্ত | বিণ. | উপরে উক্ত বা উল্লিখিত হয়েছে এমন, পূর্বে উল্লিখিত (উপর্যুক্ত বিষয়গুলি)। [সং. উপরি + উক্ত]। |
| উপর্যুপরি | অব্য.,<br>ক্রি-বিণ. | একটির উপর আরো একটি; পরপর; ক্রমান্বয়ে; ক্রমাগত (এই নিয়ে উপর্যুপরি তিনবার তারা জিতল)। [সং. উপরি + উপরি]। |
| উপল | বি. | 1 শিলা, প্রস্তর; পাথরের টুকরো; 2 মূল্যবান পাথর; মণি, রত্ন। [সং. উপ + √ লা + অ]। |
| উপলক্ষ, উপলক্ষ্য | বি. | 1 প্রয়োজন, উদ্দেশ্য, অবলম্বন (পুজো উপলক্ষ্যে দেশে গেছে); 2 অজুহাত, ছুতো, অছিলা (তাঁর দেশসেবা উপলক্ষ্য মাত্র)। [সং. উপ + √ লক্ষ্ + অ, য]। |
| উপলক্ষণ | বি. | 1 সূচনা; 2 লক্ষণ, চিহ্ন; 3 আভাস; উপক্রম। [সং. উপ + লক্ষণ]। |
| উপলক্ষণা | বি. | শব্দের অর্থবোধক শক্তিবিশেষ; অর্থালংকারবিশেষ, এই অলংকারে বাচ্যার্থসংশ্লিষ্ট অন্য অর্থ বোধিত হয়। |
| উপলক্ষিত | বিণ. | 1 উপলক্ষ্য হিসাবে ব্যবহার করা হয়েছে এমন; 2 সূচিত; 3 উদ্দিষ্ট; 4 |

| | | |
|---|---|---|
| | | অনুমিত। [সং. উপ + লক্ষ্ + ণিচ্ + ত]। |
| উপলক্ষ্য | | দ্র উপলক্ষ। |
| উপলব্ধ | বিণ. | 1 অনুভূত; 2 লব্ধ, প্রাপ্ত, অর্জিত (উপলব্ধ জ্ঞান); 3 জ্ঞাত (উপলব্ধ সত্য)। [সং. উপ + √ লভ্ + ত]। |
| উপলব্ধি | বি. | অনুভূতি; বোধ (সত্যের উপলব্ধি); প্রাপ্তি, লাভ; লব্ধ জ্ঞান। |
| উপলভ্য | বিণ. | 1 জ্ঞেয়; 2 প্রাপ্য; 3 সাধ্য। [সং. উপ + √ লভ্ + য]। |
| উপলম্ভ | বি. | 1 লাভ, প্রাপ্তি; 2 অনুভব, বোধ। [সং. উপ + √ লভ্ + অ, ম্ আগম]। |
| উপলিপ্ত | বিণ. | উপরে লেপন করা বা প্রলেপ দেওয়া হয়েছে এমন, লেপিত। [সং. উপ + √ লিপ্ + ত]। |
| উপলেপ | বি. | 1 উপরে লেপন; উপরে প্রলেপ; 2 অতিরিক্ত অঙ্গের সৃষ্টি ও বৃদ্ধি, accretion. (বি. প.)। [সং. উপ +√ লিপ্ + অ]। |
| উপলেপন | বি. | উপরে লেপন। |
| উপশম | বি. | 1 শান্তি, নিবৃত্তি (রোগের উপশম); 2 ইন্দ্রিয় দমন। [সং. উপ + √ শম্ + অ]। |
| উপশমক | বিণ. | উপশমকারী। |
| উপশমনীয় | বিণ. | উপশম করা যায় এমন; উপশম করা উচিত এমন। |
| উপশমিত, উপশান্ত | বিণ. | উপশমপ্রাপ্ত, উপশম করা হয়েছে এমন; শান্ত বা সংযত করা হয়েছে এমন। |
| উপশয় | বি. | 1 শিকারির লুকিয়ে থাকার জন্য ব্যবহৃত গর্ত। 2 শোয়া, শয়ন; 3 পথ্যের সাহায্যে রোগের উপশম। [সং. উপ + √ শী + অ]। |
| উপশয়ী, উপশায়ী | বিণ. | শুয়ে আছে এমন ('মৌনের বিশ্রম্ভালাপ উপশয়ী বিভীষিকা-সনে': সু.দ.)। |
| উপশাখা | বি. | শাখা থেকে উদ্গত শাখা। [সং. উপ + শাখা]। |
| উপশিরা | বি. | 1 সূক্ষ্ম শিরা; 2 শাখা শিরা। [সং. উপ + শিরা]। |
| উপশিষ্য | বি. | 1 অপ্রধান শিষ্য; 2 শিষ্যের শিষ্য, প্রশিষ্য। [সং. উপ + শিষ্য]। |
| উপসংহার | বি. | 1 আলোচনা বা গ্রন্থের শেষাংশ; 2 সমাপ্তি, পরিশেষ। [সং. উপ + সম্ + √ হৃ + অ]। |
| উপসংহৃত | বিণ. | সমাপ্ত। |
| উপসংহৃতি | বি. | সমাপ্তি। |
| উপসমিতি | বি. | সমিতির অধীন ছোট সংস্থা, subcommittee. [সং. উপ + সমিতি]। |
| উপসর্গ | বি. | 1 মূল রোগের আনুষঙ্গিক অন্য রোগ (জ্বর ছাড়া অন্য সব উপসর্গই গেছে); 2 রোগজাত বিকার, রোগের লক্ষণ; 3 আকস্মিক উৎপাত বা বিঘ্ন (নানা |

| | | |
|---|---|---|
| | | উপসর্গ দেখা দিতে লাগল); 4 (ব্যাক.) ধাতুর পূর্বে বসে ধাতুর অর্থ পরিবর্তনকারী অব্যয়, যথা আ, প্র, অপ (আকার, প্রকার, অপকার)। [সং. উপ + √ সৃজ্ + অ]। |
| উপসাগর | বি. | তিন দিকে স্থলবেষ্টিত সমুদ্রের অংশ; প্রায় সম্পূর্ণরূপে স্থল দ্বারা বেষ্টিত সমুদ্রাংশ, bay, gulf. [সং. উপ + সাগর]। |
| উপসুন্দ | বি. | পৌরাণিক অসুরবিশেষ (তিলোত্তমার রূপে মুগ্ধ হয়ে তাঁকে লাভ করবার জন্য স্বীয় অগ্রজ সুন্দের সঙ্গে ইনি দ্বন্দ্বযুদ্ধে প্রবৃত্ত হয়ে নিহত হয়েছিলেন)। |
| উপসেক | বি. | 1 জলসেচন করে কোনো জিনিসকে নরম করা; 2 জল সেচন। [সং. উপ + √ সিচ্ + অ]। |
| উপসেচন | বি. | জলসেচন; কোনো জিনিসকে জল দিয়ে নরম করা। [সং. উপ + সেচন]। |
| উপসেবন | বি. | 1 উপভোগ; সম্ভোগ; 2 উপাসনা; 3 আসক্তি। [সং. উপ + সেবন]। |
| উপসেবক | বিণ. | 1 উপসেবনকারী; 2 পরস্ত্রীর প্রতি আসক্ত। |
| উপসেবা | বি. | 1 উপসেবন; 2 চাকরি। |
| উপসেবিত | বিণ. | উপসেবন বা উপসেবা করা হয়েছে এমন। |
| উপসেবী (-বিন্) | বিণ. | উপসেবাকারী, উপসেবনকারী; পরিচর্যাকারী। |
| উপস্কর | বি. | 1 ভূষণ, অলংকার; 2 ঝোলব্যঞ্জন ইত্যাদি রান্নার মশলা, বাটনা; 3 উপকরণ; 4 ঘরের কাজে লাগে এমন উপকরণ। [সং. উপ + √ কৃ + অ, স্ আগম]। |
| উপস্ত্রী | বি. | উপপত্নী, রক্ষিতা। [সং. উপ + স্ত্রী]। |
| উপস্থ | বিণ. | 1 সমীপস্থ, নিকটস্থ; 2 উপরিস্থিত। ✗ বি. জননেন্দ্রিয়, লিঙ্গ বা যোনি। [সং. উপ + √ স্থা + অ]। |
| উপস্থাপন | বি. | উপস্থিত করা; প্রস্তাব করা; উত্থাপন; পেশ করা (প্রস্তাবটি উপস্থাপন করা হল না)। [সং. উপ + স্থাপন]। |
| উপস্থাপনা | বি. | উপস্থাপন কার্য; উপস্থাপনের কৌশল। |
| উপস্থাপক, উপস্থাপয়িতা (-তৃ) | বিণ. | উপস্থাপনকারী, প্রস্তাব-উত্থাপক। ⊙ স্ত্রী. উপস্থাপিকা, উপস্থাপয়িত্রী। |
| উপস্থাপিত | বিণ. | উপস্থাপন করা হয়েছে এমন। |
| উপস্থিত | বিণ. | 1 আগত, সমাগত, হাজির (উপস্থিত শ্রোতারা সকলেই বক্তৃতার প্রশংসা করলেন); 2 বর্তমান (উপস্থিত কাল); 3 আসন্ন (উপস্থিত বিপদ); 4 বিদ্যমান (উপস্থিত থাকা)। [সং. উপ + √ স্থা + ত]। |

| | | |
|---|---|---|
| উপস্থিতবক্তা (-ক্তৃ) | বি. | আগে থেকে প্রস্তুত না হয়েও যিনি বক্তৃতা করতে পারেন। |
| উপস্থিতবুদ্ধি | বি. | প্রত্যুৎপন্নমতিত্ব; প্রস্তুতি ছাড়াই পরিস্থিতির মোকাবিলা করতে পারার ক্ষমতা। |
| উপস্থিতমতো | বিণ., ক্রি-বিণ. | প্রয়োজনানুসারে; সময়মতো (উপস্থিতমতো ব্যবস্থা করা যাবে)। |
| উপস্থিত | বি. | 1 সমাগম; হাজিরা; 2 বিদ্যমানতা। |
| উপস্বত্ব | বি. | 1 বিষয়সম্পত্তি থেকে আয় বা লাভ; 2 খাজনা। [সং. উপ + স্বত্ব]। |
| উপহত | বিণ. | 1 আহত; 2 পীড়িত; 3 অভিভূত (শোকোপহত); 4 বিনষ্ট। [সং. উপ + √ হন্ + ত]। |
| উপহসিত | বিণ. | উপহাস করা হয়েছে এমন (এ কাজ করে লোকের কাছে উপহসিত হতে চাই না)। [সং. উপ + √ হস্ + ত]। |
| উপহার | বি. | 1 উপঢৌকন, ভেট; 2 পুরস্কার; 3 সমাদরপূর্বক দান। [সং. উপ + √ হৃ + অ]। বিণ. উপ-হৃত। |
| উপহাস | বি. | 1 পরিহাস, ঠাট্টা, ব্যঙ্গবিদ্রুপ; 2 অবজ্ঞা, তুচ্ছতাচ্ছিল্য। [সং. উপ + √ হস্ + অ]। ✗ বি পরিহাস। |
| উপহাস্য | বিণ. | উপহাসের পাত্র বা যোগ্য। |
| উপহৃত | বিণ. | 1 উপহারস্বরূপ দেওয়া হয়েছে এমন; 2 উপসর্গীকৃত; 3 অর্পিত। [সং উপ + √হৃ + ত]। |
| উপহ্রদ | বি. | সমুদ্রের সঙ্গে যোগবিশিষ্ট হ্রদ, lagoon. [সং. উপ + হ্রদ]। |
| উপাংশু | বিণ., ক্রি-বিণ. | একান্তে, নির্জনে; কেবল নিজেই শোনা যায় এমনভাবে (উপাংশু জপ)। |
| উপাংশুবধ | বি. | গুপ্তহত্যা। [সং. উপ + অংশু]। |
| উপাকরণ | বি. | 1 (উপনয়নের পর বেদ অনুশীলনের) আরম্ভ; 2 পশুযজ্ঞে পশুকে স্পর্শ করা (এটি নিজের অহং বা পাপ পশুটির মধ্যে সঞ্চালিত করে তা বলি দেওয়ার রূপক)। [সং. উপ + আ + √ কৃ + অন]। |
| উপাখ্যান | বি. | 1 কাল্পনিক কাহিনী; রূপকথা; 2 পুরাকাহিনী; 3 মূল কাহিনীর অন্তর্গত ক্ষুদ্রতর কাহিনী। [সং. উপ + আখ্যান]। |
| উপাগত | বিণ. | 1 সমীপে বা নিকটে আগত, উপস্থিত; 2 প্রাপ্ত। [সং. উর + আগত]। |
| উপাগম | বি. | 1 সমীপে বা নিকটে আগমন; উপস্থিতি; 2 প্রাপ্তি। [সং. উপ + আগম]। |
| উপাঙ্গ | বি. | 1 অঙ্গের অঙ্গ বা অংশ, প্রত্যঙ্গ (যেমন, হাত বা পা অঙ্গ, আঙুল উপাঙ্গ); 2 বেদের সদৃশ শাস্ত্র (যেমন: পুরাণ ন্যায় মীমাংসা ধর্মশাস্ত্র); 3 accessory |

| | | |
|---|---|---|
| | | member (বি. প.); 4 পরিশিষ্ট। [সং. উপ + অঙ্গ]। |
| উপাচার্য | বি. | আচার্যের সহকারী; (বিশ্ববিদ্যালয়ে) আচার্যের সহকারী হিসাবে যিনি বিশ্ববিদ্যালয় পরিচালনা করেন, vice-chancellor. [সং. উপ + আচার্য]। |
| উপাড়া | ক্রি. | (পুরোনো কাব্যে) উৎপাটন করা ('শালগাছ উপাড়িয়া আনে': কৃত্তি)। [বাং. √ উপাড় + আ]। |
| উপাড়ন | বি. | উৎপাটন। |
| উপাত্ত | বিণ. | 1 গৃহীত; স্বীকৃত; 2 অর্জিত; লব্ধ। ✗ বি. যা থেকে অনুমান বা সিদ্ধান্ত করা হয় এইরকম স্বীকৃত বিষয়, অনুমান বা সিদ্ধান্তের ভিত্তিস্বরূপ বিষয়, data (বি. প.)। [সং. উপ + আ + √ দা + ত]। |
| উপাত্যয় | বি. | 1 প্রচলিত বিধি বা আচার লঙ্ঘন, নিয়ম লঙ্ঘন; 2 মৃত্যু। [সং. উপ + অতি + √ ই + অ]। |
| উপাদান | বি. | 1 উপকরণ, যেসব বস্তু একত্র করে অন্য বস্তু গঠিত হয় (নানান উপাদানে গঠিত); 2 সমবায়ী বা নিত্যসম্বন্ধযুক্ত কারণ অর্থাৎ যা পরিবর্তিত হয়ে অন্য জিনিসে পরিণত হয় (যেমন মাটি ঘটের উপাদান)। [সং. উপ + আ + √ দা + অন]। |
| উপাদেয় | বিণ. | 1 উপভোগ্য; মনোরম; 2 সুস্বাদু; সুখাদ্য; 3 গ্রহণযোগ্য। [সং. উপ + আ + √ দা + য]। |
| উপাধান | বি. | বালিশ। [সং. উপ + আ + √ ধা + অন]। |
| উপাধি | বি. | 1 উপনাম; জাতি বংশ বিদ্যা সম্মান প্রভৃতির পরিচায়ক নামান্ত; 2 পদবি; 3 (দর্শনে) যা কাছে থেকে নিজগুণ নিকটস্থ বস্তুতে আরোপ করে, যেমন জবাফুল স্ফটিকের 'উপাধি'। [সং. উপ + আ + √ ধা + ই]। |
| উপাধিক, উপাধিধারী (-রিন্) | বিণ. | উপাধি পেয়েছে এমন; উপাধিযুক্ত। |
| উপাধিপত্র | বি. | যে পত্রে উপাধি লেখা হয়, প্রশংসাপত্র, certificate. |
| উপাধ্যায় | বি. | 1 আচার্যের সহকারী অধ্যাপক, শিক্ষক; উপদেষ্টা; 2 যিনি বেদ শিক্ষা দিয়ে জীবিকা অর্জন করেন; 3 রাঢ়ী কুলীন ব্রাহ্মণদের পদবিবিশেষ, যেমন বন্দ্যোপাধ্যায়, চট্টোপাধ্যায়। [সং. উপ + অধি + √ ই + অ]। |
| উপাধ্যায়া, উপাধ্যায়ী (-য়িন্) | বি. (স্ত্রী.) | মহিলা-উপাধ্যায়। উপাধ্যায়ী, উপধ্যায়ানী ✗ বি. (স্ত্রী.) উপাধ্যায়ের পত্নী। |
| উপানৎ, উপানহ | বি. | চামড়ার জুতো। [সং. উপ + আ + √ নহ্ + ক্বিপ্]। |
| উপান্ত | বি. | 1 প্রান্ত, উপকণ্ঠ (নগরের উপান্তে); 2 সমীপ; 3 যা অন্ত বা শেষের |

| | | |
|---|---|---|
| | | অব্যবহিত পূর্বে অবস্থিত। [সং. উপ + অন্ত]। |
| উপান্ত্য | বিণ. | উপান্তে অবস্থিত; অন্তের অব্যবহিত পূর্বে অবস্থিত, penultimate (উপান্ত্য বর্ণ)। |
| উপাবর্তন | বি. | ফিরে আসা, প্রত্যাবর্তন। [সং. উপ + আ + √ বৃত + অন]। ⊙ বিণ. উপাবৃত। |
| উপায় | বি. | 1 কার্যসিদ্ধির বা অভীষ্টলাভের পন্থা বা প্রণালী; কৌশল (নানা উপায়ে সে তার মনের কষ্ট বুঝিয়ে দিল); 2 প্রতিকার; পরিত্রাণ (ক্ষতি যা হবার হয়েছে, এখন একটা উপায় তো বার করতেই হবে); 3 আয়, রোজগার; লাভ (সে ভালই উপায় করে)। [সং. উপ + √ ই + অ]। |
| উপায়ক্ষম | বিণ. | রোজগার করতে সমর্থ। |
| উপায়জ্ঞ | বিণ. | কৌশল বা প্রতিকার জানে এমন। |
| উপায়ান্তর | বি. | অন্য উপায়, গত্যন্তর (উপায়ান্তর না দেখে সে জলে ঝাঁপ দিল)। |
| উপায়ী (-য়িন্) | বিণ. | উপার্জনকারী, যে রোজগার করে। |
| উপায়ন | বি. | উপহার, পারিতোষিক। [সং. উপ + √ ই + অন]। |
| উপারম্ভ | বি. | আরম্ভ। [সং. উপ + আ + √ রভ্ + অ, 'ম্' আগম]। |
| উপার্জন | বি. | 1 আয়, রোজগার; 2 লাভ, প্রাপ্তি। [সং. উপ + √ অর্জ্ + অন]। |
| উপার্জক | বিণ. | উপার্জনকারী, রোজগেরে। |
| উপার্জিত | বিণ. | উপার্জন বা আয় করা হয়েছে এমন। |
| উপার্থন | বি. | 1 সম্মতি, রাজি হওয়া, সায়; 2 উমেদারি; (ভোট বা সমর্থন) প্রার্থনা, canvassing (স. প.)। [সং. উপ + √ অর্থ্ + অন]। |
| উপালম্ভ | বি. | 1 দুর্বাক্য, তিরস্কার; 2 লাভ; আয়। [সং. উপ + আ + √ লভ্ অ, + ম্ আগম]। |
| উপাশ্রয় | বি. | 1 আশ্রয়, অবলম্বন; 2 জৈন ভিক্ষুণীদের মঠ; 3 আশ্রয়কর্তা। ✗ বিণ. আশ্রয়ের যোগ্য, অবলম্বনীয়। [সং. উপ + আশ্রয়]। |
| উপাসন, উপাসনা | বি. | 1 আরাধনা, ভজনা, পূজা; 2 ভগবৎ-চিন্তা; 3 উপকার-প্রত্যাশায় অপরের সেবা বা মনস্তুষ্টি বা সন্তোষসাধনের চেষ্টা। [সং. উপ + √ আস্ + অন, অ]। |
| উপাসক | বিণ. বি. | উপাসনাকারী (সৌন্দর্যের উপাসক, ঈশ্বরের উপাসক, অর্থের উপাসক)। ⊙ স্ত্রী. উপাসিকা। |
| উপাসিত | বিণ. | উপাসনা করা হয়েছে এমন। |

| | | |
|---|---|---|
| উপাস্থি | বি. | কোমলাস্থি; হাড়ের মতো কিন্তু অপেক্ষাকৃত নরম দেহাংশ, নরম হাড়, cartilage. [সং. উপ + অস্থি]। |
| উপাস্য | বিণ. | উপাসনার যোগ্য, ভজনা বা আরাধনা করা উচিত এমন, আরাধ্য (উপাস্য দেবতা)। [সং. উপ + √ আস্ + য]। |
| উপাস্যমান | বিণ. | উপাসিত বা পূজিত হচ্ছে এমন। |
| উপাহার | বি. | সামান্য আহার, হালকা আহার, জলযোগ। [সং. উপ + আহার]। |
| উপাহৃত | বিণ. | 1 সংগৃহীত; আনা হয়েছে এমন; 2 কল্পিত। [সং. উপ + আহৃত]। |
| উপুড়, উবুড় | বিণ. | পিঠ উপর দিকে এবং বুক নীচের দিকে এই অবস্থায় রয়েছে এমন; ভূমির দিকে মুখ করে রাখা হয়েছে এমন (উপুড়হস্ত, উপুড় হয়ে শোয়া, হাঁড়ি উপুড় করা)। [সং. অবমূর্ধ]। **উপুড়-হস্ত করা** – ক্রি. বি. দান করা। |
| উপেক্ষা, উপেক্ষণ | বি. | 1 অগ্রাহ্য করা, তুচ্ছতাচ্ছিল্য করা (দোষত্রুটি উপেক্ষা করা); 2 অবহেলা (আদেশ উপেক্ষা করা); 3 ঔদাসীন্য, অমনোযোগ; অনাদর; অস্বীকার। ✗ ক্রি. গ্রাহ্য না করা; অবহেলা করা; গুরুত্ব না দেওয়া। [সং. উপ + √ ঈক্ষ্ + অ + আ, অন]। |
| উপেক্ষক | বিণ. | উপেক্ষাকারী; উদাসীন; অমনোযোগী। |
| উপেক্ষণীয় | বিণ. | উপেক্ষার যোগ্য, উপেক্ষা করা উচিত বা উপেক্ষা করা যায় এমন। |
| উপেক্ষিত | বিণ. | উপেক্ষা বা অবহেলা করা হয়েছে এমন। ⊙ স্ত্রী. উপেক্ষিতা। |
| উপেত | বিণ. | 1 (সাধারণত পরপদে) সংযুক্ত (গুণোপেত); 2 মিলিত; 3 সম্মুখে আগত। [সং. উপ + √ ই + ত]। |
| উপেন্দ্র | বি. | 1 ইন্দ্রের কনিষ্ঠ ভ্রাতা; 2 বিষ্ণুর বামনাবতার। [সং. উপ + ইন্দ্র]। |
| উপেন্দ্রবজ্রা | বি. | সংস্কৃত ছন্দোবিশেষ। |
| উপোদ্ঘাত | বি. | 1 উপক্রম; আরম্ভ; সূচনা; 2 প্রস্তাবনা; 3 উদাহরণ। [সং. উপ + উদ্ + √ হন্ + অ]। |
| উপোষণ | বি. | উপবাস, অনাহার, না খেয়ে থাকা। [সং. উপ + √ বস্ + অন]। |
| উপোষিত | বিণ. | না খেয়ে আছে এমন, অভুক্ত; উপবাসী। |
| উপ্ত | বিণ. | বোনা বা বপন করা হয়েছে এমন (হিংসার বীজ সেইদিনই উপ্ত হয়েছিল)। [সং. √ বপ্ + ত]। |
| উপ্তি | বি. | বপন। |
| উবরা | ক্রি. | উদ্বৃত্ত বা বাড়তি হওয়া (অনেকটা ভাত উবরেছে)। [সং. উদ্বৃত্ত]। |
| উবরানো | বি.বিণ. | বাড়তি, উদ্বৃত্ত। |

| | | |
|---|---|---|
| উবা | ক্রি. | বাতাসে মিলিয়ে যাওয়া (বইটা কি কর্পূরের মতো উবে গেল?)। [সং. উদ্ + √ ভূ + আ > বাং. উবা]। |
| উবু | বিণ. | দুই হাঁটু ভাঁজ করে গোড়ালিতে ভর দিয়ে বসা; নিতম্বে ভর না দিয়ে হাঁটু ভাঁজ করে বসা। [প্রাকৃ উব্ভ]। |
| উভ[১] | সর্ব. | উভয়, দুইজন ('দেশকাল উভে জিনি': ব্র. স.)। [সং. উভ্ + অ]। |
| উভচর, উভয়-চর | বিণ. | জল ও স্থল উভয় স্থানেই বিচরণ করতে পারে এমন, amphibious |
| উভলিঙ্গ | বিণ. বি. | একই দেহে লিঙ্গ ও যোনিবিশিষ্ট (প্রাণী), androgynous: (ব্যাক.) স্ত্রী ও পুরুষ উভয় লিঙ্গবোধক (উভলিঙ্গ শব্দ)। |
| উভ[২] | বিণ. | উঁচু: ঊর্ধ্বমুখী (উভলেজ)। [প্রাকৃ. উদ্ভ < ঊর্ধ্ব]। |
| উভরড়ে | ক্রি-বিণ. | (প্রা. বাং.) দ্রুতবেগে। |
| উভরায় | ক্রি-বিণ. | (বর্ত. অপ্র.) উচ্চকণ্ঠে, উচ্চরবে। |
| উভরোল | বি. | উচ্চ শব্দ, গণ্ডগোল। |
| উভে | ক্রি-বিণ. | উচ্চতায়; খাড়াভাবে। |
| উভয় | বিণ. | দুই (উভয়প্রকার, উভয় সংকট)। ✗ সর্ব. দুইজন (উভয়ে সেখানে গেল)। [সং. √ উভ্ + অয়]। |
| উভয়ত, উভয়তঃ (-তস্) | অব্য., ক্রি-বিণ. | দুই দিকেই, দুই পক্ষেই। |
| উভয়তোমুখ | বিণ. | দুটি বা দুই দিকে মুখবিশিষ্ট। |
| উভয়ত্র | অব্য. | ক্রি-বিণ. দুই দিকে; দুই পক্ষে; দুই স্থানে। |
| উভয়থা | অব্য., ক্রি-বিণ. | উভয়প্রকারে, দুইপ্রকারে। |
| উভয়লিঙ্গ | বিণ. | (প্রাণি.) একই দেহে ডিম্বাণু ও শুক্রাণু উৎপাদনে সমর্থ এমন জননযন্ত্রবিশিষ্ট (প্রাণী), hermaphrodite, androgynous. |
| উভয়সংকট | বি. | উভয় দিকেই বিপদ অর্থাৎ পরিত্রাণের উপায় নেই এমন অবস্থা, dilemma. |
| উমদা | বিণ. | চমৎকার; সুন্দর; পছন্দসই (তোমার জন্য একটি উমদা চিজ উপহার এনেছি)। [আ. উম্দহ্]। |
| উমর | বি. | বয়স। [আ. উম্র্]। |
| উমরাহ্, উমরা | বি. | আমির সম্প্রদায়; মুসলমান অভিজাত সম্প্রদায়। [আ. উম্রাহ্]। |
| উমা | বি. | হিমালয় (পিতা) ও মেনকার (মাতা) কন্যা; পার্বতী, দুর্গা, গৌরী। [উ (=শিব) + মা (=লক্ষ্মী)]। |

| | | |
|---|---|---|
| উমানাথ, উমাপতি | বি. | শিব। |
| উমান | বি. | পরিমাণ; মাপ; ওজন। [সং. উন্মান]। |
| উমানা | ক্রি. | ওজন করা। |
| উমানো | ক্রি., বি. | গরম করা; তাতানো; তা দেওয়া। ✗ বিণ. তাতানো বা গরম করা বা তা দেওয়া হয়েছে এমন (উমানো ডিম)। [বাং. √ উমা (সং. উষ্ণ) + আনো]। |
| উমেদ, উম্মেদ | বি. | আশা, আকাঙ্ক্ষা (পরীক্ষায় ফার্স্ট হব এমন উমেদ রাখি না)। [ফা. উম্মেদ্]। |
| উমেদার | বি.বিণ. | প্রার্থী, প্রত্যাশী। |
| উমেদারি | বি. | প্রার্থনা; চাকরির আশায় ভজনা করা (চাকরির উমেদারি আমার পোষাবে না)। |
| উমেশ | বি. | উমার স্বামী অর্থাৎ শিব। [সং. উমা + ঈশ]। |
| উর[১],উরঃ | বি. | বক্ষস্থল, বুক। [সং. উরস্]। |
| উর[২], উরহ | | দ্র উরা। |
| উরগ, উরঙ্গ, উরঙ্গম | বি. | (বুক দিয়ে চলে বলে) সাপ। [সং. উরস্ + √ গম্ + অ]। ⊙ স্ত্রী. উরগী, উরঙ্গী, উরঙ্গমী। |
| উরজ | বি. | স্তন। [সং. উরস্ + √ জন্ + ড]। |
| উরত, উরুত | | -উরু-র আঞ্চ. রূপ। |
| উরমাল, উরুমাল | বি. | 1 রুমাল; 2 ঘোড়ার উরুতে বা পায়ে বাঁধা হয় এমন ঊরুত্রাণ। [ফা. রুমাল: হি. উরমাল]। |
| উরশ্ছদ, উরস্ত্র, উরত্রাণ | বি. | বর্ম, কবচ; বক্ষ রক্ষার জন্য আবরণী। [সং. উরঃ (উরস্) + √ ছদ্ + ণিচ্ + অ, উরঃ + √ ত্রৈ + ড, উরঃ + ত্রাণ]। |
| উরস | বি. | বক্ষস্থল, বুক ('উচ্ছ্বসি পড়িবে আসি উরসে গলে': রবীন্দ্র)। [সং. উরস্]। |
| উরসিজ, উরোজ | বি. | স্তন। [সং. উরসি + √ জন্ + ড, উরস্ + √ জন্ + ড]। |
| উরু | বিণ. | বিশাল; মহান। [সং. √ উর্ + উ]। |
| উরুকীর্তি | বিণ. | বিশাল বা বিরাট কীর্তি অর্জন করেছে এমন। |
| উরুক্রম | বি. | বামনদেব। |
| উরুবুক | বি. | এরণ্ড বা ভেরেণ্ডা গাছ। |
| উরুমার্গ | বি. | বিশাল বা প্রশস্ত পথ। |
| উর্দি | বি. | (প্রধানত সরকারি ও সেনাবাহিনীর) কর্মচারীদের কাজের সময় পরবার জন্য পেয়াদা বেয়ারা প্রভৃতি নিম্নপদস্থ কর্মচারীদের জন্য নির্দিষ্ট পোশাক, |

| | | |
|---|---|---|
| | | uniform [তুর্ ওর্দ - সৈন্যদল, দল]। |
| উর্দু | বি. | হিন্দুস্থানি ভাষা; মূলত আরবি হরফে লিখিত এবং আরবি-ফারসি ও হিন্দির সংমিশ্রণে গঠিত ভাষাবিশেষ। [তুর. ওর্দ]। |
| উর্দুনবিশ | বিণ. | উর্দু ভাষা জানে এমন। |
| উর্বর | বিণ. | প্রচুর; (ফসল ইত্যাদি) উৎপাদনের শক্তি আছে এমন (উর্বর জমি)। [সং. উরু (=প্রচুর) + √ ঋ + অ]। ⊙ স্ত্রী. উর্বরা। |
| উর্বরতা | বি. | প্রচুর উৎপাদনের শক্তি। |
| উর্বরমস্তিষ্ক | বিণ. | যার মাথায় নিত্যনতুন এবং নানান ভাবনাচিন্তা খেলে; মাথায় নানান ভাবনাচিন্তা খেলে এমন। |
| উর্বশী | বি. | সুন্দরীশ্রেষ্ঠা ও অনন্তযৌবনা অপ্সরাবিশেষ। [সং. উরু + √ বশ্ + অ + ঈ]। |
| উর্বী | বি. | পৃথিবী। [সং. উরু + ঈ (ঙীপ্)]। |
| উর্ষ, উর্স | ক্রি. | (বর্ত. অপ্র.) ছিদ্র দিয়ে জল পড়া; চালের ছিদ্র দিয়ে জল পড়া ('ভাঙ্গা তুম্ব দিয়া জল উর্সিয়া পলায়')। [সং. বর্ষণ]। |
| উল | বি. | ভেড়ার লোম; ভেড়া বা ওইজাতীয় পশুর লোম, পশম। [ইং. wool]। |
| উলকি, উল্কি | বি. | চামড়ায় ছুঁচ ফুটিয়ে বিশেষ প্রক্রিয়ায় আঁকা চিত্র: (আল.) চিত্র ('দুধারে দেয়ালের উলকিগুলি হাতছানি দেয়': শ. ঘো.)। [দেশি]। |
| উলঙ্গ | বিণ. | 1 বিবস্ত্র, নগ্ন, দেহ সম্পূর্ণ অনাবৃত এমন (উলঙ্গ শিশু); 2 উন্মুক্ত (উলঙ্গ অসি); 3 অকপট ('শিশুসম উলঙ্গ পরাণ': মা. ব.)। [সং. উন্নগ্ন]। ⊙ স্ত্রী. উলঙ্গা, উলঙ্গী, উলঙ্গিনী। |
| উলটা, উলটো | বিণ. | 1 নীচের দিকে মুখ রয়েছে এমন; 2 স্বাভাবিক অবস্থার বিপরীত; 3 বিপর্যস্ত। [প্রাকৃ. অল্লট্ট; তু. হি. উল্লাট]। |
| উলটা, উলটানো | ক্রি-বি. | 1 উলটো করা বা হওয়া, উপুড় হওয়া বা উপুড় করা; 2 প্রত্যাহার করা (কথা উলটানো)। **উলটা বুঝলি রাম** – (উক্তি) ভাল কথার বা সদুপদেশের বিপরীত অর্থ করা। |
| উলটে | ক্রি-বিণ. | পক্ষান্তরে (তুমি আমার কাছে কিছুই পাও না, উলটে আমিই তোমার কাছে টাকা পাই)। |
| উলটোপালটা, উলট-পালট | বিণ. | 1 বিপর্যস্ত, বিশৃঙ্খল, বিপরীত (উলটোপালটা ঢেউ, ঘরের জিনিসপত্র সব উলটোপালটা হয়ে আছে); 2 নড়চড়, খেলাপ (কথার উলটোপালটা যেন না হয়)। |
| উলটি-পালটি | ক্রি-বিণ. | 1 ঘুরিয়ে ফিরিয়ে; 2 তন্নতন্ন করে; 3 গড়াগড়ি দিয়ে। |

| | | |
|---|---|---|
| উলটোরথ | বি. | রথযাত্রার আট দিন পরে জগন্নাথদেবের পুনর্যাত্রা বা দক্ষিণ দিকে যাত্রা। |
| উলপ, উলুপ | বি. | 1 উলুখড়; 2 হাঁড়ি কলসি ইত্যাদির মুখ বন্ধ করার জন্য মাটির প্রলেপ। [সং. √ উল্ + অপ]। |
| উলসা | ক্রি. | উল্লসিত হওয়া ('উলসি উঠেছে প্রাণ')। [বাং. √ উলস্ (সং. উৎ + √ লস্) + আ]। |
| উলসিত | বিণ. | (কাব্যে) উল্লসিত ('উলসিত তটিনী': রবীন্দ্র)। |
| উলা, ওলা | ক্রি. | নামানো; উনুন থেকে নামিয়ে রাখা ('বেহুলা উলাইল ভাত'); নেমে যাওয়া। [বাং. √ উল + আ]। |
| উলি | বি. | চুলের মধ্যে আঙুল চালিয়ে বিলে কাটা ('আল্যালে মাথায় চুলি, না জানি করিতে উলি': ব. প.)। [বিলি দ্র]। |
| উলু[১] | বি. | উলুখড়, বেণা, খসখস; তৃণবিশেষ। [সং. উলূক, উলূপ]। |
| উলু[২] | বি. | শুভকর্মে হিন্দু নারীদের উচ্চারিত মঙ্গলধ্বনিবিশেষ; হুলুধ্বনি। [ধ্বন্যাত্মক]। |
| উলুই | বিণ. | (বর্ত. অপ্র.)  উড়নচণ্ডী; অপব্যয়ী। [বাং. উড়া]। |
| উলুখাগড়া | বি. | 1 উলুখড় ও নলখাগড়া; 2 বাজে লোক; 3 গরীব লোক; 4 নিরীহ ও অকিঞ্চিৎকর লোক। [বাং. উলু + খাগড়া]। **রাজায় রাজায় যুদ্ধ হয় উলুখাগড়ার প্রাণ যায়** – (উক্তি) রাজা নেতা বা শীর্ষস্থানীয় লোকদের বিবাদ বা সংঘর্ষে সাধারণ মানুষেরই বেশি কষ্ট সইতে হয়। |
| উলূক | বি. | 1 পেঁচা; 2 দেবরাজ ইন্দ্র; 3 দুর্যোধনের মাতুলপুত্র, শকুনির পুত্র; 4 হিমালয়ের নিকটবর্তী দেশবিশেষ; 5 উলুখড়। [সং. উদ্ + √ লোক্ + অ, নি। তু. লা ulula জা. ula eule. ইং. owl]। ⊙ স্ত্রী. উলূকী। |
| উলেমা | বি. | (মূল অর্থ অনুসারে বহুবচন কিন্তু বাংলায় একবচনেই প্রয়োগ হয়) মুসলমান পণ্ডিত ও শাস্ত্রজ্ঞ। [আ. উলমা, আ'লিম শব্দের বহুবচনের রূপ]। |
| উল্কা | বি. | 1 আকাশ থেকে প্রবল বেগে পড়ে এমন জ্বলন্ত প্রস্তর; বায়ব্য আলোক; আকাশে অতিদ্রুত সঞ্চরণশীল অগ্নিপিণ্ড, meteor, shooting star; 2 মশাল। [সং. √ উল্ + ক + আ]। |
| উল্কাপাত | বি. | উল্কা পড়া। |
| উল্কাপিণ্ড | বি. | আকাশে ধাবমান অগ্নিপিণ্ড। |
| উল্কাবেগে | ক্রি-বিণ. | উল্কার গতির মতো দ্রুত বেগে। |
| উল্কামুখী | বি. | 1 খেঁকশিয়ালি; 2 সদাক্রুদ্ধ স্ত্রীলোক; 3 আলেয়া। |
| উল্বণ | বিণ. | 1 তীক্ষ্ণ; প্রচণ্ড ('নিষাদের উল্বণ উল্লাস': সু. দ.); 2 সুস্পষ্ট। ✗ বি. বায়ু পিত্ত ইত্যাদির প্রাবল্যজনিত রোগবিশেষ। [সং. উদ্ + √ লু + অন]। |

| | | |
|---|---|---|
| উল্মুক | বি. | 1 আধপোড়া কাঠ; 2 জ্বলন্ত অঙ্গার। [সং. √ উল্ + মুক]। |
| উল্লঙ্ঘন | বি. | 1 লাফিয়ে পার হওয়া, ডিঙানো, উল্লম্ফন; 2 লঙ্ঘন; বিরুদ্ধাচরণ। [সং. উদ্ + লঙ্ঘন]। |
| উল্লঙ্ঘা | ক্রি. | উল্লঙ্ঘন করা। |
| উল্লঙ্ঘনীয়, উল্লঙ্ঘ্য | বিণ. | লাফিয়ে পার হওয়া উচিত বা হওয়া যায় এমন। |
| উল্লঙ্ঘিত | বিণ. | উল্লঙ্ঘন করা হয়েছে এমন। |
| উল্লম্ফন, উল্লম্ফ | বি. | 1 লাফ দিয়ে পার হওয়া, ডিঙানো, উল্লঙ্ঘন; 2 উপরের দিকে লাফানো। [সং. উদ্ + √ রম্ফ্ (র=ল) + অন, অ]। |
| উল্লম্ফনীয় | বিণ. | লাফিয়ে পার হওয়া যায় বা উচিত এমন। |
| উল্লম্ব | বিণ. | খাড়া, খাড়াভাবে রয়েছে এমন, ঊর্ধ্বাধভাবে অবস্থিত, vertical. [সং. উদ্ + √ লম্ব্ + অ]। |
| উল্লসিত | বিণ. | উল্লাসযুক্ত, উৎফুল্ল, আনন্দিত ('চন্দ্রকরে উল্লসিত ঝিল্লিবনে তন্দ্রা আনে: রবীন্দ্র)। ⊙ স্ত্রী. উল্লসিতা, উল্লাসিনী। |
| উল্লাস | বি. | 1 পরমানন্দ; হর্ষ; আহ্লাদ; 2 গ্রন্থের অধ্যায় বা পরিচ্ছেদ (প্রথমোল্লাস)। [সং. উদ্ + √ লস্ + অ]। |
| উল্লসা | ক্রি. | উল্লসিত হওয়া। |
| উল্লাসধ্বনি | বি. | আনন্দের চিৎকার। |
| উল্লিখিত | বিণ. | 1 উল্লেখ করা হয়েছে এমন; 2 উপরে বা পূর্বে লেখা হয়েছে এমন, পূর্বোক্ত। [সং. উদ্ + লিখিত]। |
| উল্লুক | বি. | 1 সর্বাঙ্গে কালো লোমযুক্ত লেজহীন বনমানুষজাতীয় বানর, gibbon; 2 গালিবিশেষ, নির্বোধ বা অভদ্র লোক, বেকুব। [ধ্বন্যা.]। |
| উল্লেখ | বি. | 1 প্রসঙ্গত কোনো বিষয় সম্পর্কে উক্তি বা কথন; বর্ণন; 2 অর্থালংকারবিশেষ, allusion. [সং. উদ্ + √ লেখ্ + অ]। |
| উল্লেখন | বি. | উল্লেখ করা, কথন। |
| উল্লেখনীয়, উল্লেখ্য | বিণ. | উল্লেখ করার মতো, উল্লেখ করা উচিত এমন, উল্লেখযোগ্য। |
| উল্লেখযোগ্য | বিণ. | উল্লেখ করা উচিত এমন, উল্লেখ করার উপযুক্ত। |
| উল্লোল | বি. | বৃহৎ তরঙ্গ, বিরাট ঢেউ ('উর্ধ্বশ্বাস মিলন-উল্লোল': সু. দ.)। ✗ বিণ. দোদুল্যমান। [সং. উদ্ + √ লোড়্ + অ]। |
| উশখুশ | | উসখুস -এর বানানভেদ। |
| উশনা (-নস্) | বি. | 1 দৈত্যগুরু, শুক্রাচার্য; 2 শুক্রগ্রহের অধিদেবতা; 3 শুক্রগ্রহ। [সং. √ বশ্ |

| | | |
|---|---|---|
| | | (=কান্তি) + অনস্]। |
| উশীর, উশীরক, উষীর | বি. | বেনার মূল: খসখস। [সং. √ বশ্ + ঈর]। |
| উশো, উসো | বি. | রাজমিস্ত্রিদের ব্যবহৃত চুনবালি সিমেণ্টের পলস্তারা ঘসে সমান করার কাঠের পাত। [দেশি ?]। |
| উষসী[১], ঊষসী[১] | বি. | 1 উষা, প্রভাতকাল ('স্বর্গের উদয়াচলে মূর্তিমতী তুমি হে উষসী': রবীন্দ্র); 2 (বিরল) সন্ধ্যাকাল। [সং. উষস্ + √ সো + ঈ]। |
| উষসী[২], ঊষসী[২] | বি. | প্রভাত, প্রভাতকাল। ✗ বিণ. 1 প্রভাতী; 2 রূপবতী, সুন্দরী। [সং. উষস্ + ঈ]। |
| উষা, ঊষা | বি. | রাত্রির অবসান; সূর্যোদয়ের অব্যবহিত পূর্বক্ষণ; ভোরবেলা। [সং. √ উষ্ + আ, (বিকল্পে) √ ঊষ্ + আ]। |
| উষ্ট্র | বি. | উট। [সং. √ উষ্ + ট্র]। ⊙ স্ত্রী. উষ্ট্রী। |
| উষ্ট্রগ্রীব | বিণ. | উটের মতো গলা যার। |
| উষ্ণ | বি. | 1 তাপ; 2 রৌদ্র; 3 গ্রীষ্মকাল, (উষ্ণপ্রধান অঞ্চল, উষ্ণাগম)। ✗ বিণ. 1 তপ্ত, গরম; 2 প্রখর; 3 ক্রুদ্ধ। [সং. √ উষ্ + ণ]। |
| উষ্ণতা, উষ্ণত্ব | বি. | তাপ; তাপমাত্রা, temperature (বি. প.)। |
| উষ্ণপ্রস্রবণ | বি. | গরম জলের ঝরনা। |
| উষ্ণবীর্য | বিণ. | তেজস্কর; উত্তেজক। ✗ বি. সূর্য। |
| উষ্ণমণ্ডল | বি. | গ্রীষ্মপ্রধান অঞ্চল। |
| উষ্ণাগম | বি. | 1 গ্রীষ্মের আবির্ভাব; 2 গ্রীষ্মকাল। |
| উষ্ণা | বিণ. | সিদ্ধ। ✗ বি. সিদ্ধ চাল। [সং. উষ্ণ; তু. হি. উস্না]। |
| উষ্ণীষ | বি. | পাগড়ি, কিরীট। [সং. উষ্ণ + √ ঈষ্ + অ]। |
| উষ্ণীষকমল | বি. | বৌদ্ধতন্ত্রে বর্ণিত মস্তকস্থিত পদ্ম। |
| উষ্ম, উষ্মা (ষ্মন্) | বি. | 1 তাপ; 2 গ্রীষ্মকাল; 3 প্রখরতা; 4 ক্রোধ; উত্তেজনা; 5 তাপমাত্রা, temperature (বি. প.)। [সং. √ উষ্ + ম, মন্]। |
| উষ্ম, উষ্মাবর্ণ | বি. | (ব্যাক.) শ্বাসবায়ুর প্রাধান্যযুক্ত চারটি বর্ণ, যথা শ ষ স হ spriants. **উষ্মা প্রকাশ করা** – ক্রি. বি. রাগ করা। |
| উসকা | ক্রি. | 1 বাড়িয়ে দেওয়া (আগুনটা উসকে দাও); 2 উত্তেজিত করা; 3 প্ররোচিত করা (তুমি কেন ছেলেটাকে উসকে দিচ্ছ ?); 4 (ফোঁড়া ইত্যাদির মুখ) খোঁচা দিয়ে ফাটিয়ে দেওয়া। [বাং. √ উসকা]। |
| উসকানো | ক্রি. বি. | প্ররোচনা; উত্তেজিত করা। ✗ বিণ. প্ররোচিত; উত্তেজিত; বর্ধিত। |

| | | |
|---|---|---|
| উসকানি | বি. | প্রবর্ধন; উত্তেজনা; প্ররোচনা (তোমার উসকানিতেই ছেলেটা এ কাজ করেছে)। |
| উসকো-খুসকো | বিণ. | শুকনো ও শ্রীহীন; তেলহীন; রুক্ষ ও অবিন্যস্ত (উসকোখুসকো চেহারা, উসকোখুসকো চুল)। [দেশি]। |
| উস-খুস | বি. | অস্বস্তি বা অস্থিরতার ভাব প্রকাশ করা। [দেশি-তু. হি. অস্থস্]। |
| উসুল, উশুল | বি. | 1 আদায়; সংগ্রহ; 2 ক্ষতি পুষিয়ে দেওয়া, ক্ষতিপূরণ (এই ক্ষতি সে অল্প সময়ের মধ্যেই উসুল করে নেবে)। [আ. ওঅসূল]। |
| উস্তম-পুস্তম, উস্তম-ফুস্তম | বি. | জ্বালাতন; বিরক্তি। [ফা. উস্তন্ খুস্তন্]। |
| উহা, (অপ্র.) | উহ | সর্ব. ওই বা সেই ব্যক্তি প্রাণী বস্তু বা বিষয়; তা। [সং. অদস্]। |
| উঁহু | অব্য. | অসম্মতিসূচক ধ্বনি। |
| উহু, উঃ | অব্য. | বেদনা যন্ত্রণা বা কাতরতাসূচক ধ্বনি। |
| উহ্যমান | বিণ. | বয়ে নেওয়া হচ্ছে এমন; নীয়মান। [সং. √ বহ্ + মান (শানচ)]। |
| | | |
| **ঊ** | | |
| ঊ | বাংলা | ভাষার ষষ্ঠ স্বরবর্ণ; ঊ বর্ণে ও বানানে থাকলেও উচ্চারণ দীর্ঘ হয় না। সাধারণভাবে শব্দের প্রথম ও শেষ উকার দীর্ঘকাল ধরে উচ্চারিত না হলে শোনা যায় না। দীর্ঘ-উ ব দীর্ঘ উকারের প্রবর্তন এই কারণে। বাঙালী ব্যাকরণকারেরা চিন্তা না করে অতিসরলীকরনের পথে হেঁটেছেন। |
| ঊ-কার | বি. | ব্যঞ্জনবর্ণের সঙ্গে দীর্ঘ-ঊ যোগ। |
| ঊঢ় | বিণ. | 1 বিবাহিত (অনূঢ়); 2 বহন করা হয়েছে এমন, বাহিত। [সং. √ বহ্ + ত]। |
| ঊঢ়া | বিণ. (স্ত্রী.) | বিবাহিতা (নাবোঢ়া)। ✗ বি. ঊঢ়ি বিবাহ। |
| ঊন | বিণ. | 1 কম, ন্যূন (বয়সে ঊন, আপ্যায়নে ঊন, ঊনবিংশতি); 2 হীন; 3 দুর্বল, কমজোর। [সং. ঊন্ + অ]। |
| ঊনকোটি | বিণ. | প্রায় এক কোটি। |
| ঊনবিংশতি | বিণ. বি. | উনিশ সংখ্যা বা তার পূরক। |
| ঊনবিংশতি-তম | বিণ. | উনিশ সংখ্যার পূরক। |

| | | |
|---|---|---|
| ঊনআশি, ঊনচল্লিশ, ঊনত্রিশ, ঊননব্বই | | যথাক্রমে উনআশি, উনচল্লিশ, উনত্রিশ ও উননব্বই -এর অন্য বানান। |
| ঊনপাঁজুরে | | দ্র উনপাঁজুরে। |
| ঊরু-উরু | বি. | মানুষের কুঁচকি থেকে হাঁটু পর্যন্ত দেহাংশ। [সং. ঊর্ণু + উ]। |
| ঊরু, উরুস্তম্ভ | বি. | ঊরুতে যে দুষ্টব্রণ বা ফোঁড়া উদ্গত হয়ে ঊরুকে অবশ করে দেয়। |
| ঊর্জস্বল, ঊর্জস্বী | বিণ. | তেজস্বী; বলশালী। [সং. ঊর্জস্ + বল, বিন্]। |
| ঊর্ণনাভ, উর্ণনাভ | বি. | মাকড়সা। [সং. ঊর্ণা, উর্ণা + নাভি]। |
| ঊর্ণা, উর্ণা | বি. | ভেড়া বা ওইজাতীয় পশুর লোম, পশম। [সং. ঊর্ণু+ অ + আ]। |
| ঊর্ণা, উর্ণাময় | বিণ. | ভেড়ার লোম বা পশম দিয়ে তৈরি। |
| ঊর্ধ্ব | বি. | 1 উপরের দিক, উপরিভাগ (ঊর্ধ্বে দৃষ্টি স্থাপন করা); 2 উচ্চতা (উর্ধ্বে পাঁচ হাত); 3 বেশি (শতবৎসরের ঊর্ধ্বে)। ✗ বিণ. 1 উঁচু, উন্নত (ঊর্ধ্ব কণ্ঠ); 2 উপরে অবস্থিত (ঊর্ধ্বগগন)। [সং. উদ্ + √ হা + অ]। |
| ঊর্ধ্বগ, ঊর্ধ্বগামী (-মিন্) | বিণ. | উপরদিকে যাচ্ছে এমন; ক্রমশ উপরে উঠছে বা উঁচু হচ্ছে এমন। |
| ঊর্ধ্বগগন | বি. | উঁচু আকাশ, উপরের আকাশ ('ঊর্ধ্বগগনে বাজে মাদল': কাজি)। |
| ঊর্ধ্বগতি | বি. | উপরের দিকে যাওয়া, উপরে ওঠবার প্রবণতা। ✗ বিণ. উপরে উঠছে এমন (ঊর্ধ্বগতি দ্রব্যমূল্য)। |
| ঊর্ধ্বচারী (-রিন্) | বিণ. | 1 শূন্যে বিচরণকারী; 2 উচ্চাকাঙ্ক্ষী। |
| ঊর্ধ্বতন | বিণ. | 1 উপরে অবস্থিত, উপরিস্থ; 2 উচ্চতর অবস্থানে রয়েছে এমন (ঊর্ধ্বতন অফিসার)। |
| ঊর্ধ্বদৃষ্টি, ঊর্ধ্বনেত্র | বিণ. | চোখ উলটিয়ে রয়েছে এমন, শিবচক্ষুবিশিষ্ট। ✗ বি. 1 উপরের দিকে নিবদ্ধ দৃষ্টি, উদাস দৃষ্টি; 2 যোগদৃষ্টি, ভ্রূদ্বয়ের মধ্যে নিবদ্ধ দৃষ্টি। |
| ঊর্ধ্বদেহ | বি. | 1 মৃত্যুর পরে প্রাপ্ত শরীর; 2 সূক্ষ্ম দেহ। |
| ঊর্ধ্বপাতন | বি. | বাষ্পীকরণ প্রক্রিয়ায় নির্যাস নিষ্কাসন। |
| ঊর্ধ্ববাহু | বিণ. | হাত উপরে তুলে রয়েছে এমন। |
| ঊর্ধ্বরেতা (-তস্) | বি. | 1 শুক্র বা বীর্য ক্ষয় করেনি এমন পুরুষ; 2 শুক্র বা বীর্যের প্রভাব বা কামের উর্ধ্বে এমন ব্যক্তি; 3 শিব। |
| ঊর্ধ্বলোক | বি. | স্বর্গ। |
| ঊর্ধ্বশায়ী (-য়িন্) | বিণ. | চিত হয়ে শুয়ে আছে এমন। |
| ঊর্ধ্বশ্বাস | বি. | দ্রুত হাঁটাচলা বা শারীরিক পরিশ্রম করার ফলে ঘন ঘন শ্বাস। |

| | | |
|---|---|---|
| ঊর্ধ্বস্থ | বিণ. | উপরে আছে এমন। |
| ঊর্ধ্বাংশ | বি. | উপরের অংশ। |
| ঊর্ধ্বাকাশ | বি. | মাথার উপরের আকাশ। |
| ঊর্ধ্বাঙ্গ | বি. | শরীরের উপরদিক। |
| ঊর্বস্থি | বি. | 1 স্থূল বা মোটা হাড়; 2 ঊরুর হাড়। [সং. ঊরু + অস্থি]। |
| ঊর্মি | বি. | ঢেউ, তরঙ্গ। [সং. √ ঋ + মি]। |
| ঊর্মিভঙ্গ | বি. | সমুদ্রের যে ঢেউ তীরে বা পাহাড়ের গায়ে এসে আছড়ে পড়ে। |
| ঊর্মিমালা | বি. | পর পর অনেক ঢেউ। |
| ঊর্মিমালী (-লিন্) | বি. | সমুদ্র। |
| ঊর্মিলা | বিণ. | ঢেউ খেলানো; তরঙ্গপূর্ণ (ঊর্মিল সমুদ্র)। |
| ঊর্মিলা | বি. | লক্ষ্মণের পত্নী। |
| ঊষর | বিণ. | 1 যে মাটিতে ভাল ফসল উৎপন্ন হয় না, অনুর্বর (ঊষর মরু); 2 যার মাটি নোনা বা ক্ষারময়। [সং. √ ঊষ্ + র]। |
| ঊষসী, ঊষা | | যথাক্রমে উষসী ও উষা র বানানভেদ। |
| ঊষ্ম, ঊষ্মা | | যথাক্রমে উষ্ম ও উষ্মা র বর্জি. বানানভেদ। |
| ঊহিনী | বি. | সমষ্টি (অক্ষৌহিণী)। [সং. √ ঊহ্ + ইন্ + ঈ]। |
| ঊহ্য | বিণ. | 1 অনুক্ত, বলা বা উল্লেখ করা হয়নি এমন; 2 অনুমান করে নিতে হয় এমন, অনুমেয়। [সং. √ ঊহ্ + য]। |
| | | |